

হাতে মাত্র ৭ দিন সময়, অন্যথায় হবে জরিমানা

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ ফেব্রুয়ারি : উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ স্কুলগুলিকে আরও সাত দিনের সময় দিয়েছে। এর মধ্যে যদি স্কুলগুলি একাদশ-দ্বাদশ শ্রেণির প্র্যাকটিক্যাল পরীক্ষার নম্বর পোর্টালে না তোলে, তবে তাদের বিরুদ্ধে জরিমানা আরোপ করা হবে। গত বছরের ডিসেম্বর থেকে এ পর্যন্ত তিনবার পোর্টাল খোলা হয়েছে। কিন্তু তাতেও বহু স্কুল প্র্যাকটিক্যাল নম্বর পোর্টালে আপলোড করেনি। এমনকি, কিছু স্কুল ভুল নম্বরও আপলোড করেছে। এবার, ২০ ফেব্রুয়ারি থেকে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত সময় দেওয়া হয়েছে, যাতে স্কুলগুলি সঠিক নম্বর আপলোড করতে পারে এবং ভুল সংশোধন করতে পারে। সংসদ সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য এ বিষয়ে কড়া বার্তা দিয়ে জানান, ডিসেম্বর ও জানুয়ারির পর তিনবার পোর্টাল খোলা হয়েছিল, কিন্তু অনেক স্কুল নম্বর আপলোড করেনি। এবার যদি স্কুলগুলির পক্ষ থেকে নম্বর না আসে, তাহলে পরীক্ষার্থী পিছু এক হাজার টাকা জরিমানা দেওয়া হবে। এদিকে, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ একসময় জানায়, সেমিস্টার পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। তবে, ছাত্রছাত্রীদের অভিযোগের পর, তাদের অসুবিধার কথা মাথায় রেখে ক্যালকুলেটর ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে। এখন পর্যন্ত বেশ কিছু স্কুল নির্দিষ্ট সময়সীমার মধ্যে নম্বর পোর্টালে আপলোড করেনি এবং অনেকেই স্কুল নম্বরও জমা পাচ্ছে। শিক্ষা সংসদের তরফ থেকে আরও নির্দেশ দেওয়া হয়েছে যে, ২৮ ফেব্রুয়ারির পর যদি কোনও স্কুল নম্বর না জমা দেয়, তাহলে তাদের জরিমানা দিতে হবে। এছাড়া, গত বছরের ২ ডিসেম্বর থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত এবং জানুয়ারিতে ১০-১৫ দিনের জন্য পোর্টাল খোলা হয়েছিল। কিন্তু অনেক স্কুল নম্বর জমা দিতে ব্যর্থ হয়েছে, ফলে এবার আরও কড়া পদক্ষেপ নেওয়া হয়েছে। এটি পরবর্তী সময়ে পরীক্ষা ও ফল প্রকাশে কোনও ধরনের সমস্যা এড়াণোর জন্য, এবং সঠিক সময়ে সঠিক তথ্য আপলোড নিশ্চিত করতে করা হয়েছে।

ভারতে সঙ্গে শুষ্কযুদ্ধের দামামা ট্রাম্পের!

নয়াদিল্লি, ২২ ফেব্রুয়ারি : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ‘ সংোধন করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যদিও শুষ্কনীতির বোলায় ভারতকে বিন্দুমাত্র ছাড় দিতে রাজি নন তিনি। এমনকী একাধিক আমদানি পণ্যে শুষ্ক কমিয়ে, মোদির আমেরিকা সফরেও ভাল গলেনি! এবার চিন ও ভারতের উপরে পালটা কর চাপানোর নীতির কথা যোগা করলেন ট্রাম্প। জানিয়ে দিলেন, মার্কিন পণ্যে যেমন কর চাপানো হবে, পালটা চিক তেমন কর চাপানো হবে ভারত ও চিনের ক্ষেত্রে। শুষ্কনীতির ক্ষেত্রে কাঁড় তিন ও ভারতকে এক বন্ধনীতে ফেললেন ট্রাম্প। ট্রাম্প বলেন, আমরা শীতই পাল্টা শুষ্ক নীতির পথেই হতে। ওরা আমাদের উপর কর চাপাচ্ছে, আমরাও ওদের উপর কর চাপাব। সংস্থা হোক বা দেশ, চিন কিংবা ভারত। শুষ্ক চাপানো হচ্ছে, আমরাও তেমন পদক্ষেপ করব। যোগ করেন, আগে আমরা এই কাজ করিনি। ওয়াশিংটনে মোদির সঙ্গে ‘আমাদের সর্বোচ্চ শুষ্ক দিতে হয়। ট্রাম্প আরও বলেন, তিনি (মার্ক) একটি কোম্পানি চালাচ্ছেন বলেই দেখা করেছিলেন (মোদির সঙ্গে)। মার্কিন মোটরবাইক কোম্পানি হার্নে ডেভিডসনের উদাহরণ টেনে ট্রাম্প জানান, ভারতে আমদানি শুষ্ক বিপুল। সেই কারণেই ভারতে কারখানা নির্মাণে বাধা হয়েছে সংস্থাটি।

প্রধানমন্ত্রীর প্রধান সচিব পদে আরবিআই-এর প্রাক্তন গভর্নর

নয়াদিল্লি, ২২ ফেব্রুয়ারি : রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর পদ থেকে অবসরের পর এবার বড় দায়িত্ব পেলেন শক্তিকান্ত দাস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রধান সচিব পদে নিয়োগ করা হল তাঁকে। শক্তির নিয়োগ বিষয়ে মন্ত্রিপরিষদের অনুমোদনের পর শনিবার এই তথ্য প্রকাশ্যে আনা হয়েছে। ২০১৮ সাল থেকে রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর হিসেবে দায়িত্ব পালনের পর গত বছর এই দায়িত্ব থেকে অবসর নেন তিনি। এরপরই প্রধানমন্ত্রীর প্রধান সচিবের মতো গুরুত্বপূর্ণ দায়িত্ব দেওয়া হল তাঁকে। সালটা ২০১৬ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নোট বাতিলের সিদ্ধান্তের পর কেন্দ্রের সঙ্গে রীতিমতো সংঘাত শুরু হয় শীর্ষ ব্যাঙ্কের। আরবিআই-এর গভর্নর পদ থেকে ইস্তফা দেন রঘুরাম রাজন। এরপর উর্জিত প্যাটেল দায়িত্বে এলেও শীর্ষ ব্যাঙ্কের সঙ্কট অর্থ নিয়ে কেন্দ্র ও শীর্ষ ব্যাঙ্কের সংঘাত থামেনি। উর্জিতের ইস্তফার পর এই দায়িত্ব তুলে দেওয়া হয় প্রধানমন্ত্রী অত্যান্ত ঘনিষ্ঠ হিসেবে পরিচিত ১৯৮০ সালের ব্যাঙ্কের আইএএস আধিকারিক শক্তিকান্তের হাতে। ২০১৮ সালে এই দায়িত্ব নেওয়ার পর টানা ৬ বছর গভর্নর হিসেবে দায়িত্ব সামলান তিনি। এই দীর্ঘ সময় সোজা ট্রাকেই দৌতে থাকে শীর্ষ ব্যাঙ্ক। গত ডিসেম্বর মাসে



বিজ্ঞপ্তি জারি করা হয়েছে ডিপার্টমেন্ট অফ পাবলিসেল ট্রেনিং – এর তরফে। যেখানে বলা হয়েছে, কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদনে রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গভর্নর শক্তিকান্ত দাসকে প্রধানমন্ত্রীর প্রধান সচিব পদে নিযুক্ত করা হল। পরবর্তী নির্দেশ না আসা এই পদে থাকবেন তিনি। এর আগে গুরুত্বপূর্ণ এই পদে ছিলেন পিকে মিশ্র। ২০১৯ সালের ১১ সেপ্টেম্বর থেকে প্রধানমন্ত্রীর প্রধান সচিবের দায়িত্ব সামলেছেন তিনি। উল্লেখ্য, ১৯৮০ সালের

তৃণমূল নেতাকে পিটিয়ে খুনের অভিযোগে উত্তপ্ত বীরভূম! নেপথ্যে রাজনৈতিক দন্দ্ব?

দুরন্ত বার্তা, সিউডি, ২২ ফেব্রুয়ারি : আবার উত্তপ্ত হয়ে উঠলো বীরভূম। খুন হলেন এক তৃণমূল নেতা। একা পেয়ে বাইক থেকে নামিয়ে পিটিয়ে মারার অভিযোগ উঠল একদল দুচ্ছত্রীদের বিরুদ্ধে। শুক্রবার রাতে ঘটনাটি ঘটেছে কঁকড়ডালা থানার বড়রা গ্রামে। শনিবার তার মৃত্যু হয়েছে। ঘটনায় তীব্র উত্তেজনা এলাকায়। মোতায়েন রয়েছে বিশাল পুলিশ বাহিনী। পুলিশ সূত্রে জানতে পারা গিয়েছে, মৃত তৃণমূল নেতার নাম শেখ নিয়ামুল। শুক্রবার রাতে বড়রা বাসস্ট্যান্ড থেকে বাইকে করে বাড়ি ফিরছিলেন তিনি। সেই সময় আচমনকা গ্রামের গরিব পাড়া সংলগ্ন এলাকায় নিয়ামুলের উপর হামলা চালায় দুচ্ছত্রির দল। তাঁকে বাইক থেকে



হয় বলে দাবি পরিবারের। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় কঁকড়ডালা থানার

বিশাল পুলিশ বাহিনী। নিয়ামুলকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে সিউডি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে অবস্থার অবনতি হলে তাঁকে একটি সেন্সরকারি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। যাতায়াত পথে রক্তাক্ত রক্ত মূত্র হয়। মৃত তৃণমূল নেতার দাদা এনামুল শেখের অভিযোগ, তাঁরা তৃণমূলের উজ্জ্বল কাদেরির সঙ্গে থাকেন। সেই আক্রমণে কালো গোষ্ঠী তাঁর ভাইকে আক্রমণ করে। কালোর বাড়ির সামনে একটি লোহার অড়সে রাস্কেই তাঁর ভাইকে খুনের স্ট্রো করা হয়। অভিযুক্ত গোষ্ঠী লোকসভা নির্বাচনে বিজেপির হয়ে কাজ করত বলেও দাবি করেছেন এনামুল। এদিকে এই ঘটনাকে ঘিরে বড়রা গ্রামে ব্যাপক উত্তেজনা রয়েছে।

শান্তিপূর্ণ পরিবেশে সংগঠন নিয়ে কাটাচ্ছে ডা করতে বসে গেলেন সর্বহারাদের দল

দুরন্ত বার্তা, ডানকুনি, ২২ ফেব্রুয়ারি : বিরাট আয়োজন করা হবে আগুেই ইঙ্গিত পাওয়া গিয়েছিল। ডানকুনিতে সিপিএমের ২৭ তম রাজ্য সম্মেলনের শুরু হতে তা প্রত্যক্ষ করা গেল। পার্টিতে নানা সমস্যা অব্যাহত থাকলেও একেবারে ‘শান্তিপূর্ণ পরিবেশে সংগঠন নিয়ে কাটাচ্ছে ডা করতে বসে গেলেন সর্বহারাদের দল। ডানকুনির সম্মেলন কক্ষে বসেই নাকি শ্রমিক-কৃষকের স্বার্থে দিক নির্দেশিকা টিক হবে! নির্দেশনের রাজ্য সম্মেলন মার্চে-ময়দানে রাজনৈতিক লড়াইকে পাশে রেখে দলের নেতানৈত্রীরা মন দিলেন খাওয়া-দাওয়ায়। কোটি টাকা

বাজেট খাবার-দাবার-র আয়োজনে খামতি ছিল না। শনিবার দুপুরে ডানকুনির কোল কমপ্লেক্সের শান্তিমঞ্চে দলীয় পতাকা উত্তোলন করে সম্মেলনের সূচনা করে বামফ্রন্ট চোয়ারম্যান বিমান বসু। একে একে যোগ দেন পলিটব্যুরো সদস্য প্রকাশ কারাট, বৃন্দা কারাট, মহম্মদ সেলিম, মানিক সরকার, এম এ বেবি, অশোক ধাওয়ালে, সূর্যকান্ত মিশ্র, হান্নান মোল্লারা। এবারের সম্মেলনে বেশ কিছু ব্যতিক্রমী বিষয় দেখা গেল। ধর্মকে অস্বীকার করল না সিপিএম। শ্রীরামকৃষ্ণ, তারকেশ্বর মন্দির, গির্জার ছবি দিয়ে প্রদর্শনী দেখা গেল। শান্তিমঞ্চে বসেই। ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার আবার কমরেড সুলভ আচরণ মেনে মুষ্টিবদ্ধ হাত নয়, ভারতীয় সংস্কৃতি অনুযায়ী

করজোড়ে শহিদ দেবদত্তে নমস্কার করলেন তিনি। বিখ্যাত গণসঙ্গীত শিল্পী সলিল চৌধুরীর উপর প্রদর্শনী হচ্ছে রাজ্য সম্মেলনে। পরবর্তী অংশে মধ্যাহ্নভোজ। মোট ৮০০ জনের রান্না হয়েছে শনিবার। মাছতোতে বাঙালির মেনুতে ভাত, পিটল চিংড়ি, ফ্রেঞ্চ ফ্রাই, কাতলা কালিয়া, চাটনি। সন্ধ্যার স্ন্যাক্স চিকেন, ভেজ পুকারো। চা-কফি মিলবে ২৪ ঘন্টা। নৈশভোজে থাকছে পোলোও, রুমালি রুটি, চিকেন কারি। এতেই রসনাভৃগুতে হাঁত পড়ছে না। পাতে থাকবে রিষড়ার ফেলু মোদকের মিষ্টি, চণ্ডীতলার ভাপা নলেনগুড়ের সন্দেশ। এবারের রাজ্য সম্মেলনে আলোচনার মূল বিষয়, দলের কর্মসংখ্যা হ্রাস। নিদ্দুকদের কটাক্ষ, কর্মী সংকট থাকলেও কমরেডদের পাতে পদের কমতি ছিল না।

চিনে বাদুড়ের দেহে মিলল নতুন করোনো ভাইরাস, সংক্রমিত করছে মানুষকেও!

২২ ফেব্রুয়ারি : আবারও কি কিরবে করোন। আতঙ্কের সেই কালো দিনগুলো। তাই নিয়ে উঠছে নানা প্রশ্ন। তবে সেকথা এখনই বলা কঠিন। কিন্তু চিনে বাদুড়ের দেহে নতুন করোনো ভাইরাসের সন্ধান পাওয়া, উদ্বেগ কিছুটা বাড়ছে বলা যেতে পারে। জানা গিয়েছে, এই নতুন ভাইরাসের নাম HKU5-CoV-2। এবং প্রাথমিক পরীক্ষায় পরিষ্কার হয়ে গিয়েছে, সম্ভবত এই ভাইরাস মানুষের শরীরকেও সংক্রমিত করার ক্ষমতা রাখে। কেননা এশের সেল-সারফেস প্রোটিনের গঠন অবিকল সার্স-কোভ-২-এর মতোই! ‘সেল’ নামের এক বিজ্ঞান বিষয়ক জার্নালে প্রকাশিত হয়েছে এই সংক্রান্ত এক গবেষণাপত্র। ‘ব্যাট উন্ডম্যান’ নামে পরিচিত ভাইরোলজিস্ট শি ঝেংলির

নেতৃত্বে এক গবেষক দল ওই গবেষণা চালিয়েছে। আর তারপরই গুয়ানঝাউয়ের গবেষণাগারে আবিষ্কৃত হয়েছে নয়া করোনো ভাইরাস। সত্যিই কি এই পাওয়া, উদ্বেগ কিছুটা বাড়ছে বলা সৎক্রমণ ছড়াতে পারে? বিজ্ঞানীরা বলছেন, সেই সম্ভাবনা প্রবল। কেননা পুরো করোনো ভাইরাসের সঙ্গে এর গঠনের আশ্চর্য মিল রয়েছে। তবে এই বিষয়ে নিশ্চিত হতে আরও পরীক্ষার প্রয়োজন রয়েছে। এরপক্ষে বলে রাখা ভালো, সারা পৃথিবীতে আতংঘ্য করোনো ভাইরাস রয়েছে। যাদের

মধ্যে সামান্যই মানুষকে সংক্রমিত করার ক্ষমতা রাখে। ২০১৯ সালের শেষ দিকে চিন থেকে গোটা বিশ্বে

ছড়িয়ে পড়ে মারণ করোনো ভাইরাস। যার কবলে পড়ে গোটা বিশ্বে ৭০ লক্ষের বেশি মানুষের মৃত্যু হয়। অতিমারীর সেই ভয়ংকর দিন যেন


নারী সুরক্ষা নিয়ে কেন্দ্রের উদাসীনতা, তৃণমূলের তীব্র প্রতিবাদ

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ ফেব্রুয়ারি : নির্ভয়া তহবিলের টাকা এখনও খরচ হয়নি। এই নিয়ে সরকারের বিরুদ্ধে একগুচ্ছ প্রশ্ন তুলে সরব হয়েছে তৃণমূল কংগ্রেস। সংসদের স্বরাষ্ট্র বিষয়ক স্থায়ী কমিটির বৈঠকে নারী সুরক্ষা নিয়ে কেন্দ্র সরকার উদাসীন বলে অভিযোগ করেছেন



কেন এবং কোন খাতে করা হয়েছে, তা জানতে চেয়েছে তৃণমূল কংগ্রেস। সংসদীয় বৈঠকে তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও ব্রায়ান পরিসংখ্যান তুলে ধরে বলেছেন, ‘ নির্ভয়া তহবিলের বরাদ্দের মাত্র এক তৃতীয়াংশ খরচ হয়েছে? বাকি টাকা কোথায় গেছে? এই তহবিলের অর্থ মহিলাদের নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থা মজবুত করার জন্য বরাদ্দ করা হয়েছিল। কিন্তু আজও তার ব্যবহার হচ্ছে না।’ এর পাশাপাশি, মহিলা সংরক্ষণ বিল পাস হওয়া সত্ত্বেও তা কার্যকর করার ক্ষেত্রে সরকারের উদাসীনতা নিয়ে তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে তীব্র সমালোচনা করেছে। মহিলাদের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে সরকার কেন যথাযথ পদক্ষেপ নিচ্ছে না, তা নিয়ে তৃণমূল নেতারা উদ্বেগ প্রকাশ করেছেন। এই বৈঠকে তৃণমূলের প্রতিনিধিরা আরও এক গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরেছেন। তারা উল্লেখ করেছেন যে, সরকার জেল

সমবায় মন্ত্রকের মাধ্যমে দেশে অনেক কিছুর বিপ্লব ঘটেছে: অমিত শাহ



পুরে, ২২ ফেব্রুয়ারি : মহারাষ্ট্রের পুणे-তে শনিবার জনতা সংসদকারী ব্যাঙ্ক লিমিটেডের অমৃত মহোৎসবের সমাপনী অনুষ্ঠানে অংশ নিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ। এদিন সমবায় মন্ত্রকের গুরুত্ব তুলে ধরে অমিত শাহ বলেছেন, সমবায় মন্ত্রকের মাধ্যমে দেশে অনেক কিছুর বিপ্লব ঘটেছে। অমিত শাহ বলেছেন, প্রধানমন্ত্রী মোদি ভারতের জন্য দু’টি লক্ষ্য স্থির করেছেন - ২০৪৭ সালের মধ্যে বিশ্বশক্তি ভারত এবং ৫ ট্রিলিয়ন অর্থনীতি। এই দু’টি লক্ষ্য সমবায় ক্ষেত্রে অবদানের মাধ্যমে অর্জন করা যেতে পারে এবং সেই কারণেই তিনি কেন্দ্রীয় সমবায় মন্ত্রকের সূচনা করেছেন। অমিত শাহের মাধ্যমে, দেশে অনেক কিছুর বিপ্লব ঘটেছে। মন্ত্রক ‘সহকারি সে সমৃদ্ধি’ নীতির উপর কাজ করে এবং এই জনতা সহকারি ব্যাঙ্কও একই ধারায় কাজ করে। কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ আরও বলেছেন, আমাদের দেশে ১,৪৬৫টি শহুরে সমবায় ব্যাঙ্ক রয়েছে এবং ৪০০টিরও বেশি শুধুমাত্র মহারাষ্ট্রে রয়েছে। আমরা একটি আমরোলা সংস্থা সক্রিয় করছি, যা সমস্ত সম্ভাব্য উপায় সমস্ত সমবায় ব্যাঙ্ককে সাহায্য করবে। আমরোলা সংস্থার জন্য ৬০০ কোটি টাকার বাজেটও সুনিশ্চিত করা হয়েছে।

আধুনিকীকরণের জন্য বরাদ্দের মাত্র এক চতুর্থাংশ খরচ করতে পেরেছে। সেই সঙ্গে আন্দমান-নিকোবর দ্বীপপুঞ্জ এবং লাক্ষাদ্বীপের জন্য ৮৮ কোটি টাকা বরাদ্দ করা হলেও, সেখানে মাত্র এক লক্ষ টাকা খরচ হয়েছে-এই প্রশ্নও তোলা হয়েছে। তৃণমূল কংগ্রেসের অভিযোগ, তারা। বিশেষ করে, মহিলা সংরক্ষণ বিল পাস হওয়ার পরেও তা কার্যকর করার ক্ষেত্রে সরকার কেন পদক্ষেপ নেয়নি, সে বিষয়ে তৃণমূল কংগ্রেস স্পষ্ট প্রশ্ন তুলেছে। স্বরাষ্ট্র মন্ত্রকের বরাদ্দ নিয়ে আলোচনা শুরু হয়েছে গত বহুস্পতিবার থেকে। বিশেষত এবারের বাজেটে সীমান্ত পরিকাঠামোর জন্য প্রায় আশি শতাংশ বৃদ্ধি করা হয়েছে। এই বৃদ্ধি

সরকারের উন্নয়ন পরিকল্পনাগুলোর বাস্তবায়ন নিয়ে যথেষ্ট গাফিলতি রয়েছে। সঠিকভাবে বরাদ্দের টাকা খরচ না হলে, জনগণের কাছে এই সমস্ত প্রকল্পের কার্যকারিতা নিয়ে সন্দেহ সৃষ্টি হবে। কংগ্রেস সাংসদ অজয় মাকেনও এই বৈঠকে উপস্থিত ছিলেন। তিনি দিল্লি পুলিশের কাছে প্রশ্ন তুলেছেন, ‘ ও শিশুদের বিরুদ্ধে অপরাধের কত মামলা নিথিভুক্ত হয়েছে এবং মোট

কত মামলা বকেয়া রয়েছে?’ তিনি দাবি করেছেন, ‘ সুরক্ষায় সরকার যথাযথ পদক্ষেপ নিচ্ছে না এবং পুলিশও অপরাধী শনাক্ত করতে ব্যর্থ হচ্ছে।’ বিজেপি সাংসদ নবীন জিন্দালও তাদের দাবিতে যোগ দিয়েছেন। তিনি দিল্লি-হরিয়ানার সিন্ধু সীমানা দীর্ঘদিন ধরে আটকে থাকার কারণে মানুষের সমস্যা হচ্ছে বলে উল্লেখ করেছেন। সিন্ধু সীমানায় কৃষক আন্দোলনের কারণে মানুষ ভীষণভাবে সমস্যায় পড়ছে। সেখানকার পরিস্থিতি দ্রুত সুরাহা করা প্রয়োজন, এমনটাই দাবি করেছেন তিনি। এই বৈঠকে সরকারের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস এবং বিরোধী দলগুলোর সরব হয়েছে। রাজনৈতিক অঙ্গনে আলোচনা শুরু হয়েছে যে, সরকার তাদের বরাদ্দের টাকা কীভাবে ব্যবহার করছে এবং নারীদের নিরাপত্তার জন্য কেন যথাযথ পদক্ষেপ নেওয়া হচ্ছে না।

শ্রীলতাহানির অভিযোগ ঘিরে ধুকুমার প্রেসিডেন্সিতে

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ ফেব্রুয়ারি : যাদবপুরে গভীর রাতে হস্টেলে প্রবেশাধিকার চেয়ে বিক্ষোভের পর এবার পড়ুয়াদের মধ্যে সংঘর্ষে উত্তপ্ত হয়ে উঠল প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়। সঙ্গীতানুষ্ঠানে ছাত্রীর শ্রীলতাহানির মতো গুরুতর অভিযোগে পরিস্থিতি এমনই উত্তপ্ত হয়ে উঠল যে সঙ্গীতানুষ্ঠানই আঁতুল করতে হল। অভিযোগ, বহিরাগতদের অভ্যতারা শিগাং দিয়েছেন এক ছাত্রী। আর তা ঘিরে আইসি এবং এসএফআই-এর ঝামেলা পৌঁছে গেল একেবারে মধ্যে। যার জেরে মধ্যে উঠতে পারলেন না সঙ্গীতশিল্পীরা। স্ট্রো কব্জিলাদীরা। অন্তর্বর্তী সরকার তাদের প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে পঠনপাঠন শিখরে উঠেছে। শোশাল মিডিয়ায় একাধিক পোস্ট থেকে ঘটনা সম্পর্কে যা জানা যাচ্ছে, তা খানিকটা এরকম-ছাত্র সংগঠন আইসির তরফে নবীন বরণের অনুষ্ঠান ‘ চলছিল শুক্রবার। ম্রাতক স্তরের তৃতীয় বর্ষের ছাত্রী মঞ্জষ্ঠা বসু পোস্টে অভিযোগ তুলেছেন, ওই অনুষ্ঠানের মাঝে বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র অহন কর্মকার ঢুকে গণিত বিভাগের দ্বিতীয় বর্ষের এক ছাত্রীর শ্রীলতাহানি করে। শুধু তাই নয়, মারধর করে মাইক্রোফোন কেড়ে নেওয়ার অভিযোগও ওঠে অহনের বিরুদ্ধে। তা নিয়ে এমন পরিস্থিতি তৈরি হয় যে মধ্যে দুপক্ষের বাকবিতণ্ডা, হাতাহাতি শুরু হয়। ঝামেলা আরও বাড়ে বিষয়টিতে রাজনৈতিক রং লাগার ফলে।

জামাতাই গিলে খাবে ইউনুসকে! দাগী যুদ্ধাপরাধীকে ছাড়তে ডেডলাইন

টাকা, ২২ ফেব্রুয়ারি : জামাত ও বৈষম্যবিরোধী ছাত্ররাই বাংলাদেশে ক্ষমতায় বসিয়েছিল মহম্মদ ইউনুসকে। কিন্তু এখন তারাই রুটী তাদের উপর। এবার এক দাগী যুদ্ধাপরাধীকে জেল থেকে মুক্ত করতে ইউনুসকে ডেডলাইন বৈধে দিল মৌলাবাদীরা। অন্তর্বর্তী সরকার উপর কাজ করে এবং এই জনতা সহকারি ব্যাঙ্কও একই ধারায় কাজ করে। কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ আরও বলেছেন, আমাদের দেশে ১,৪৬৫টি শহুরে সমবায় ব্যাঙ্ক রয়েছে এবং ৪০০টিরও বেশি শুধুমাত্র মহারাষ্ট্রে রয়েছে। আমরা একটি আমরোলা সংস্থা সক্রিয় করছি, যা সমস্ত সম্ভাব্য উপায় সমস্ত সমবায় ব্যাঙ্ককে সাহায্য করবে। আমরোলা সংস্থার জন্য ৬০০ কোটি টাকার বাজেটও সুনিশ্চিত করা হয়েছে।

চাইছে জামাত। এমনটা মনে করেন অনেকেই। গত বছর জুলাইয়ের ছাত্র আন্দোলনকে হিংসাত্মক করে তোলার অভিযোগে জামাতকে নিষিদ্ধ করে দেয় তৎকালীন শেখ হাসিনা সরকার। কিন্তু ইউনুস ক্ষমতায় আসার কয়েকদিনের মধ্যেই দিল মৌলাবাদীরা। অন্তর্বর্তী সরকার ক্ষমতায় আসার পর থেকেই তাদের উপর প্রভাব খাটিচ্ছে জামাত। পাকপন্থী দলটির বহু সদস্যই এখন সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে বসে রয়েছে। ইউনুসের সঙ্গে প্রতিনিষত আলোচনাও চলেছে জামাতের নেতাদের। ফলে অনেকে বিশ্লেষকই বলেন, এই মৌলবাদী দলের কাছে হাত-পা বাধা অন্তর্বর্তী সরকারের। ইউনুসকে ক্ষমতায় বসিয়ে পরোক্ষ দেশ শাসন করতে

ট্যাংরা কাণ্ড প্রণয়-প্রসূনকে জেরার ভাবনা পুলিশের

দুরন্ত বার্তা, কলকাতা, ২২ ফেব্রুয়ারি : পরিবারের সদস্যরা মিলে একসঙ্গে ‘আত্মহত্যার পরিকল্পনা’। কিন্তু পারিপার্শ্বিক তথ্য ও প্রমাণ দেখে হতবাক হল পুলিশ আধিকারিকরা। অন্তরে তাড়ম্বা পরিবারের একসঙ্গে মিলে আত্মহত্যার পরিকল্পনা করলে ব্যাপারটা এমনটা হয় না। বরং তথ্য ও প্রমাণ লোপাটের বছর দেশে ট্যাংরার অভুল সুর লেনে বাঁড়ি দুই বো ও কিশোরী মেয়েকে যে বেশ কয়েকদিন ধরে নিষ্ঠুর ছক কষে খুন করা হয়েছে, সেই ব্যাপারেই অনেকটা নিশ্চিত পুলিশ আধিকারিকরা। একসঙ্গে আত্মহত্যার হুক, অথচ কোথাও কোনও সুইসাইড নোটের চিহ্ন নেই। বাড়িতে ছিল ২২টি সিগারেট। কিন্তু প্রত্যেকটির তারের সংযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন করে দেওয়া হয়, যাতে কোনও প্রমাণ না থাকে। ঘটনা ঘটানো হয়েছে অন্ধকারে। করণ, মঙ্গলবার সন্ধ্যা থেকে জ্বালানো হয়নি বাড়ির আলো। সকাল থেকে বন্ধ করে রাখা হয় বাড়ির প্রত্যেকের মোবাইল। একের পর এক অদৃশ্য হয়ে গেছে পুলিশের সন্দেহ হয়। পরিবারের তিজ্ঞানকে খুনে পুলিশের সন্দেহের তির পরিবারের ছোট ছেলে প্রসূন দে-র দিকে। যদিও বড় ছেলে প্রণয় দে-কেও সন্দেহের আওতা থেকে বাদ দিচ্ছে না পুলিশ। তার মূল কারণ হাসপাতালে শুয়ে প্রণয় ও প্রসূনদের অসঙ্গতিপূর্ণ বয়ান। সূত্রের ইঙ্গিত, রহস্যভেদের জন্য শনিবাইই প্রণয় ও তারপর প্রসূনকে অন্য হাসপাতালে নিয়ে গিয়ে নিজেদের হেফাজতে নিতে পারে পুলিশ। হোমে পাঠানো হতে পারে বালক প্রতীককে। এমনকী, বাড়ির সবাইকে বিষ পায়ের খাণ্ডানোর পরও প্রণয় বা প্রসূন আল্টো নিজেরা খেয়েছিলেন কি না, তা নিয়েই সৃষ্টি হয়েছে বিভ্রান্তি। মেয়ে ও স্ত্রীদের হত্যার পর তাঁরা কোথাও পালানো চেষ্টা করছিলেন কি না, তা নিয়েও উঠেছে প্রশ্ন। এমনকী, মেয়ে ও স্ত্রীদের খুনের পর যখন টারার বাড়ি থেকে গাড়ি করে বেরনের সময়ও বড় ছেলে প্রণয়ের হাতে যে বোতলটি ছিল বলে সিগিটিভির ফুটেছে ধরা পড়ছে, সেটি । মদের বোতল বলে পুলিশের সন্দেহ। বাইপাসে মেট্রোর পিলারে ধাক্কা দেওয়ার আগে চলন্ত গাড়িতে দুই ভাই মদ্যপান করেন, এমন সন্দেহ পুলিশ উড়িয়ে দিচ্ছে না।

দেোধী সাব্যস্ত সলমন রুশদির হামলাকারী, হতে পারে অন্তত ৩০ বছরের জেল

নিউ ইয়র্ক,২২ ফেব্রুয়ারি : ‘দ্য স্যাটিনিক ভার্সেস’-এর লেখক তথা ব্রুকারজরী লেখক সলমন রুশদির উপরে হামলায় দেোধী সাব্যস্ত হাদি মাতারা। ২৭ বছরের আততায়ীর ন্যূনতম ৩০ বছরের কারাদণ্ড হতে পারে বলে মনে করা হচ্ছে। আগামী ২৬ এপ্রিল নিউ ইয়র্কের আদালতে সাজা ঘোষণা করা হবে। কয়েকদিন আগেই শুক হুয়েছিল বিচার প্রক্রিয়া। রুশদির আইনজীবী দাবি করেন, কোনও সংশয় ছাড়া গায়ের জোরে বারবার ছুরির কোপ মারা হয়েছিল ৭৭ বছরের সাহিত্যিকের। ‘খুনের চেষ্ঠা’ ও ‘সম্পন্ন হামলা’র অভিযোগ আনা হয় তার বিরুদ্ধে। অবশেষে মাতারকে দেোধী সাব্যস্ত করা হয়েছে। তার বিরুদ্ধে যে যে ধারায় অভিযোগ আনা হয়েছে তাতে অন্তত ৩০ বছরের সাজা হওয়ার কথা ওই যুবকের।

প্রসঙ্গত, হামলার দিন নিউ ইয়র্কের চাউটাউক্সা ইন্সটিটিউশনে ভাষণ দিতে গৌঁজন রুশদি। চিক ছিল সেখানে

‘আমেরিকায় শরণার্থী লেখকেরা’ বিষয়ের উপর প্রখ্যাত সাহিত্যিকের সঙ্গে কথা বলবেন সঞ্চালক হেনরি রিস। আলোচনা হওয়ার কথা ছিল আগামী বছর প্রকাশে আসতে চলা রুশদির উপন্যাস ‘ভিকট্রি সিটি’ নিয়েও। কিন্তু সে সব অথরাই থেকে

হয়। এক চোখের দৃষ্টিভঙ্গি ও একটি হাত নাড়াচাড়া করার শক্তি হারিয়েও দীর্ঘ চিকিৎসার পর সুস্থ হয়ে ওঠেন রুশদি। এদিকে জানা যায়, হামলাকারীর নাম হাদি মাতারা। সেই সময় তার বয়স ছিল ২৪। সে নিউ জার্সির বাসিন্দা ছিল।



মহাকুস্তের ৪১-তম দিন, এযাবৎ ৫৯.৩১ কোটির বেশি ভক্তের পুণ্যস্নান সম্পন্ন

প্রয়াগরাজ, ২২ ফেব্রুয়ারি : উত্তর প্রদেশের প্রয়াগরাজে শনিবার ৪১-তম দিনে পড়ল মহাকুস্ত মেলা। গঙ্গা, যমুনা ও সরস্বতীর মিলনস্থল, ত্রিবেণী সঙ্গমে শনিবারও পুণ্যস্নান করেছেন বিপুল সংখ্যক পুণ্যাধীরা। এখনও পর্যন্ত মহাকুস্তের সঙ্গমে পুণ্যস্নান করেছেন ৫৯.৩১ কোটিরও বেশি ভক্ত। শুধুমাত্র শনিবার ভোররাত থেকে সকাল ৮টা পর্যন্ত পুণ্যস্নান করেছেন ৩৩.১০ লক্ষের বেশি ভক্ত।উল্লেখ্য, গত ১৩ জন্মযারি থেকে শুরু হওয়া কুস্তমেলো চলবে আগামী ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত, আর মাত্র কিছু দিন বাকি। দেশ ও বিশেষ থেকে এখনও বিপুল সংখ্যক মানুষ প্রয়াগরাজে আসছেন, সঙ্গমে আস্থার ডুব দেওয়ার জন্য। শনিবারই ত্রিবেণী সঙ্গমে পুণ্যস্নান করেছেন লক্ষ লক্ষ ভক্ত। মহাকুস্তে এই নিয়ে ৬টি অমৃতস্নান সম্পন্ন হয়েছে। পরবর্তী পুণ্যস্নান হবে আগামী ২৬ ফেব্রুয়ারি (মহা শিবরাত্রি)। সেই দিনই মহাকুস্ত মেলার সমাপ্তি।

রাজ্যপূর রমেন ডেকার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ প্রজাপিতা ব্রন্মাকুমারী বিশ্ববিদ্যালয়ের পরিচালকের



রায়পুর, ২২ ফেব্রুয়ারি : ছত্তিশগড়ের রাজ্যপূর রমেন ডেকার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন প্রজাপিতা ব্রন্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালকা। জানা গেছে, প্রজাপিতা ব্রন্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালক ব্রন্মাকুমারী (বি. কে) সবিতা শনিবার রাজভবনে সাক্ষা করেন ছত্তিশগড়ের রাজ্যপাল রমেন ডেকার সঙ্গে। তিনি শিবরাত্রি উৎসব উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রমেন ডেকাকে আমন্ত্রণ জানান। উপস্থিত ছিলেন বি. কে রশ্মি, বি. কে পূর্ণিমা, মণীশ ধৃধওয়ানি প্রমুখ।

আজ রমন লাম্বার প্রয়াণ দিবস



কলকাতা, ২২ ফেবরয়ারি :রমন লাম্বা ভারতীয় ক্রিকেটে একজন জনপ্রিয় খেলোয়াড় ছিলেন। ভারতের এই জনপ্রিয় ক্রিকেটার ক্রিকেটের অঙ্গনে বৈশিদিন থাকতে পারেননি। তিনি বাংলাদেশ ক্রিকেট লিগে খেলার সময় মাথায় ক্রিকেট বলে গুরুতর আঘাত পেয়ে অভ্যন্তরীণ রক্তক্ষরণের কারণে কোমায় চলে যাওয়ার পর তিন দিন লড়াই করে ২৩ ফেব্রুয়ারি ১৯৯৮ সালে মারা যান। রমন লাম্বার মৃত্যুতে সারা বিশ্ব থেকে শ্রদ্ধাঞ্জলি জানানো হয়।রমন লাম্বার জন্ম ২ জানুয়ারি ১৯৬৩ সালে মিরাতে । তিনি একজন ডানহাতি ব্যাটসম্যান ছিলেন। তিনি ১৯৮০-৮১ সালে তিনি রঞ্জি ট্রফি কেরিয়ার শুরু করেন এবং ১৯৯৭-৯৮ মরসুমে তার মৃত্যুর আগে পর্যন্ত খেলে গেছেন।তিনি ৮৭টি ম্যাচে ৫৩.৯১ গড়ে ৬,৩৬২ রান করেন, যার মধ্যে ৫টি ডাবল সেঞ্চুরি সহ ২২টি সেঞ্চুরি আছে।প্রথম-শ্রেণীর ক্রিকেটে, তিনি ৫৬.৮৪ গড়ে মোট ৮,৭৭৬ রান করেন এবং ১৭৫টি ইনিংসে ৩১টি সেঞ্চুরি এবং ২৭টি অর্ধশতক করেন। রমন লাম্বা ১৭ ডিসেম্বর ১৯৮৬ সালে কানপুরে শ্রীলংকার বিপক্ষে টেস্ট অভিষেক হয়। খেলেছেন তিনটি টেস্ট, কেরেছেন ১০২ রান।গড় ছিল ৩৩.৬৭।আর একদিনের অভিষেকে লাম্বার দুর্দান্ত উদ্বোধনী ব্যাটিং ছিল। তিনি তার প্রথম ম্যাচে ৬৪ এবং দ্বিত্ব ক্রিকেটে, তিনি ৫৬.৮৪ গড়ে মোট ৮,৭৭৬ রান করেন এবং ১৭৫টি ইনিংসে ৩১টি সেঞ্চুরি এবং ২৭টি অর্ধশতক রান। খেলেছেন ৩২ টি একদিনের ম্যাচ, করেছেন ৭৮৩ রান।

পুসা কৃষি বিজ্ঞান মেলার উদ্বোধন করলেন শিবরাজ, কথা বললেন কৃষকদের সঙ্গে

নয়াদিল্লি, ২২ ফেব্রুয়ারি : পুসা কৃষি বিজ্ঞান মেলার উদ্বোধন করলেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান। শনিবার সকালে নতুন দিল্লির পুসা ক্যাম্পাসে পুসা কৃষি বিজ্ঞান মেলার উদ্বোধন করেছেন কেন্দ্রীয় কৃষি, কৃষক কল্যাণ ও গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান। উদ্বোধনের পর তিনি কথা বলেন কৃ ষকদের সঙ্গে।তিনি দিনব্যাপী এই মেলার থিম হল উন্নাত কৃষি - বিকশিত ভারত। আগামী ২৪ ফেব্রুয়ারি সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে থাকবেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী রামনাথ ঠাকুর এবং ভগীরথ চৌধুরী। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী রামনাথ ঠাকুর এদিন বলেছেন, কৃষি বিজ্ঞান মেলার মূল লক্ষ্য হল, কৃষকদের অনুপ্রাণিত করা এবং শিক্ষিত করা। শনিবার সমগ্র দেশের কৃষি বিজ্ঞান মেলার



আয়োজন করা হচ্ছে।অন্যদিকে এয়ার ইন্ডিয়ায় বিমানে ভাঙা আসন বরাদ্দ করা হল কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানকে। আর তাতেই বেজায় চটে গিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী। এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষকে তিরস্কার করেছেন শিবরাজ। পরে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে ক্ষমা চেয়েছে এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষ।শনিবার সামাজিক

এফবিআই-এর ডিরেক্টর হলেন কাশ প্যাটেল, গীতা ছুঁয়ে নিলেন শপথ

ওয়াশিংটন, ২২ ফেব্রুয়ারি : ভারতীয় বংশোদ্ভূত কাশ প্যাটেল আমেরিকার এফবিআই-এর নবম ডিরেক্টর হিসেবে আনুষ্ঠানিকভাবে শপথ নিয়েছেন। এফবিআই-এর ডিরেক্টর হওয়া নিজের জীবনের এক বিরাট সন্মান হিসেবে উল্লেখ করছেন প্যাটেল। গত বৃহস্পতিবার আমেরিকার সেনেটে ৫১-৪৯ ভোটে কাশের নিয়োগ অনুমোদিত হয়। দুই রিপাবলিকান তার বিরুদ্ধে ভোট দিয়েছেন। বাইডেন প্রশাসনের অবসানের পর ক্রিস্টোফার রে পদত্যাগ করায় কাশ প্যাটেল তাঁর



স্থলাভিষিক্ত হলেন।আমেরিকায় গীতা ছুঁয়ে মার্কিন গোয়েন্দা সংস্থা এফবিআই-এর প্রধান হিসাবে শপথ গ্রহণ করলেন ভারতীয় বংশোদ্ভূত

কাশ প্যাটেল। এই প্রথম কোনও

ভারতীয় বংশোদ্ভূত এফবিআই-এর প্রধান হিসাবে নির্বাচিত হয়েছেন।

আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড



পাটানা, ২২ ফেব্রুয়ারি : লালু রাজ আর কোনও দিন ফিরবে না বিহারে, তেজস্বীকে কটাক্ষ গিরিরাজের

ছিল। ওই আসনে বসতে অস্বস্তি হচ্ছিল। আমি যখন এয়ারলাইন স্টাফদের জিজ্ঞাসা করলাম, খারাপ থাকা সঙ্গেও এই আসন কেন আমায় বরাদ্দ করা হল, তাঁরা আমাকে বলেছে, ম্যানেজমেন্টকে আগেই জানানো হয়েছিল যে এই আসনটি ভাল নয় এবং এর টিকিট বিক্রি করা উচিত নয়। আমার ধারণা ছিল, টাটা দায়িত্ব নেওয়ার পরে এয়ার ইন্ডিয়ায় পরিবেশার উন্নতি হবে, কিন্তু তা আমার ভুল ধারণায় পরিণত হয়েছে।শিবরাজের এই টুইটের পরই ক্ষমা চেয়েছে এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষ। তাঁরা জানিয়েছেন, এই অসুবিধার জন্য আমরা ক্ষমাপ্রার্থী। অনুগ্রহ করে নিশ্চিন্ত থাকুন, ভবিষ্যতে আর এই ধরনের ঘটনা না ঘটে সেজন্য আমরা এই বিষয়টি সাবধানতার সঙ্গে দেখছি। আমরা আপনার সঙ্গে কথা বলার সুযোগ চাইছি।

ট্রাম্পের বিশেষ ঘনিষ্ঠ কাশ। তাঁর

শপথগ্রহণ অনুষ্ঠানেও ট্রাম্প উপস্থিত ছিলেন। কেন তিনি কাশকে পছন্দ করেন, কেন তাঁকেই এই পদের জন্য সবচেয়ে উপযুক্ত বলে মনে হয়, জানিয়েছেন ট্রাম্প। শনিবার হোয়াইট হাউসের ইইওবি ভবনে ভারতীয় চুক্তি কক্ষে কাশের শপথগ্রহণের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। অনুষ্ঠান পরিচালনা করেন আমেরিকার আর্টর্নি জেনারেল পাম বন্ডি। এফবিআইয়ের ডিরেক্টর হিসাবে শপথগ্রহণের সময়ে গীতার উপরে হাত রেখেছিলেন কাশ।

লালু রাজ আরও কোনও দিন ফিরবে না বিহারে, তেজস্বীকে কটাক্ষ গিরিরাজের

তেজস্বী যাদব দাবি করছেন বিহারে তাঁরা সরকার গঠন করবেন, তেজস্বীর এই মন্তবের প্রেক্ষিতে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, তেজস্বী যাদবকে বিষয়গুলি কল্পনা করা থেকে কে আটকাত পারে?শনিবার সকালে পাটনায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে গিরিরাজ সিং বলেছেন, তিনি মনে মনে সরকার গঠন করতে চাইলে, তা করতেই পারেন। কিন্তু প্রকৃত সরকার জনগণই ঠিক করবে এবং তাঁরা জানে লালু রাজ বিহারে আর ফিরবেন না। মহাকুস্ত নিয়ে বিরোধীদের সমালোচনার জবাব দিয়ে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, লোক তাদের নিজস্ব ধারণার ভিত্তিতে কথা বলছে। কিন্তু সনাতন ধর্মকে অপমান করা ঠিক নয়।

বিবেকানন্দ সেবা সন্মান ২০২৫-এ ভূষিত কার্তিক মহারাজ



ক্ষেত্রে সেবা এবং স্বাস্থ্যসেবার পরিস্থিতিতে ভারত সরকার তাঁকে ‘পদ্মশ্রী’ সন্মানে ভূষিত করেছে। ১৯৮২ সালে তিনি বেলভাঙায় হিন্দু মিলন মন্দির প্রতিষ্ঠার মাধ্যমে নিজের কাজ শুরু করেন এবং বেলভাঙায় ভারত সোনারসন্ধ্যাও প্রতিষ্ঠা করেন। তাঁর সেবা সম্প্রসারণের অংশ হিসেবে, তিনি ৬টি প্রাণবান্দ্য বিদ্যা মন্দির, পিছিয়ে পড়া আদিবাসী শ্রেণীর শিশুদের জন্য একটি ছাত্রাবাস, শিশুদের জন্য একটি পার্ক, একটি খেলার মাঠ, একটি কল্যাণ এবং একটি গোয়ালঘর এবং একটি বৃহ পুকুর তৈরি করেন, যা তাঁর সমিচ্চার পরিপূর্ণতার একটি প্রশংসনীয় কাহিনী। তাঁর নিরন্তর প্রচেষ্টার ফলে,

লরেটো কলেজে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

কলকাতা, ২২ ফেব্রুয়ারি : চলতি বছরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের ২৫ বছর পূর্তি। সেই উপলক্ষে শুক্রবার কলকাতার লরেটো কলেজ ভাষাগত বৈচিত্র্য ও মাতৃভাষার গুরুত্ব তুলে ধরতে বিশেষ উদযাপনের আয়োজন করেছিল। উল্লেখ্য, উত্তর-পূর্ব ভারতের অসংখ্য ভাষা, উপভাষা ও সংস্কৃতির সংমিশ্রণ এই অঞ্চলের অন্যতম বৈশিষ্ট্য, যা বহুভাষিকতা ও সাংস্কৃতিক ঐক্যের প্রতিচ্ছবি। বিশ্বায়নের ফলে অনেক ভাষা হারিয়ে যাওয়ার ঝুঁকি থাকলেও, ভাষার সংরক্ষণ ও প্রচার, সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষা, শিক্ষার উন্নয়ন ও শান্তিপূর্ণ সমাজ গঠনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই, রাজতত্ত্বজ্ঞপ্তির এই বছর কলেজের তরফে উত্তর-পূর্ব ভারতের ভাষাগত ও সাংস্কৃতিক বৈচিত্র্য উদযাপন করা হয়। এর ফলে শিক্ষার্থীদের মধ্যে ভাষা ও সংস্কৃতির প্রতি শ্রদ্ধা ও সচেতনতা



তৈরি করবে বলে মনে করছেন কলেজ কর্তৃপক্ষ।অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন সাহিত্য একাডেমির প্রাক্তন রিজিওনাল সেক্রেটারি এবং বিশ্বভারতী প্রধুন বিপাদের প্রাক্তন আধিকারিক ও লেখক রামকুমার মুখোপাধ্যায়। তিনি তাঁর বক্তব্যে উপস্থিত পড়ুয়াদের হারিয়ে যাওয়া ভাষাগুলির রক্ষা এবং তার বিপদের ঠিকগুলি যেনম উপস্থাপিত করেন,

রাজ্যের ভিন্ন ভাষা, লিপি, ব্যবহার, সংস্কৃতি এবং তাদের বর্তমান লেখকদের চর্চা ক্ষেত্রকে উল্লেখ করেন এবং অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ থাকে, উওর পূর্ব ভারতের ছাত্রীদের নিয়ে তৈরি একটি প্যানেল। এই প্যানেলে উপস্থিত ছিলেন আরম, সিলেট, নাগাল্যান্ড, মিজোরাম, মনিপুর এবং পাঁচজন ছাত্রী। তাদের অঞ্চলের ভাষার ইতিহাস, বৈচিত্র্য, লোকায়ত জীবন এবং এই মাতৃভাষার ওপর প্রচলিত ভাষার আগ্রাসনের নীতি নিয়ে নিজেদের অভিমত প্রকাশ করেন তারা। ছিল বাংলার সুর, ভাষা আন্দোলনের ইতিহাস এবং উত্তর পূর্ব ভারতের কয়েকটি বিশেষ নৃত্যের সুন্দর উপস্থাপনা। এছাড়াও উপস্থাপিত হয় ভাষা আন্দোলনের ইতিহাস, ইউনেস্কোর থিম, উত্তর পূর্ব ভারতের ভাষা মানচিত্র দিয়ে তৈরি প্রদর্শনী।

ত্রিবেণী সঙ্গমের পবিত্র জল পৌঁছলে কারাগারে, উত্তর প্রদেশে পুণ্যস্নান ৯০ হাজার বন্দির

লখনউ, ২২ ফেব্রুয়ারি : প্রয়াগরাজের ত্রিবেণী সঙ্গমের পবিত্র জল পৌঁছলে উত্তর প্রদেশের বিভিন্ন কারাগারে। কারাগারেই মহাকুস্তের অভিজ্ঞতা উপলব্ধি করলেন বন্দিরা, পবিত্র জল দিয়ে পুণ্যস্নান করেছেন প্রায় ৯০ হাজার বন্দি। উত্তর প্রদেশের জুড়ে ৭৫টি কারাগারে বন্দি প্রায় ৯০ হাজার বন্দিকে মহাকুস্তের পবিত্র স্নান করার সুযোগ দেওয়া হয়েছে, ত্রিবেণী সঙ্গমের পবিত্র জল লখনউ, অযোধ্যা এবং আলিগড়ের বিভিন্ন শহরের জেলে নিয়ে আসা হয়েছিল।এক জেলাধিকারিক বলেছেন, ত্রিবেণী সঙ্গমের পবিত্র জল নিয়মিত জলের সঙ্গে মিশ্রিত করা হয়েছিল এবং ছোট ট্যাঙ্কগুলিতে সংরক্ষণ করা হয়েছিল, বন্দিদের পবিত্র স্নান করতে এবং কারাগারেই প্রার্থনা করার অনুমতি দেওয়া হয়েছিল। উত্তর প্রদেশের কারা মন্ত্রী দারা সিং চৌহান লখনউতে অনুষ্ঠানে যোগ দেওয়ার সময় বলেন, প্রায় ৯০ হাজার বন্দিকে পবিত্র স্নান করার সুযোগ দেওয়া হয়েছিল।

আজ প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান, এবারের পর্ব ১১৯-তম



নয়াদিল্লি, ২২ ফেব্রুয়ারি : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৩ ফেব্রুয়ারি, রবিবার মাসিক মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের মানুষের সঙ্গে নিজের চিন্তাবাদনা ভাগ করে নেবেন। ২৩ ফেব্রুয়ারি (রবিবার) আবারও স্নো যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত। এবারের মন-কি-বাত অনুষ্ঠানটি হবে ১১৯-তম পর্ব।২৩ ফেব্রুয়ারি, রবিবার বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত অনুষ্ঠান সম্প্রচারিত হবে। প্রতিবারের মতো এবারও প্রধানমন্ত্রী মোদী মন-কি-বাত অনুষ্ঠানে কী বক্তব্য রাখেন, তা জানার অপেক্ষায় সমগ্র দেশবাসী।

হোলি নিয়ে বেফাঁস মন্তব্য করে বিপাকে ফারহা, অভিযোগ দায়ের

মুম্বই, ২২ ফেব্রুয়ারি : রঙের উৎসব হোলি নিয়ে বিতর্কিত মন্তব্য করে বিপাকে পড়লেন ফারহা খান। তাঁর বিরুদ্ধে দায়ের হয়েছে অভিযোগ। ফারহা সম্প্রতি মন্তব্য করেছেন, হোলি ‘ছাপরি’দের অনুষ্ঠান! ফারহা খানের এই মন্তব্য মানুষের ভাষাবোগে আঘাত হেনেছে বলে অভিযোগ উঠেছে। ইতিমধ্যেই ‘ হিন্দুস্তানি ভাউ’ নামে পরিচিত বিকাশ ফতক নামে এক ব্যক্তি খার থানায় ফারহা'র বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছেন।‘ হিন্দুস্তানি ভাউ’-এর আইনজীবী এ প্রসঙ্গে জানিয়েছেন, ফারহা'র এই ধরনের মন্তব্য সাম্প্রদায়িক। এই ধরনের বক্তব্য বিশেষ উৎসবকে খার্টো করে দেখানো হয়েছে। পাশাপাশি, হিন্দুদেরও অসম্মানিত করা হয়েছে। যা ক্ষম্মার অযোগ্য।

কেজরিওয়াল সরকার দিল্লির রাস্তার অবস্থা খারাপ করে তুলেছেঃকপিল মিশ্র

নয়াদিল্লি, ২২ ফেব্রুয়ারি : দিল্লির পূর্বতন সরকার ও আম আদমি পাটির তীব্র সমালোচনা করলেন দিল্লির মন্ত্রী কপিল মিশ্র। শনিবার কপিল মিশ্র বলেছেন, অরবিন্দ কেজরিওয়ালের সরকার দিল্লির রাস্তার অবস্থা আরও খারাপ করেছে। সর্বত্রই সড়ক হয় ভাঙা অথবা ধুলাবালি, রয়েছে গর্ত ও জলাবদ্ধতা।কপিল মিশ্র আরও বলেছেন, মন্ত্রিসভার সমস্ত মন্ত্রীরা আজ রাস্তায় নেমেছেন, কর্মকর্তাদের সব রাস্তা ঠিক করতে হবে, তাতে কোনও সন্দেহ নেই। অরবিন্দ কেজরিওয়ালের কাজ না করার সংস্কৃতি, সেই সংস্কৃতি এখন হয়ে যাচ্ছে। সমস্ত বিভাগের আধিকারিকদের বুঝতে হবে, এখন কাজগুলি প্রধানমন্ত্রী মোদীর অধীনে হচ্ছে এবং এটি মু্যমন্ত্রী রেখা গুপ্তার সরাসরি নির্দেশে।

আজ মধ্যপ্রদেশ অছেন প্রধানমন্ত্রী, রাত্রিবাস করবেন রাজভবনে

ভোপাল, ২২ ফেব্রুয়ারি :প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ, রবিবার মধ্যপ্রদেশ সফরে যাচ্ছেন। সারা দিন অনেক কর্মসূচির পর ভোপালের রাজভবনে রাত্রিবাস করবেন প্রধানমন্ত্রী মোদী। শনিবার ভোপালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ডঃ মোহন যাদব বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মধ্যপ্রদেশে পৌঁছবেন। তিনি প্রথমে সংগঠনের সভা পরিচালনা করবেন এবং তারপর রাজভবনে রাতে বিশ্রাম নেবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভোপালে রাত কাটিয়েছেন এমন অনেক বছর হয়ে গিয়েছে। শ্রোবাল ইনভেন্টরি সানিট ২০২৫ সম্পর্কে তিনি বলেছেন, ২৪ এবং ২৫ ফেব্রুয়ারি দেশে বিনিয়োগের জন্য ঐতিহাসিক তারিখ হতে চলেছে।

মরিশাসের জাতীয় দিবসে প্রধানমন্ত্রী মোদী, আগ্নুত সে দেশের প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২২ ফেব্রুয়ারি : মরিশাসের জাতীয় দিবস উদযাপনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মরিশাসের প্রধানমন্ত্রী নবীন রামগুলাম নিজেই এই কথা জানান। মরিশাসের সংসদে প্রধানমন্ত্রী ঘোষণা করেন, আসন্ন জাতীয় দিবসের উদযাপনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তাঁর মতো একজন রাষ্ট্রনেতাকে আপ্যায়নের সুযোগ অনেক বড় সম্মানের বলেই উল্লেখ করেন তিনি।সংসদে মরিশাসের প্রধানমন্ত্রী বলেন, অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আমার আমন্ত্রণ গ্রহণ করেছেন এবং জাতীয় দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে আসতে বাজি হয়েছেন। এটা আমাদের দেশের সৌভাগ্য যে তাঁর মতো বিশিষ্ট ব্যক্তি নিজের ব্যস্ততার মধ্যেও আসতে বাজি হয়েছেন।উল্লেখ্য, ১৯৬৮ সালে ব্রিটিশ শাসন থেকে স্বাধীনতার বার্ষিকী উপলক্ষে মরিশাস প্রতি বছর ১২ মার্চ দিনটি জাতীয় দি়স হিসেবে উদযাপন করে। রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্ত গাত বছর মরিশাসের জাতীয় দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দিয়েছিলেন।

ছত্তিশগড়ে বৃষ্টির পূর্বাভাস, তপমাত্রা হ্রাসের সম্ভাবনা

রায়পুর, ২২ ফেব্রুয়ারি : ছত্তিশগড়ে বৃষ্টির সম্ভাবনার কথা জানানোে আবহাওয়া দফতর। রায়পুর আবহাওয়া দফতরের পূর্বাভাস অনুযায়ী, আগামী ২৪ ঘণ্টায় ছত্তিশগড়ের উত্তরাঞ্চলে কিছু হ্রানে বৃষ্টি হতে পারে। এছাড়া, কিছু এলাকায় বজ্রপাত-সহ বড় হাওয়ার সম্ভাবনারও রয়েছে। আবহাওয়া দফতরের মতে, আগামী দুই দিনে সর্বনিম্ন তাপমাত্রা ২-৬ ডিগ্রি

সেলসিয়াস এবং সর্বোচ্চ তাপমাত্রা ১-২ ডিগ্রি সেলসিয়াস কমতে পারবে।সেতিহে তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২১ ডিগ্রি সেলসিয়াস থাকার সম্ভাবনা রয়েছে। গত ২৪ ঘণ্টায় রাজ্যের মধ্যে সর্বোচ্চ তাপমাত্রা ৩৫.২ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে।

দুরন্ত বার্তা

রাম মন্দির চত্বরে জনশ্রোত, রামলালার দর্শন লক্ষাধিক পুণ্যাধীর



অযোধ্যা, ২২ ফেব্রুয়ারি : প্রয়াগরাজের কুস্তমেলায় প্রতিদিনই আসছেন লক্ষ লক্ষ পুণ্যাধী। ত্রিবেণী সঙ্গমে পুণ্যস্নানের পরই অযোধ্যা যাচ্ছেন অধ্যক্ষের পুণ্যাধী, সঙ্গমে পুণ্যস্নানের পর অযোধ্যায় রামমন্দিরও দর্শন করছেন। আর তাই রামমন্দিরে প্রতি দিন ভিড়ের তাপ বাড়ছে। শনিবারও রামমন্দির চত্বরে ব্যাপক ভিড় দেখা গেল পুণ্যাধীদের।গত কয়েক দিনে বিপুল জনসমাগম হয়েছে রামমন্দির দর্শনে। দূরদূরান্ত থেকে আসা পর্যটক এবং পুণ্যাধীরা পুণ্যস্নানের পাশাপাশি অযোধ্যায় যাচ্ছেন মন্দির দর্শনে। শনিবার সকালেও শ্রীরাম জন্মভূমি মন্দির চত্বরে ব্যাপক ভিড় দেখা গিয়েছে ভক্তদের।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

১০ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ, রবিবার, ইংরেজীঃ২৩ফেব্রুয়ারী ২০২৫, ৫৩৮ তেতালা, কলিঃ৫২২৫, সৌরঃ০৫ ফাল্গুন, চান্দ্রঃ ৬ গোবিন্দ মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাহু, ২৫৬৮ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ০৬ ফাল্গুন ১৪৩১, ভারতীয় সিডিঃ ০৭ ফাল্গুন ১৯৪৬, মৈতৈঃ৬ ফহিরেন, আসামঃ৩০ মাঘ, মুসলিমঃ ৫-শা'বান-১৪৪৬ হিজরী।শীতলা ষষ্ঠীসূর্য উদয়ঃসকাল ০৬ঃ১৬ঃ৫০ এবং অস্তঃবিকাল ০৫ঃ২৩ঃ৫৯।চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ৪০ঃ৪৮(৪) এবং অস্তঃরাত্রি ১১ঃ২৫ঃ২১(৪)।শুক্র পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) শেষ রাত্রি ঘ ০৫ঃ১৬ঃ৩৩ দং ৫ঃ৬০ঃ১২.৫ পর্যন্তক্ষত্রঃঅশ্বিনী রাত্রিঃ১২ঃ৪৬ঃ১২ দং ৪৬ঃ১৪ঃ০ পর্যন্ত পরে ভরগীকরণঃগর রাত্রিঃ ০৬ঃ৫৭ঃ২৮ দং ৩০ঃ৬২ঃ২.৫ পর্যন্ত পরে বণিজযোগঃশুভ শেষ রাত্রি ঘ ০৬ঃ০৬ঃ৫৭ দং ৫২ঃ৬১ঃ২.৫ পর্যন্ত পরে শুক্রমৃত্যুযোগঃদিন ০৮ঃ৩০ঃ ২১ থেকে - ১০ঃ৪৬ঃ৪৭ পর্যন্ত, তারপর ১২ঃ৫৭ঃ১৩ থেকে - ০২ঃ ২৬ঃ৫০ পর্যন্ত, তারপর ০৩ঃ১০ঃ ৩৯ থেকে - ০৪ঃ০৯ঃ৩৬ পর্যন্ত এবং রাত্রি ০৫ঃ২৪ঃ০৪ থেকে - ০৬ঃ১৫ঃ৩৬ পর্যন্ত, তারপর ০৮ঃ ৫০ঃ১০ থেকে - ১১ঃ২৪ঃ৪৪ পর্যন্ত, তারপর ০১ঃ৫৯ঃ১৮ থেকে - ০৬ঃ৪২ঃ২১ পর্যন্ত।কুলিকবেলাঃ দিন ১২ঃ৫৭ঃ১৩ থেকে - ০১ঃ ৪১ঃ৪১ পর্যন্ত।কুলিকরাত্রিঃ১২ঃ ১৫ঃ১৬ থেকে - ০১ঃ০৭ঃ৪৭ পর্যন্ত।বারবেলাঃদিন ০৭ঃ৪০ঃ১৯ থেকে - ০৯ঃ০৩ঃ৪৩ পর্যন্ত। কালবেলাঃদিন ০১ঃ৩৬ঃ৫৪ থেকে - ০২ঃ৩৭ঃ১৭ পর্যন্ত। কালরাত্রিঃ ০৭ঃ০০ঃ৪১ থেকে - ০৮ঃ৩৫ঃ১০ পর্যন্ত।গ্রহমুফট (সূর্য উদয় কালীন)ঃ রবিঃ৯২ঃ০৩৩ (২২) ৪ পদচন্দ্রঃ ০১ঃ৫০ঃ২১ (২১) ১ পদমঙ্গলঃ ২২ঃ৬২ঃ০ (৭) ২ পদবৃঃ ৯২১৫ঃ১৪৫ (২২) ৪ পদ বৃহস্পতিঃ১১ঃ৭২ঃ১৯ (৪) ৩ পদ শুক্রঃ১১ঃ৩৮ঃ১৮ (২৬) ১ পদ শনিঃ১০ঃ০৪ঃ৩২ (২৫) ১ পদ রাহুঃ১১ঃ৪৩ঃ৪৩ (২৬) ২ পদকেতুঃ ৫ঃ৭৪ঃ৪৩ (১২) ৪ পদমঙ্গল বক্রি ২ঃ২৩ঃ৫৫ পর্যন্ত। বক্রি লগ্নঃমকর রাশি সকাল ০৬ঃ৪৭ঃ২৭ পর্যন্ত। কুস্ত রাশি সকাল ০৮ঃ২০ঃ৫০ পর্যন্ত। মীন রাশি সকাল ০৯ঃ৫১ঃ৫৪ পর্যন্ত। মেষ রাশি সকাল ১১ঃ৫২ঃ২৭ পর্যন্ত। বৃষ রাশি দুপুর ০১ঃ৩০ঃ৫২ পর্যন্ত। মিথুন রাশি দুপুর ০৩ঃ৪৪ঃ১০ পর্যন্ত। কর্কট রাশি বিকাল ০৫ঃ৫৫ঃ ৫৪ পর্যন্ত। সিংহ রাশি সকাল ০৮ঃ ১১ঃ১৩ পর্যন্ত। কন্যা রাশি রাত ১০ঃ২১ঃ২৪ পর্যন্ত। তুলা রাশি রাত্রি ১২ঃ৩৫ঃ৫৫ পর্যন্ত। বৃশ্চিক রাশি শেষ রাত্রি ০২ঃ৫১ঃ১০ পর্যন্ত। ধনু রাশি শেষ রাত্রি ০৪ঃ৫৬ঃ৩৭ পর্যন্ত।

আবহাওয়া

শনিবার দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় বৃষ্টির সম্ভাবনা। আবার শুষ্ক থাকবে কয়েকটি জেলা। তেননাটই পূর্বাভাস হাওয়া অফিসের তত্ত্বেরজানা গেছে, এদিন হালকা বৃষ্টি হতে পারে দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুর্কলিয়া, বাকুড়া, ও নদিয়ায়। তবে এদিন শুষ্ক থাকার সম্ভাবনা হাওড়া, কলকাতা, হুগলি, দুই বর্ধমান, রীরাভূম ও মুর্শিদাবাদ। শুক্রবার কলকাতা এবং আশেপাশের অঞ্চলে সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা যথাক্রমে ২৯ ডিগ্রি এবং ১৯ ডিগ্রির আশেপাশে থাকবে।এদিকে উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও মালদার একটি বা দুটি অংশে হালকা বৃষ্টি হতে পারে। শুষ্ক থাকার সম্ভবনা আলিপুরদুর্গা, কোচবিহার, দুই দিনাজপুর বৃষ্টি হতে পারে। জোয়ার-সকাল৯ টা ৫৫ মিনিট এবং রাত ১১টা ৫৫ মিনিট। ভাটী-সকাল ৯ টা ৫৫মিনিট। সূর্যউদয় সকাল ৬ টা ৫৫মিনিট। সূর্যঅস্ত সন্ধ্যা ৬ টা ১৫মিনিট এবং অস্ত ৫টা ৩৬মিনিট

নদীয়ার বঙলাতে আর্থিক দুর্নীতি

দুরন্তবার্তা, ২২ ফে ৯ নদীয়ার বঙলা দু’নম্বর পঞ্চায়েতে ৪৮৮টি জাল সার্টিফিকেট দেওয়ার অভিযোগে সরকারি দুই আধিকারিকসহ আরো দুই পঞ্চায়েত কর্মী গ্রেফতার। পঞ্চায়েতে আর্থিক দুর্নীতি ও জাল সার্টিফিকেট দেওয়ার অভিযোগে গ্রেফতার হয়েছেন পঞ্চায়েতের সরকারি আধিকারিক সহ আরো দুই কর্মী। ঘটনাটি বঙলা দুই নান্দার গ্রাম পঞ্চায়েতের। অভিযোগ ২০১৮ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত বঙলা দুই নান্দার গ্রাম পঞ্চায়েত ছিল তৃণমূলের দখলে। সেই সময় ব্যাপক দুর্নীতি হয়েছে বলেই দাবি করেন রানাঘাট উত্তর-পূর্ব বিধানসভার বিজেপি বিধায়ক অসীম বিশ্বাস। দুর্নীতির দায়ে পঞ্চায়েত সেক্রেটারি সহ আরো দুই গ্রেপ্তার। ধৃতদের আজ রানাঘাট মহকুমা আদালতে পাঠায় হাঁসখালি থানার পুলিশ। এই ঘটনায় রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। এর আগেই বারংবার অভিযোগ উঠছিল বিভিন্ন রকম দুর্নীতির। এবার জাল সার্টিফিকেট দেওয়ার অভিযোগ ছাড়াও রয়েছে সরকারি বিভিন্ন প্রকল্পের টাকা তহরুপের অভিযোগও। আর এই দুর্নীতির কারণে গ্রেফতার হয় বঙলা দুই নান্দার গ্রাম পঞ্চায়েতের সেক্রেটারি প্রকাশ রায় সহ আরো তিনজন। হাঁসখালি থানার পুলিশ দুর্নীতি ও জাল সার্টিফিকেট দেওয়ার অভিযোগে মোট চারজনকে গ্রেফতার করেছে। এই ঘটনা নিয়ে বঙলা দুই নান্দার গ্রাম পঞ্চায়েতের প্রধান সুমিত্রা বিশ্বাস বর্মন জানান, পুলিশ পুলিশের মত কাজ করবে এ বিষয়ে আমার কিছু বলার নেই। এ ব্যাপারে হাসখালি পঞ্চায়েত সমিতির সভাপতি শিল্পী বিশ্বাস বলেন, মোট ৪৮৮টি ভূম্যে জন্ম সার্টিফিকেট তৈরি করা হয়েছে। যেটা কোনোভাবেই সম্ভব নয়। যেখানে একটা পঞ্চায়েতের একটা গ্রামে বছরের তিনটের থেকে চারটে শিশু জন্মায় সেক্ষেত্রে এই বিপুল শিশু জন্মের যে সার্টিফিকেট তৈরি হয়েছে তার সম্পূর্ণ জাল। সরকারি নথিতে ছাড়া ব্লক জুড়েও এত শিশু জন্মায়নি। সাংবাদিকরা সভাপতিকে প্রশ্ন করেন তাহলে কি হাসপাতালে প্রতি মানুষের আস্থা নেই বলেই কি বাড়িতে সন্তান জন্ম নিয়েছে? এ প্রশ্নের উত্তরের সভাপতি বলেন আমরা আশা কর্মী হেলথ সেন্টার এমনকি বঙলা গ্রামীণ হাসপাতালে নথিতে এর এক তৃতীয়াংশ শিশুর জন্মের নথি পাইনি। জানা নথি করার অভিযোগ এই পঞ্চায়েতের চারজন কর্মীকে গ্রেফতার করা হয়েছে এবং তিনি চান পুলিশ প্রশাসন করা হাতে দৌরীদের বিরুদ্ধে ব্যবস্থা নিক। এ ব্যাপারে হাঁসখালির বঙলা দু’নম্বর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি বলেন সম্পূর্ণ দু’নম্বরই করে জাল জন্ম সার্টিফিকেট করা হয়েছে। তিনি বলেন শুধু চারজনকে গ্রেফতার করলে হবে না এর সাথে গ্রাম পঞ্চায়েতের প্রধান কেউ গ্রেফতার করতে হবে। কারণ তিনি তার অফিসে জাল জন্ম সার্টিফিকেটের ব্যাপারটা এড়িয়ে যেতে পারেন না। পাশাপাশি তিনি বলেন এর পেছনে যদি কংগ্রেস, তৃণমূল, সিপিএম, বিজেপির যে দলের লোকই থাক না কেন তাদেরকেও গ্রেফতার করতে হবে। তবে আরো মানে ৪৮৮টি জন্ম সার্টিফিকেট জাল করা হয়েছে তার প্রমাণ হাসখালি থানার পুলিশ পেয়েছে। একজন অভিযোগ করেছেন তার ভিত্তিতে এররকারি চারজন কর্মচারী গ্রেফতার হয়েছেন। চার অভিযুক্তকে আজ রানাঘাট আদালতে তোলা হয়েছে।

বাংলাদেশি জঙ্গিদের রুখতে বৈঠক

দুরন্তবার্তা, ২২ ফে হাংলাদেশি জঙ্গিদের হামলা রুখতে কলকাতায় গোপন বৈঠক করলেন ডোভাল। বাংলা নিয়ে উদ্ভিন্ন কেন্দ্র জঙ্গিদের অনুপ্রবেশ ও সীমান্তের নিরাপত্তা নিয়ে শীর্ষ গোয়েন্দা কর্তাদের সঙ্গে কলকাতায় বৈঠক করলেন অজিত ডোভাল। দুদিনের সিঙ্কেট মিশন ও বৈঠক করে তাজ বেঙ্গল থেকে দিল্লির উদ্দেশ্যে উড়ে গেলেন ভারতের ‘জেমস বন্ড’। মাও নেতা দেবজিৎ কাটা কম সুন্দরম কলকাতায় আশ্রয় নিয়েছেন। পশ্চিমবঙ্গ থেকে মাওবাদীদের একাধিক শীর্ষ নেতারা আশ্রয় নিয়ে খুব সুকৌশলে রসদ এবং অস্ত্র সংগ্রহ করছেন। খুব শীঘ্রই দেশের ৮ টি বিভিন্ন রাজ্যের গোয়েন্দা সংস্থা সহ কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থাদের নিয়ে বৈঠক হতে চলেছে। যে বৈঠকে বিভিন্ন রাজ্যের গোয়েন্দা সংস্থাগুলি সহ কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থাদের মধ্যে দেশবিরোধী জঙ্গি কার্যকলাপ নিয়ে তথ্য আদান প্রদান হবে। কিন্তু তার আগে কলকাতায় এসে টানা ৪৮ ঘন্টা একটি হোটেলে গোপনে ম্যারাথন বৈঠক করে গেলেন অজিত ডোভাল। তিনি নিজে দেশের নিরাপত্তা উপদেষ্টার প্রাণ।

কেবল আই পি এস ক্যাটাগরির এই দক্ষ গোয়েন্দা প্রধান কম কথা বলেন। কিন্তু বথ তথ্যের ভাভার তার কাছে রয়েছে। তিনি দিল্লিতে গোয়েন্দা কর্তাদের স্বেকে না পাঠিয়ে নিজে কলকাতায় এসে ৪৮ ঘন্টা তাজ বেঙ্গল হোটেলে থেকে ম্যারাথন বৈঠক করার পেছনে অন্যতম কারণ হিসেবে সূত্রের খবর তার কাছে নিদ্রিষ্ট তথ্য ও এসে পৌঁছোচ্ছে যে পাকিস্তানের চারজন গুপ্তচর তারা পশ্চিমবঙ্গে প্রবেশ করেছেন। সেই তথ্যগুলি পাশাপাশি মাওবাদীদের শীর্ষ নেতা দেবজিৎকে যে কোনো মূল্যে কিভাবে গ্রেফতার করা যায় ও সম্ভ্রতি ছত্রিশগড়ে যে ৩১ জন মাওবাদী নেতা খতম হয়েছেন তার যে শীর্ষ নেতা সে কলকাতায় দিনের পর দিন কিভাবে আত্মগোপন কহেছিল এইসব নিয়েই বৈঠকে দীর্ঘ আলোচনা হয়। বাংলাদেশের জঙ্গি সংগঠন আনসারুল্লা বাংলাো, জামাতুল মুজাহিদ্দিন বাংলাদেশ ও আল কায়েদা তার বেশ কিছু শীর্ষ নেতা পশ্চিমবঙ্গে প্রবেশ করেছে। সূত্রের খবর ,এমন এই তিন জঙ্গি সংগঠন প্রসঙ্গে গুরুত্বপূর্ণ তথ্য অজিত ডোভালের কাছে রয়েছে। যা তিনি দিল্লিতে শীর্ষ গোয়েন্দা কর্তাদের ডেকে বৈঠক করার চেয়ে নিজের দ্রুত কলকাতায় এসে সেই তথ্য শেয়ার করা এবং সে ব্যাপারে কি পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যায় তা নিয়ে ছক করতে কলকাতায় ৪৮ ঘন্টা ব্যাপী গোপনে অপারেশন বৈঠক করলেন বলে সূত্রের খবর। জানা গেছে, বিভিন্ন জেলে থেকে বিগত দিনের যে সকল জঙ্গী কার্য-কলাপের জন্য ব্যক্তিরা চিহ্নিত হয়েছেন তাদের বিষয়ে তথ্য আদান-প্রদানের পাশাপাশি কলকাতা শহরে এবং পশ্চিমবঙ্গের সীমান্ত এলাকায় নজরদারি বাড়ার পর যে ২২টি স্লিপার সেল জঙ্গিদের হয়ে কাজ করতে ধীরে ধীরে শক্তি বাড়াচ্ছে এবং দেশের অন্যান্য রাজ্যে তাদের সদস্যদের পরিকল্পনা নিয়েছে তাদের চিহ্নিত করতে প্রয়োজনীয় তথ্য অজিত দোভাল তার এই বৈঠকের মাধ্যমে তুলে ধরেছেন। পশ্চিমবঙ্গ জঙ্গি কার্যকলাপ চালানোর জন্য বাংলাদেশী তিনটি জঙ্গি সংগঠন ব্যাপকভাবে টাগেট করেছে এই তথ্যকে সামনে রেখে আগামী দিন কিভাবে একাধিক জঙ্গি সংগঠনগুলিকে চিহ্নিত করতে হবে এবং তাদের খতম করতে হবে তারও পরিকল্পনা এই দুদিনের ম্যারাথন বৈঠকে হয়েছে বলে সূত্রের খবর। বাংলাদেশের বর্তমান পরিস্থিতিতে পশ্চিমবঙ্গে আগামী দিন কি হতে পারে জঙ্গি সংগঠন গুলির ভূমিকা সে বিষয়ক অজিত ডোভাল গোয়েন্দা কর্তাদের আগাম সতর্ক করেছেন বলে জানা গিয়েছে। গোয়েন্দাদের একাংশের দাবি খুব গুরুত্বপূর্ণ বিষয় না থাকলে অজিত ডোভালের মত দু’দে গোয়েন্দা কর্তা অতি সহজে দিল্লি ছেড়ে কোথাও যান না। কলকাতায় তার আগমন এবং ৪৮ ঘন্টা একটি হোটেলে ম্যারাথন এই একের পর এক গোপন বৈঠককে তাই যথেষ্ট গুরুত্ব হিসেবে দেখছেন গোয়েন্দা কর্তারা।

ট্যাংরার ঘটনার বীরভূম হল রক্তাক্ত

রক্তাক্ত বীরভূম, ২২ ফে ৯ ট্যাংরা পর বীরভূম, হলের ভতরে থেকে উদ্ধার করাকে অবস্থায় আদিবাসী পরিবারের ৩ জনের দেহ, রয়েছে এক শিশু, ঘটনায় এলাকায় তীব্র চাঞ্চল্য। এবার ট্যাংরা কাণ্ডের ছায়া বীরভূমে। সাতশতকালে ঘরের ভেতর থেকে উদ্ধার আদিবাসী পরিবারের ৩ জনের রক্তাক্ত দেহ। খবর পেয়ে ঘটনাস্থলে এসে পৌঁছেছে মোহাম্মদ বাজার থানা পুলিশ। আর এই ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে মহম্মদবাজারে। রক্তাক্ত বীরভূমের মহম্মদবাজার ও মল্লাপুত্র থানার সীমানায় রয়েছে ম্যানেজার দাগ। সেখানেই থাকতেন লক্ষ্মী মাড়ি অনুমানিক ২৫ বছর বয়স। তার দুই সন্তান রূপালী ১০ বছর এবং অভিজিৎ ৮ বছর বয়সেই দুই সন্তানকে নিয়ে থাকতেন তিনি। তার স্বামী লাটুট কর্মসূত্রে দুর্গাপুরে থাকেন। শুক্রবার সকালে দেখা যায়, ঘরে খাটিয়ার উপর পড়ে লক্ষ্মী ও রূপালির কবল জড়ানো দেহ। খাটিয়ার নিচে একপাশে মাটিতে পড়ে ছোট ছেলে অভিজিতের দেহ। খাটিয়ার নিচে এবং অভিজিতের পাশে দেখা গেছে রক্তের দাগ। দেখা গেছে তিনজনের মাথাতেই আঘাতের চিহ্ন। সাত শতক এই বীরভংস শিড়ের ওঠা ছবি এখন এলাকাবাসীরা সঙ্গে সঙ্গে খবর দেয় মোহাম্মদ বাজার থানায়। খবর পাওয়ার সাথে সাথে ঘটনাস্থলে পৌঁছায় বিশাল পুলিশ বাহিনী। পুলিশ পৌঁছানো মাত্রই পুলিশকে ঘিরে ধরে স্থানীয়রা বিক্ষোভ দেখাতে থাকেন। পুলিশের কাছে স্থানীয় মানুষজন দাবি করেন, তিনজনকে খুনিই করা হয়েছে। ঘটনার সঙ্গে যে বা যারা জড়িত তাদের গ্রেপ্তার করতে হবে। নাইলে দেহ উদ্ধার করতে দেওয়া হবে না। রীতিমতো উত্তপ্ত হয়ে ওঠে এলাকা। পুলিশ ভরফ থেকে এলাকাবাসীকে বলা হয়, আগে দেহ উদ্ধার হোক। তাল্লারই দস্ত শুধু হবে। অভিব্যক্তদের শীঘ্রই ধরা হবে। কিন্তু তা মানতে নারাজ স্থানীয়রা। অনেক বাগবিতণ্ডার পর অবশেষে দেহ উদ্ধার করে পাঠানো হয় হাসপাতালে। ময়নাতদন্তের হওয়ার পরেই জানা যাবে খুনের আসল কারণ। যদিও প্রাথমিকভাবে পুলিশ মনে করছে, ভারী কোনো বস্তু দিয়ে আঘাত করে খুন করা হয়েছে তিনজনকেই। কিন্তু কেন, তা এখনও ধোঁয়াশা। ইতিমধ্যেই মৃতের স্বামীকেও খবর দেওয়া হয়েছে।

বিধায়কের হাত ধরে তৃণমূলে যোগ

সৌরভ দাশ, দুরন্তবার্তা, হাসনাবাদ, ২২ ফে ৯ হিঙ্গলগঞ্জের বিধায়ক দেবেশ মন্ডলের হাত ধরে, হাসনাবাদে সি.পি.আই.এম ও বিজে.পি এর স্থানীয় দুই নেতা সহ দেড় শতাধিক কর্মী সমর্থক যোগ দিলেন তৃণমূলে। হাসনাবাদ পঞ্চায়েতের কালিবাড়ি এলাকায় এক যিক্কার সভার



আয়োজন করা হয় হাসনাবাদ ১ নং ব্লক তৃণমূল কংগ্রেসের তরফে। আয়োজকদের কথায়, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নামে রাজ্যের বিরোধী দলনেতার

পার্টি অফিস ভাঙ্গলো বর্ধমান পুরসভা

সুজিত দত্ত, বর্ধমান, ২১ ফেব্রুয়ারিঃ পুকুরের পাড় বুকিয়ে দলীয় কার্যালয় তৈরী করেছিল স্থানীয় তৃণমূল কর্মীরা। যা নিয়ে আদালত পর্যন্ত গড়ায় বিষয়টা। শেষে হাইকোর্টের নির্দেশে বৃহৎপতিবার ওই বেআইনি নির্মাণ ভাঙল পুরসভা। এই বাড়িতেই তৃণমূলের পার্টি অফিস তৈরি করা হয়েছিল বলে অভিযোগ। যদিও এই পার্টি অফিসটিতে বিশ্বকর্মা পূজো করত স্থানীয় কিছু যুবক।এদের অনেকেই টোটে ও ভান চালক। বৃহৎপতিবার

কলকাতায় এবারে কমিকস মেলা

দুরন্তবার্তা, ২২ ফেঃ বাংলার শিশুরা কমিকস নেশাগ্রস্ত হয়ে পড়তে শুরু করেছে। তারা এখন আর গল্প পড়ে না। অধিকাংশ ছোটরা এখন কমিকস পড়ে আর উল্লাস করে। অভিভাবকেরা এখন ছোটদের হাতে



কমিকস বই তুলে দিতে রাজি। কারণ ছোটদের বায়না হয় কমিকস পড়ার। তার ফলে ছোটদের গল্পের বই আর বেশি বিক্রি হয় না। ছোটদের কমিকস বই বেশি বিক্রি হতে শুরু করেছে। আর সেই দিকে লক্ষ্য রেখে বিশ্ব মেলা প্রদর্শনে ‘কমিক কন’ কমিকস মেলা শুরু হয়েছে। বাংলা কমিকস বলতেই যে অগ্রণীমের নাম মনে পড়ে তাঁরা হলেন; নারায়ণ দেবনাথ, কাফি খাঁ (প্রফুল্লস্রু লাহিড়ী), ময়ূখ চৌধুরী (শ্রেষ্ঠপ্রদায় রায়চৌধুরী), শৈল চক্রবর্তী, প্রতুল বন্দ্যোপাধ্যায়, সুফি, তুবার চট্টোপাধ্যায়, সুবীর রায় প্রমুখ। পূর্বপ্রক্রিয়া লিখে-এঁকে এরীা জনপ্রিয় করেছেন বাংলা কমিকসকে, ‘তৈরি করছেন কমিকসপ্রেমী কয়েক প্রজন্ম। চর্চা হবে এঁদের ঘিরেও। পাশাপাশি কমিকস-শিল্পী, গবেষক,সংগ্রাহকদের নিয়েও নানা অনুষ্ঠান হবে। সাড়া য়ে বেশ আশাব্যঞ্জকই হবে, সে বিষয়ে নিশ্চিত কমিক কনের আয়োজকেরা। দুনিয়া কাঁপানো ‘কমিককন’এ বার কলকাতায়।বিশ্ব বাংলা মেলাপ্রদর্শনে সপ্তাহান্তের দু’দিন হইহই করে উঠবেন চরিত্রেরা জীবন্ত হয়ে উঠবে।পশ্চিম বিশ্বের ‘কমিক কন’ বা কমিক বুক কনভেনশনের আয়োজন বাটের দশক থেকেই হয়ে আসছে। হাঁদা-ভোঁদা, বাঁটল, নস্টে-ফস্টের শহরও বা তার স্বাদ থেকে বঞ্চিত হবে কেন।দিল্লি, মুম্বই, হায়দরাবাদ, অমেদাবাদের মতো শহর পেরিয়ে কমিক কনের মতো বড় মাপের আন্তর্জাতিক অনুষ্ঠান এ বার

আবুল কালাম, আনন্দ সরকার সহ

তৃণমূলের স্থানীয় নেতৃত্ব।। সভা থেকে বিরোধী দলনেতার বিরুদ্ধে সুর চড়ান বক্তারা।। সভা শেষে সি.পি.আই.এম নেতা গৌতম পাথ

ও বিজেপির নেতা কার্তিক ঘোষ সহ সি.পি.আই.এমও বি.জে.পি র বেশ কিছু কর্মী সমর্থকদের হাতে তৃণমূলের দলীয় পতাকা তুলে দেন বিধায়ক। গৌতম পাথ বলেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়ন যজ্ঞে সামিল হতে তার এই সিদ্ধান্ত, অপরদিকে কার্তিক ঘোষ জানান, তিনি বিজেপির বৃথ সভাপতি ছিলেন, হাসনাবাদ পঞ্চায়েত বিজেপির দখলে থাকা সত্ত্বেও এখানে উন্নয়ন মূলক কাজ হয়নি, তাই এলাকার উন্নয়নের স্বার্থে তার এই সিদ্ধান্ত বিধায়ক জানান, এই সকল নেতা কর্মীদের অন্তর্ভুক্তিতে এই এলাকায় দল আরো শক্তি বৃদ্ধি কর লো।আগামী ছাব্বিশের বিধানসভার প্রস্তুতি শুরুর জন্য দলীয় কর্মীদের বার্তা। দেন তিনি সোশ্চর্যায়ক সম্প্রীতি রক্ষার বার্তা দেওয়ার পাশাপাশি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে বিরোধী দলনেতার মন্তব্য নিয়ে সুর চড়ান বিধায়ক। বিজেপি পরিচালিত হাসনাবাদ পঞ্চায়েতে একশ দিনের কাজ, আবাসের ঘর সহ বেশ কিছু বিষয় নিয়ে আগামী দিনে আন্দোলনের পরিকল্পনার কথাও জানান বিধায়ক। আগামী নির্বাচনকে লক্ষ্য রেখে তৃণমূল অগ্রসর হচ্ছে।

এরপর কলকাতা হাইকোর্টে হেরে যান তদানীন্তন প্রধানমন্ত্রী নেহেরু। মামলা গড়ায় সুপ্রিম কোর্টে। সংবিধান সংশোধন না করে দেশের একটি অংশ কে বিদেশের হাতে তুলে দেওয়ার কারনে সেখানেও হেরে যান নেহেরু। এরপর ১৯৬১ সালে সংবিধানের নবম সংশোধন করে সাউথ বেরবারির দক্ষিণ অংশ পাকিস্থান কে দিয়ে দেন নেহেরু। এরপর সাউথ বেরবারির মানিকগঞ্জে রক্ত দিয়ে সংকল্প বেদী গড়ে শুরু হয় আন্দোলন। সেই আন্দোলনের নেতৃত্বে ছিলেন বিচারপতির বাবা অমর প্রসাদ চক্রবর্তী। এরপর ১৯৬২ সালে সংবিধানের ১৯৬২ সালে

ক্যাশ্য পী বলছেন, তএই বাড়ি বেআইনি। সেটা ভাঙার নির্দেশ ছিল হাইকোর্ট থেকে। সেই নির্দেশ কার্যকর করতেই আমরা সকলে এখানে আসি। সকাল থেকেই ভাঙার কাজ করছে দা যদিও স্থানীয় তৃণমূল নেতারা বাড়িতে পাটি অফিস তৈরি করা হয়েছিল বলে মানতে নারাজ। স্থানীয় কাউন্সিলরের স্বামী স্বপন দাস বলছেন, ওটা পাটি অফিস নয়। এলাকার ছেলেরা এখানে বিশ্বকর্মা পূজো করত। তৃণমূলের ছেলেরা এখানে বসতো।

আনন্দের রং ছিল না। সেই ধারারই বিবর্তন হতে হতে ১৯৭০ সালে ‘কমিক মিনিকন’-এ শতাধিক কার্টুন অনুরাগীদের ভিড়ে ছোটখাটো একটা কানিভালের আয়োজন হয়। সেই থেকেই শুরু।আজকের ‘কমিক




কন’ হল বড় সড় একটা আন্দোলংসব, যাতে ভেসে যেতে পারেন আট থেকে আশি। কমিক চরিত্রদের মতো সেজে সেই ছেলেবোরা মতো ছেছাড়ে মাততে পারেন যাটোর্ধ প্রবীণও। বাংলার মানুষের কমিকস-প্রীতির কথা মাথায় রেখেই কলকাতাতেও এমন আন্তর্জাতিক মানের উৎসবের নিয়ে আসার কথা ভেবেছেন দেশে কমিক কনের প্রতিষ্ঠাতা ও কর্ণধার যতীন বর্মী। তিনি বললেন, ডব্লিঃ-সং দেশের নানা শহরে কমিক কনের আয়োজন করার সময় থেকেই বুঝি যে, সাধারণ মানুষের কমিকসের প্রতি উদ্দামনা কটাত। নবীন থেকেপ্রবীণ প্রজন্ম, আপন করে নিয়েছে কমিক কনকে। তাই কলকাতাই বা বাদ যায় কেন? এখানে বই প্রকাশ থেকে শুরু করে গেম-সহ নানা রকম অনুষ্ঠান থাকবে। স্পাইডারম্যান, ব্যটম্যান জঞ্মেন রাখা হবে খুদেরের জন্য। ভিডিও গেম খেলার ব্যবস্থা থাকবে। কানিভাালে যেমন সদাপ্রকাশিতবিশি় কমিকস থাকবে, তেমনই স্টলের টেবিল আলো করে থাকবে আসা দিনের ইন্ডজার্স কমিকস, ডিঃবি অমর চিত্রকথাও। পাশাপাশি কমিক বুক নায়কদের আকাশন কিংবার, পোস্টার, টিশার্ট, ব্যাজ ইত্যাদি সামগ্রীর প্রলাভন তো রয়েইছে। কমিক কন-এর অন্যতম আকর্ষণ ‘কসপেই’। কমিকসের চরিত্র সাজে বিভিন্ন রকমের ‘পারফরম্যান্স’। যতীন জানাচ্ছেন,

পাথরপ্রতিমাতে মহিলাদের সাইবার সচেতনতা শিক্ষা

সুন্দরবন, ২১ ফেব্রুয়ারি স্বনির্ভর গৌষ্ঠীর মহিলাদের নিয়ে সাইবার নিরাপত্তা সচেতনতা প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হলো পাথরপ্রতিমা ব্লক এবং নামখানা ব্লকের বেলষ্টার মাইক্রো ফাইন্যান্সের অফিসে। হ্যাস্ত বাবু।

এই প্রসঙ্গে ব্যাংকের ম্যানেজার রাজু সেনাপতি বলেন, এই দু’দিনের শিবিরে স্বনির্ভর গৌষ্ঠীর মহিলাদের আমরা সচেতনতার একটা বার্তা দিলাম। আজকের দিনে যেভাবে



ইন হ্যাস্ত ইন্ডিয়া এর ব্যবস্থাপনায় দুটি ব্লকে দুইদিন ধরে চলে এই প্রশিক্ষণ শিবির। এই প্রশিক্ষনে উপস্থিত ছিলেন হ্যাস্ত ইন হ্যাস্ত ইন্ডিয়া’র পশ্চিমবঙ্গ প্রজেক্ট কোঅর্ডিনেটর প্রদ্যুৎ বাসু সঙ্গে উপস্থিত ছিলেন ব্যাংকের ম্যানেজার রাজু সেনাপতি সহ ব্যাংকের অন্যান্য আধিকারিকবৃন্দ। কিভাবে সাইবার সিকিউরিটি থেকে আমাদের ব্যাংকের টাকা পয়সা সুরক্ষা রাখতে পারি তার ওপর বিস্তার আলোচনা করেন প্রদ্যুৎ ডিজিটাল হ্যাকাররা ব্যাংক একাউন্টের সর্বস্ব লুট করছে, তা থেকে আমাদের সচেতন থাকতে হবে। ভুলভাল ওটিপি কোনভাবে দিতে শেয়ার করা যাবে না। ডিজিটাল পদ্ধতির মাধ্যমে সঠিক পথে নিজেদের পেমেন্ট নিজেদেরকে করতে হবে। কোনভাবে প্রতারণায় জড়িয়ে পড়া যাবে না। যদি কোন গ্রাহক প্রতারিত হয় তারা যেন সরাসরি ম্যানেজারের সঙ্গে এসে কথা বলে।

গঙ্গাসাগরে কচুবেড়িয়াতে বাস দুর্ঘটনা

দুরন্ত বার্তা, ২২ ফে ৯ গঙ্গাসাগরে দুর্ঘটনার কবলে পূণ্যার্থী বোঝাই বাস। গঙ্গাসাগরে দুর্ঘটনার কবলে পূণ্যার্থী বোঝাই বাস। স্থানীয় সূত্রে খবর আজ সকালে দক্ষিণ ২৪ পরগনা জেলার গঙ্গাসাগরের কচুবেড়িয়া থেকে একটি বাস পূণ্যার্থী বোঝাই করে নিয়ে গঙ্গাসাগরের উদ্দেশ্যে যাচ্ছিল। ঠিক সেই সময় চোরঙ্গী সাগর মঙ্গলের কাছে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িট উল্টে পড়ে খালি স্থানীয় বাসিন্দারা পুলিশ প্রশাসন ও সিভিল ডিফেন্সের কর্মীরা ওই আহত পূণ্যার্থীদের উদ্ধার করে চিকিৎসার জন্য পাঠিয়েছে ঘটনাস্থলে এসে পৌঁছেছে সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিমচন্দ্র হাজরা ও সাগরের বিভিন্ন কানহাইয়া কুমার রাও পঞ্চায়েত সমিতির সভাপতি সাবিনা বিবি জেলা পরিষদের সদস্য সন্দীপ কুমার পাত্রসহ একাধিক প্রশাসনিক আধিকারিকরা দুর্ঘটনার কবলে পড়া গাড়িটিকে উদ্ধারের কাজ চালানো হচ্ছে এর পাশাপাশি আহত পূণ্যার্থীদের চিকিৎসার পর তাদের থাওয়া ও পোশাকের ব্যবস্থা করা হয়েছে ব্লক প্রশাসনের পক্ষ থেকে গঙ্গাসাগরে দুর্ঘটনার কবলে পূণ্যার্থী বোঝাই বাস। স্থানীয় সূত্রে খবর আজ সকালে দক্ষিণ ২৪ পরগনা জেলার গঙ্গাসাগরের কচুবেড়িয়া থেকে একটি বাস পূণ্যার্থী বোঝাই করে নিয়ে গঙ্গাসাগরে উদ্দেশ্যে যাচ্ছিল। ঠিক সেই সময় চোরঙ্গী সাগর মঙ্গলের কাছে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িট উল্টে পড়ে খালি স্থানীয় বাসিন্দারা পুলিশ প্রশাসন ও সিভিল ডিফেন্সের কর্মীরা ওই আহত পূণ্যার্থীদের উদ্ধার করে চিকিৎসার জন্য পাঠিয়েছে ঘটনাস্থলে এসে পৌঁছেছে সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিমচন্দ্র হাজরা ও সাগরের বিভিন্ন কানহাইয়া কুমার রাও পঞ্চায়েত সমিতির সভাপতি সাবিনা বিবি জেলা পরিষদের সদস্য সন্দীপ কুমার পাত্রসহ একাধিক প্রশাসনিক আধিকারিকেরা দুর্ঘটনার কবলে পড়া গাড়িটিকে উদ্ধারের কাজ চালানো হচ্ছে এর পাশাপাশি আহত পূণ্যার্থীদের চিকিৎসার পর তাদের থাওয়া ও পোশাকের ব্যবস্থা করা হয়েছে ব্লক প্রশাসনের পক্ষ থেকে।

ট্যাংরা কাণ্ডে জট ক্রমশ ঘনীভূত হচ্ছে

দুরন্তবার্তা, ২২ ফে ৯ ট্যাংরা কাণ্ডে এবার তদন্তকারীদের সামনে মুখ খুলল হাসপাতালে চিকিৎসাধীন নাবালক। ট্যাংরার দে বাড়ির দুই ভাইয়ের মধ্যে বড় ছেলে প্রণয়ের নাবালক পুত্রের এই বয়ান রহস্যের জট কাটতে অনেকটাই সাহায্য করতে পারে বলে মত তদন্তকারীদের। এতদিন শারীরিক এবং মানসিক ভাবে বিপর্যস্ত ওই নাবালকের সঙ্গে সেভাবে কথা বলতে পারেনি পুলিশ। শারীরিক অবস্থা একটু স্থিতিশীল হওয়ার পরই নাবালককেও জিজ্ঞাসাবাদ করেছে পুলিশ। পুলিশ সূত্রে খবর, লালবাড়ীর হোমিসাইড শাখার অফিসাররা প্রণয় দে-র নাবালক পুত্রের সঙ্গে কথা বলেন, ওই নাবালক এবং তাঁর বাবার বয়ান মিলে যাচ্ছে বলেও জানা গিয়েছে। তদন্তকারীদের কাছে ওই নাবালক দাবি করেছে, গত মঙ্গলবার রাতে ট্যাংরার বাড়ি থেকে বেরনোর পর আত্মঘাতী হওয়ার জন্য একাধিক উপায়ের কথা ভেবেছিলেন তাঁর বাবা এবং কাকা। গাড়ি নিয়ে পিলারে ধাক্কা মারার পাশাপাশি ট্রেনের সামনে অথবা গঙ্গায় ঝাঁপ দেওয়ার কথাও ভাবা হয়েছিল। এমন কী, হুগলি সেতুর উপরে পিলারে ধাক্কা মারা নয়তো কোনো একপ্রেসওয়েতে গিয়ে কোনও লরির সঙ্গে গাড়ির মুখোমুখি সংঘর্ষ ঘটানোর পরিকল্পনাও ছিল বলে দাবি করেছে ওই নাবালক। কিন্তু এ রকম দুর্ঘটনার ক্ষেত্রে লরি চালকেরও ক্ষতি হতে পারে ভেবে তাঁরা নাকি সেই পরিকল্পনা বাতিল করেন। তবে ওই নাবালক দাবি করেছে, বাড়িতে তাঁর মা, কাকিমা অথবা খুড়তুতো বোনের হত্যার ক্ষেত্রে কোনও তৃতীয় ব্যক্তি জড়িত নয়। তার কাকা অর্থাৎ প্রসুন দে সবার হাতের শিরা কাটেন বলেই দাবি করেছে ওই নাবালক। ওই কিশোরের আরও দাবি, হাতে শিরা কাটলে তাড়াতাড়ি রক্ত বেরিয়ে সবাই মারা যাবে ভেবেই এই পরিকল্পনা করা হয়েছিলধতার পরেও বাবা, কাকা এবং সে প্রাণে বেঁচে যায়। প্রণয় দে এবং তাঁর ছেলেকে ই এম বাইপাসের ধারের ওই বেসরকারি হাসপাতাল থেকে এমনআরএস মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করার কথা। কারণ টা্কা না মেটানোয় ওই বেসরকারি হাসপাতাল কর্তৃপক্ষ দে পরিবারের সদস্যদের চিকিৎসা বন্ধ করে দিয়েছে। দে বাড়ির ছোট ছেলে প্রসুন এখনও ওই বেসরকারি হাসপাতালেই ভর্তি রয়েছেন। পুলিশ সূত্রে খবর, প্রসুন দে সেভাবে মুখ খোলেননি। ময়নাতদন্তে প্রসুনের নাবালিকা কন্যার শরীরে আঘাতের চিহ্ন পাওয়া গিয়েছে। তবে এই বিষয়টি নিয়ে এখনও প্রসুন বা প্রণয় কেউ মুখ খোলেননি। বিষয়টা তারা এড়িয়ে যাচ্ছেন। ফলে এখনও বেশ কিছু প্রশ্নের উত্তর অথরা রয়েছে। তবে তদন্তে সহযোগিতা করছে প্রণয়ের নাবালক পুত্র।

উপাচার্য নেই উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে

দুরন্তবার্তা, ২২ ফে ৯ উপাচার্য নেই দশ মাস। পরীক্ষা সমূহের নিয়ামক, অডিট অফিসারের মতো পদস্থ আধিকারিকদের অনেকে পদ ফাঁকা। কোনও পদ অস্থায়ী ভাবে কাউকে দায়িত্ব দিয়ে চলাছে। সুপ্রিম কোর্টের তত্ত্বাবধানে উপাচার্য নিয়োগ প্রক্রিয়া চলছে। এই পরিস্থিতিতে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে দ্রুত উপাচার্য নিয়োগ এবং শূন্য পদগুলিতে দায়িত্ব দিতে অবিলম্বে উচ্চ শিক্ষা দফতরের হস্তক্ষেপ দাবি করে আন্দোলনে নামছে বিশ্ববিদ্যালয়ের কর্মচারী সমিতি। সব ঠিক থাকলে আগামী ২৪ ফেব্রুয়ারি রেজিস্ট্রারের দফতরের মাধ্যমে আচার্য তথা রাজ্যপাল এবং উচ্চ শিক্ষা দফতরে স্মারকলিপি দাওয়া হয়ে। পরিস্থিতি নিয়ে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া, শিক্ষক, কর্মী, আধিকারিক নানা মহলেই ক্ষোভ জমেছে। সমিতির সম্পাদক সুমন মুখোপাধ্যায় জানান, অডিট অফিসার না থাকায় ফিনান্স অফিসার কোনও খরচ ছাড়তে পারছেন না। বিভিন্ন বিভাগেই কাজকর্ম একাংশ স্তব্ধ হয়ে পড়ছে। আচার্যের সঙ্গে রাজ্যের রোযায়েমিতে তো বিশ্ববিদ্যালয় উঠে যাবে। উপাচার্য নিয়োগ দ্রুত করা হোক। অবিলম্বে উচ্চ শিক্ষা দফতর হস্তক্ষেপে শীর্ষ আধিকারিকের দক্ষা পদে কাজ কাউকে দায়িত্ব দিঁক। শিক্ষক সমিতির জানানো হয়েছে, এ ভাবে বিশ্ববিদ্যালয় চলতে পারে না। অর্থ বর্ষের শেষে খরচ মিলেছে না, বিভিন্ন বিভাগের সেমিনার আটকে পড়ছে। সম্ভ্রতি উচ্চ শিক্ষা দফতর আন্দোলনে নামছে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ প্রক্রিয়া চলছে। এই পরিস্থিতিতে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে দ্রুত উপাচার্য নিয়োগ এবং শূন্য পদগুলিতে দায়িত্ব দিতে অবিলম্বে উচ্চ শিক্ষা দফতরের হস্তক্ষেপ দাবি করে আন্দোলনে নামছে বিশ্ববিদ্যালয়ের কর্মচারী সমিতি। সব ঠিক থাকলে আগামী ২৪ ফেব্রুয়ারি রেজিস্ট্রারের দফতরের মাধ্যমে আচার্য তথা রাজ্যপাল এবং উচ্চ শিক্ষা দফতরে স্মারকলিপি দাওয়া হয়ে। পরিস্থিতি নিয়ে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া, শিক্ষক, কর্মী, আধিকারিক নানা মহলেই ক্ষোভ জমেছে। সমিতির সম্পাদক সুমন মুখোপাধ্যায় জানান, অডিট অফিসার না থাকায় ফিনান্স অফিসার কোনও খরচ ছাড়তে পারছেন না। বিভিন্ন বিভাগেই কাজকর্ম একাংশ স্তব্ধ হয়ে পড়ছে। আচার্যের সঙ্গে রাজ্যের রোযায়েমিতে তো বিশ্ববিদ্যালয় উঠে যাবে। উপাচার্য নিয়োগ দ্রুত করা হোক। অবিলম্বে উচ্চ শিক্ষা দফতর হস্তক্ষেপে শীর্ষ আধিকারিকের দক্ষা পদে কাজ কাউকে দায়িত্ব দিঁক। শিক্ষক সমিতির জানানো হয়েছে, এ ভাবে বিশ্ববিদ্যালয় চলতে পারে না। অর্থ বর্ষের শেষে খরচ মিলেছে না, বিভিন্ন বিভাগের সেমিনার আটকে পড়ছে। সম্ভ্রতি উচ্চ শিক্ষা দফতর আন্দোলনে নামছে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ প্রক্রিয়া চলছে। এই পরিস্থিতিতে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে দ্রুত উপাচার্য নিয়োগ এবং শূন্য পদগুলিতে দায়িত্ব দিতে অবিলম্বে উচ্চ শিক্ষা দফতরের হস্তক্ষেপ দাবি করে আন্দোলনে নামছে বিশ্ববিদ্যালয়ের কর্মচারী সমিতি। সব ঠিক থাকলে আগামী ২৪ ফেব্রুয়ারি রেজিস্ট্রারের দফতরের মাধ্যমে আচার্য তথা রাজ্যপাল এবং উচ্চ শিক্ষা দফতরে স্মারকলিপি দাওয়া হয়ে।

ভুগলির আরামবাগ মহকুমা আদালতে লাফিয়ে লাফিয়ে বাড়ছে ডিভোর্স মামলার সংখ্যা

দূরন্ত বার্তা, হুগলি, ২২ ফেব্রুয়ারি : হুগলির আরামবাগ মহকুমা আদালতে লাফিয়ে লাফিয়ে বাড়ছে ডিভোর্স মামলার সংখ্যা। আরামবাগ মহকুমা এলাকা থেকে গত একমাসে নির্খোঁজ ১০০ নাবালিকা। গুচ্ছ গুচ্ছ অভিযোগ নাভিশ্রাস উঠেছে পুলিশের। কিছুদিন আগে এই খবরে কার্যত তোলপাড় পড়ে গিয়েছিল প্রশাসনিক মহলে। ভ্যালেন্টাইন ডে-তে রাস্তায় যুগলের দেখা না মেলাতে হতাশ মুখেই কাঁপ বন্ধ করেছিলেন ফুলের দোকানদারেরা। এবার উঠে আসছে আরও এক অভিনব তথ্য। দম্পতিরা আদালতে এসে একে অপরের বিরুদ্ধে মামলা ঠুকছেন। বেশিরভাগ অভিযোগই পরকীয়া সংক্রান্ত। অন্যদিকে সদ্য গৌঁফ ঠাটা তরুণ ও কলেজ পড়া তরুণীরা গোপনে স্পেশ্যাল ম্যারেজ আইনে বিয়ে সেরে ফেলেছেন। সেই বিয়েও দ্রুত ভেঙে দেওয়া হচ্ছে। সম্পর্ক বদলের এই চিত্র ঘিরে বাড়ছে উদ্বেগ। ভারতে বিবাহ–বর্হিভূত সম্পর্কের জেরে বিবাহ–বিচ্ছেদ হতে পারে। কিন্তু পরকীয়ার কারণে ‘ পুরুষটির বিরুদ্ধে অভিযোগ করা বা তাকে অপরাধী হিসাবে দেগে দেওয়া যাবে না। কিন্তু ‘ বৈবাহিক সম্পর্ক এর প্রভাব কতটা তা নিয়ে আইন মহলে জল্পনা জারি আছে। ডিভোর্সের বাড়বাড়ন্তে উঠছে প্রশ্ন। সত্বের খবর, আরামবাগ মহকুমা আদালতে ২০২০ সাল পর্যন্ত বছরে দুশোর মতো ডিভোর্স মামলা হতো। এখন সেই সংখ্যাটা বছরে তিনশোর অধিক। প্রতি মাসে গড় মামলার সংখ্যা আগের থেকে বৃদ্ধি পেয়েছে অনলাইন রেজিস্ট্রেশন এখন বাধ্যতামূলক করা হয়েছে। পরিসংখ্যানে গত ৫ বছরে ডিভোর্স মামলার উর্ধ্বমুখী গ্রাফ দেখে তাজ্জব আইনজুরাই। সোশ্যাল ও স্পেশ্যাল ম্যারেজ আইনে ডিভোর্স মামলা এলেই কাগজপত্র ঝুটিয়ে দেখা হচ্ছে। পরিসংখ্যানেই উঠে এসেছে অল্পবয়সীদের স্পেশ্যাল

শিবপদ লাইব্রেরী প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে ২০ তম উত্তর মালদা বইমেলা

দূরন্ত বার্তা, মালদা, ২২ ফেব্রুয়ারি : উত্তর মালদা বইমেলা ও সাংস্কৃতিক উৎসব কমিটির উদ্যোগে চাঁচল কুমার শিবপদ লাইব্রেরী প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে ২০তম উত্তর মালদা বইমেলা ও সাংস্কৃতিক উৎসব ২০২৫।



আগামী ২৪ ফেব্রুয়ারি থেকে শুরু হয়ে চলবে ১ মার্চ পর্যন্ত যার জেরে শুরু হয়ে গেছে জোরকদমে প্রস্তুতি। বই প্রেমী মানুষদের হাতে বই তুলে দেবার বাসনা চরিতার্থ করার এক প্রচেষ্টা মাত্র। সর্বস্বত্বের মানুষের সমবেত প্রচেষ্টা ও সার্বিক সহযোগিতা গড়ে উঠবে বইমেলার মিলন উৎসব বলে জানান বইমেলা কমিটি কার্যকারী সভাপতি চন্ডীকানন্দ চক্রবর্তী ও জাহাঙ্গীর আলম। উত্তর মালদা বইমেলা কমিটির সম্পাদক আব্দুল সাত্তার বলেন, ২০ তম বইমেলায় প্রস্তুতি চলছে কুমার শিবপদ লাইব্রেরী মাঠে। ২৪ তারিখে বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে বইমেলার উদ্বোধন হবে। ২৪ ফেব্রুয়ারি থেকে ১ মার্চ পর্যন্ত বইমেলা চলবে। নিশিষ্টজনরে উপস্থিতিতে বইমেলার শুভ উদ্বোধন হবে।

নদী থেকে উদ্ধার হল মহিলার বস্তাবন্দি দেহ, চাঞ্চল্য

দূরন্ত বার্তা, বীরভূম, ২২ ফেব্রুয়ারি : বীরভূমের মহমদবাজারে ঘরাকা নদী থেকে উদ্ধার হল এক মহিলার বস্তাবন্দি দেহ। শনিবার ঘটনাটি ঘটেছে মহম্মদবাজার থানা এলাকার দেউচা সেতু সংলগ্ন এলাকায়। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। এমনও মৃত্যুর নাম ও পরিসয় জানা যায়নি। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। ঘটনায় অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ। এদিন সকালে স্থানীয়রাই নদীতে দেহটি দেখতে পান, পুলিশের খবর দেওয়া হলে, পুলিশ এসে দেহ উদ্ধার করেছে। মহিলার মৃত্যু কিভাবে হল, তা জানতে পুলিশ অনুসন্ধান শুরু করেছে। জলাধারে বস্তুয় ভাসছে দুটি দেহ। তা দেখে হইচই শুরু হয়ে যায়। পুলিশ দেহ উদ্ধার করতে এসে চক্ষু চড়কগাছ। উদ্ধার হয়েছে এক মহিলা এবং পোষার দেহ। বীরভূমের ব্রাহ্মী নদীর উপর ডেউচা জলাধারের এই ঘটনায় পুলিশের প্রাথমিক অনুমান, মৃতদেহে খুন করা হয়েছে। কে বা কারা তাকে খুন করল, মহিলা আন্দৌ এলাকার বাসিন্দা – তা এখনও স্পষ্ট নয়। পুলিশ বিষয়টি খতিয়ে দেখছে। উল্লেখ্য, শুক্রবার মহম্মদবাজারের ম্যানেজার পাড়ায় বাড়ি থেকে মহিলা এবং তাঁর দুই সন্তানের দেহ উদ্ধার হয়। তার ২৪ ঘণ্টা কাটিতে না কাটিতেই মহিলার বস্তাবন্দি দেহ উদ্ধারের ঘটনায় স্বাভাবিকভাবেই হৈ টে শুরু হয়েছে। ওই মহিলা এলাকার কিনা তা জানা যায়নি। এই ঘটনায় স্বাভাবিকভাবেই রাজনৈতিক মহলে শোরগোল।

মহাকুন্তকে জাঁকজমকপূর্ণ ও ঐশ্বরিক করে তোলার ক্ষেত্রে রেলওয়ে অগ্রণী ভূমিকা পালন করেছে

নয়াদির্শি, ২২ ফেব্রুয়ারি : প্রয়াগরাজের পবিত্র সঙ্গমে মহাকুন্তের জমকালো অনুষ্ঠানে অনেক বিভাগ এবং সংস্থা তাদের নিজ নিজ ভূমিকা পালন করেছিল, কিন্তু রেলওয়ে নিঃসন্দেহে অগ্রণী ভূমিকা পালন করেছিল। রেলওয়ে যেভাবে দেশব্যাপী ভক্তদের প্রয়াগরাজের পবিত্র ভূমিতে যাতায়াতের সুবিধা দিয়েছে তা কেবল অভূতপূর্বেই নয় বরং ট্রেন পরিচালনায় একাধিক রেকর্ডও তৈরি করেছে।মহাকুন্ত এখন সমাপ্তির কাছাকাছি, একটি অনুমান অনুসারে দে। মাসব্যাপী এই অনুষ্ঠানে ১২ থেকে ১৫ কোটি ভক্ত ট্রেন পরিয়েবা গ্রহণ করেছেন। অন্য কথায়, মোট তীর্থযাত্রীদের এক-চতুর্থাংশ প্রয়াগরাজ বা কাছাকাছি শহরগুলিতে পৌঁছানোর জন্য ট্রেনের উপর নির্ভর করেছিলেন।একটি জাঁকজমকপূর্ণ ও ঐশ্বরিক মহাকুন্তের জন্য রেলওয়ের প্রস্তুতি ২০২৫ সালের প্রয়াগরাজ মহাকুন্ত যাতে জাঁকজমকপূর্ণ ও ঐশ্বরিক হয় তা নিশ্চিত করার জন্য, ভারতীয় রেলওয়ে সক্রিয় পদক্ষেপ নিয়েছিল। ভারতের রেল নেটওয়ার্কের উপর প্রচণ্ড চাপের কারণে, কূন্ডের পরিকল্পনা অনেক আগেই শুরু হয়েছিল। দেশের বিভিন্ন স্থান থেকে প্রত্যাশিত তীর্থযাত্রীদের উপস্থিতির উপর ভিত্তি করে, রেল কর্তৃপক্ষ যাত্রীদের অপ্রত্যাশিত বৃদ্ধি মোকাবেলায় আকস্মিক পরিকল্পনা সহ একটি বিস্তারিত কর্মকৌশল প্রণয়ন করেছে।যেকোনো একক রুট, ট্রেন বা প্রধান স্টেশনে যানজট এড়াতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। চাহিদা এবং যাত্রী চাপের উপর ভিত্তি করে, নির্বিঘ্নে ভ্রমণের সুবিধার্থে একের পর এক বিশেষ ট্রেন চালু করা হয়েছিল।

হারানো ব্যাগযাত্রীর কাছে ফেরত পাঠালো মেট্রোর আরপিএফ

কলকাতা, ২২ ফেব্রুয়ারি : ১৬.০২.২০২৫ তারিখে, দুপুর ১.৫২ মিনিটে, কবি সত্য্য মেট্রো স্টেশনে কর্তব্যরত একজন আরপিএফ কর্মী নিয়মিত



টিহল দেওয়ার সময় একটি ডিএন মেট্রো ট্রেন থেকে একটি বেওয়ারিশ ব্যাগ উদ্ধার করে স্টেশন সুপারিনটেন্ডেন্টের অফিসে জমা দেন। ব্যাগটি খোলার পর, এর ভেতরে কিছু মূল্যবান জিনিসপত্র পাওয়া যায়। কিছুক্ষণ পরে, দুপুর ১,৩৬ মিনিটে, একজন যাত্রী কবি সত্য্য মেট্রো স্টেশনের স্টেশন সুপারিনটেন্ডেন্টের অফিসে এসে উদ্ধার করা ব্যাগ এবং তাতে থাকা জিনিসপত্রের মালিকানা দাবি করেন। যথার্থ্য যাত্রীই–বাছাই এবং সমস্ত আনুষ্ঠানিকতা পূরণের পর, ব্যাগটি এবং অন্যান্য সমস্ত জিনিসপত্র তার কাছে হস্তান্তর করা হয়। তিনি মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষকে প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন যে তিনি তাকে সমস্ত জিনিসপত্র সহ হারানো ব্যাগটি ফিরে পেতে সাহায্য করেছেন।

ম্যারেজ আইনে বিয়ে করা ও দ্রুত বিয়ে ভাঙার চাঞ্চল্যকর তথ্য। বিয়ে করার কিছুদিনের মধ্যেই যুগলরা কোর্টে এসে ডিভোর্স ফাইল করছেন। আইনজ্ঞদের একাংশের মত, একসঙ্গে কোথাও বেড়াতে যাওয়া ও থাকার ছাড়পত্র হিসাবে ম্যারেজ সার্টিফিকেটকে কাজে লাগানো হচ্ছে । মহকুমা আদালতের এক সরকারি কৌসুলি বলেন, পরিসংখ্যান অনুযায়ী গত ৫ বছর ধরে দু’টো বিষয় আমাদের নজরে আসছে। প্রথমটি ডিভোর্স মামলা লাফিয়ে লাফিয়ে বাড়ছে। ডিভোর্স মামলায় এতদিন শারীরিক ও মানসিক নির্যাতনের প্রাধান্য থাকতো। এখন পরকীয়া সম্পর্কের অভিযোগ জুড়ে যাচ্ছে। দ্বিতীয় বিষয়টি আরও উদ্বেগজনক। ১৮ থেকে ২৫ বয়সী ছেলে– মেয়েদের স্পেশাল ম্যারেজ আইনে বিবাহ সঙ্গে খুব দ্রুত ডিভোর্স হচ্ছে। আরামবাগ মহাকুমা আদালতে একশোটি ডিভোর্স মামলার মধ্যে ৩০ শতাংশ মামলা এই জাতীয়। তাঁর দাবি, অল্পবয়সীদের এই বিয়ে ও দ্রুত ডিভোর্সের পুরো ঘটনায় বড়দের অজান্তে ঘটছে। আবার অন্যদিকে দেখা যাচ্ছে ছেলে অথবা মেয়ের বিয়ে দেওয়ার পর পরিবারের মধ্যে বনিবনা না হওয়ায় ছেলের বাড়ি থেকে ছেলেকে অথবা মেয়ের বাড়ি থেকে মেয়েকে ডিভোর্স ফাইল করানো হচ্ছে জোরপূর্বক। ক্রমশই বেড়ে চলেছে ডিভোর্সের মামলা। ২০২১ সালে ডিভোর্সের মামলা ৬০৬টি। ২০২২ সালে ডিভোর্সের মামলা ৬৯৭টি। ২০২৩ সালে ডিভোর্সের মামলা ৬৭১ টি। ২০২৪ সালে ডিভোর্সের মামলা ৪২৬টি। ২০২৫ সালে জুজুরারি থেকে ফেব্রুয়ারি মামলার সংখ্যা ৭৪টি । অন্যদিকে আরামবাগ থানাতে ২০২৪ সালে আরামবাগ থানাতে ৪৭টি বধু নির্যাতনের মামলা দায়ের হয়েছে। সব ক’টি সম্পর্কই বিচ্ছেদের পথে বলে খবর। পাশাপাশি ২০২৫ সালে এখনও পর্যন্ত ৬টি বিচ্ছেদের মামলা দায়ের হয়েছে। সব ক’টিই বিচ্ছেদের পথে।


চন্দননগর বিধানসভা উৎসব ২০২৫ উদ্বোধন করলেন মন্ত্রী ইন্দ্রনীল সেন

বনম্পতি দে, হুগলি, ২২ ফেব্রুয়ারি : চন্দননগর বিধানসভা উৎসব ২০২৫ চলবে ২ মার্চ পর্যন্ত শেষে তিন দিন হবে যাত্রা উৎসব। এই উৎসব চলছে, চন্দননগর রবীন্দ্রভবনে প্রদীপ জ্বালিয়ে শনিবার বিকালে উদ্বোধন করলেন তথ্য ও সংস্কৃতি মন্ত্রী তথা পর্বতিন দত্তের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ইন্দ্রনীল সেন তিনি আবার চন্দননগরের বিধায়ক। বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী ইন্দ্রনীল সেন বললেন চন্দননগর বিধানসভা উৎসব এদিন থেকে শুরু হল চলবে ২ মার্চ পর্যন্ত। এর আগেও এই উৎসব হয়েছে সাধারণ মানুষের জন্য অবাধ প্রবেশ শেষ তিন দিন হবে যাত্রা উৎসব চলবে পাঁচ দিন সাংস্কৃতিক অনুষ্ঠান চলবে । এই প্রথম এই উৎসবে ১৩০০ জন শিল্পী অংশগ্রহণ করবেন। নানান অনুষ্ঠান হবে এখানে রাজ্যের সব রুকের থেকে চন্দননগর অনেক এগিয়ে এই শহরের ঐতিহ্য আলাদা। বক্তব্যের শুরুতে বিশিষ্ট সংগীত শিল্পী প্রভুল মুখার্জির স্মরণে এক মিিনিট নীরবতা পালন করা হয়। ইন্দ্রনীল সেন বলেন চন্দননগরের ঐতিহ্য আলাদা পরিষ্কার পরিচ্ছন্ন শহর এই

অবদানের প্রধান কারিগর চন্দননগর কর্পোরেশনের সাফাই বিভাগের কর্মীরা ও কর্পোরেশনের অন্যান্য স্টাফেরা তাদের জানাই অসংখ্য ধন্যবাদ । এই উৎসবের পেছনে যাদের পরিশ্রম তাদের ধন্যবাদ জানাই। এখন থেকেই আগামী বিধানসভা নির্বাচনের রূপরেখা তৈরি হয়ে গেছে। কথা দিচ্ছি আপনাদের আগামী নির্বাচনের আগেই চন্দননগরে একটা ভালো স্টেডিয়াম তৈরি হবে। উপস্থিত ছিলেন চন্দননগরের মেয়র রাম চক্রবর্তী ছিলেন চেয়ারম্যান ও

বারুইপুরে ভোটর তালিকায় কয়েক হাজার ভুয়ো ভোটারের নামকে ঘিরে চাঞ্চল্য শাসক ও বিরোধীদের মধ্যে

দূরন্ত বার্তা, জয়নগর, ২২ ফেব্রুয়ারি : বারুইপুরের চম্পাহাটি পঞ্চায়েতের কয়েক হাজার ভুয়ো ভোটারের নাম এবার ভোটর তালিকায় জায়গা পায়, আর তা নিয়েই চাঞ্চল্য ছড়িয়েছে। মালদা, মূর্শিদাবাদ, শিলিগুড়ির কোনও বুথে ভোটর তালিকায় ধকোনা হচ্ছে। আর সেই আবেহেই এবার বারুইপুরের চম্পাহাটি পঞ্চায়েতের ভোটর তালিকা স্থগিত করতে গিয়ে বেরিয়ে এসেছে ভুতুড়ে কাণ্ড। মালদা, মূর্শিদাবাদ, শিলিগুড়ির লোকজনের নাম উঠে এসেছে এখানকার ভোটর তালিকায়। এমনকি চাঞ্চল্যকর ভাবে একই ফোন নম্বর যুক্ত আছে চার- পাঁচজনের নামে, যা খোঁজ করতে গিয়ে বিস্মিত হয়েছেন পঞ্চায়েত প্রধান থেকে শুরু করে সদস্যরা। গত লোকসভা ভোটে এই পঞ্চায়েত এলাকার ভোটর সংখ্যা ছিল ১৮ হাজার ২০০। চলতি বছরের জুনযায়ির মাসে নতুন ভোটর তালিকা প্রকাশিত হয়। তাতে দেখা



দূরন্ত বার্তা, দক্ষিণ দিনাজপুর, ২২ ফেব্রুয়ারি : দক্ষিণ দিনাজপুর জেলার সদর শহর বালুরঘাট হোসেনপুরের কাছে চকবাখর গ্রামে চঞ্চলা কালী মায়ের পূজোর প্রস্তুতি শুরু হয়েছে জোরকদমে। আগামী ১৫ মার্চ শনিবার গভীর রাতে চঞ্চলা কালী মায়ের পূজো অনুষ্ঠিত হবে। প্রতিবাবের ন্যায় এবারও বালুরঘাটে চঞ্চলা কালী মায়ের পূজো উপলক্ষ্যে ১৫ই মার্চ শনিবার থেকে ১৭ই মার্চ সোমবার পর্যন্ত তিনদিনব্যাপী মেলা অনুষ্ঠিত হবে। প্রতিবার দোল পূর্মিয়ার প্রতিপদে সাড়ে দশ হাত এই চঞ্চলা কালীর পূজো অনুষ্ঠিত

টাস্ক ফোর্স চালের বেআইনি মজুমদারি ও কালোবাজারি আটকাতে বাজারে হানা দিচ্ছে

কলকাতা, ২২ ফেব্রুয়ারি : বাজারে মিনিকিট, বাঁশ কাটির মত সরু চালের দাম বেশ কিছুদিন উর্ধ্বমুখী হওয়ায় সাধারণ মানুষ সমস্যায় পড়েছেন। এমনত অবস্থায় চালের দাম নিয়ন্ত্রণে আনতে রাজ্য সরকার বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। বাজারদর নিয়ন্ত্রণে গঠিত টাস্ক ফোর্স চালের বেআইনি মজুমদারি ও কালোবাজারি আটকাতে বাজার গুলিতে হানা দিচ্ছে। তবে নতুন চাল বাজারে আসার আগে এই সমস্যা পুরোপুরি কমবে না বলে রাইস মিল মালিক ও চাল ব্যবসারীদের একাংশ জানিয়েছেন। রাইস মিল মালিকরা জানাচ্ছেন, দু’বছর অন্য দেশে চাল রপ্তানি বন্ধ ছিল। তবে ২০২৪ সালের শেষের দিক থেকে ফের তা চালু হয়েছে। চাষিরা একটু দাম পাচ্ছেন বাইরে চাল পাঠিয়ে। তার জেরেই রাজ্যে কিছুটা যোগান বাড়তি রয়েছে। বেঙ্গল রাইস মিল অ্যাসোসিয়েশনের সভাপতি আব্দুল মালেক জানিয়েছেন, আর কিছুদিনের মধ্যে নতুন চাল বাজারে উঠলেই এই দাম নিয়ন্ত্রণে চলে আসবে। এপ্রিল মাসের পর দাম কিছুটা কমতে পারে। অন্যদিকে বাজার দর নিয়ন্ত্রণে রাজ্য সরকার গঠিত টাস্ক ফোর্সের সদস্য রবীন্দ্রনাথ কোলে জানান, চাহিদার তুলনায় এখন চালের যোগানে টান পড়েছে। ফলে মার্কেট মিনিকেট, বাঁশকাটি, গোবিন্দভোগ ইত্যাদি চালের দাম কেজিপ্রতি দশ টাকা বা তারও বেশি বেড়ে গেছে। অন্যদিকে রুগা ও অন্যান্য তুলনামূলক কম দামের চালও কেজি প্রতিপায় ৫ টাকা বেড়ে গেছে। মিল মালিকরা জানিয়েছেন, তাদের কাছে আর চাল নেই। ফলে নতুন ধান যতক্ষণ না উঠবে ততদিন দাম একই থাকবে। বিষয়টি মুখ্যমন্ত্রীর কাছে জানানো হয়েছে। তিনি নির্দেশ দিলে এব্যাপারে পরবর্তী পদক্ষেপ করা হবে।

বালি পাচারের অভিযোগে আটক তিনটি ট্রাক্টর

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২২ ফেব্রুয়ারি : নদী থেকে অবৈধভাবে বালি পাচারের অভিযোগে তিনটি ট্রাক্টর আটক করলো বাগডোগরা থানার পুলিশ। যদিও পুলিশকে দেখে এবং অন্ধকারের সুযোগ নিয়ে পালিয়ে যায় ট্রাক্টর চালক। ঘটনার যেহে চাঞ্চল্য বাগডোগরার তারাবন্দা বুড়ি বালাসন ঘাটো। জানা গেছে শুক্রবার রাতে বাগডোগরা থানার সাদা পোশাকের পুলিশের কাছে খবর আসে ট্রাক্টর গুলি অবৈধভাবে নদী স্ক্রাব করে বালি বোঝাই করছে। খবর পেয়ে বাগডোগরা থানার পুলিশ ঘটনাস্থলে হানা দিলে চালকেরা পালিয়ে যায়। এরপরেই ট্রাক্টরগুলি পুলিশ নিজেদের উদ্যোগে বাগডোগরা থানায় নিয়ে আসে। পুলিশ সত্রে জানা গেছে ট্রাক্টর গুলির রেজিস্ট্রেশন যাচাই করে মালিকানা খতিয়ে দেখা হচ্ছে। অবৈধভাবে এই বালি পাচারের বিরুদ্ধে পুলিশের অভিধান জারি থাকবে বলে পুলিশ সত্রে জানানো হয়েছে।

বালুরঘাটে ৩০০ বছরের চঞ্চলা কালী মায়ের পূজোর প্রস্তুতি চলছে জোরকদমে



সুরঙ্গ পথে চকবাখরে এসেছিলেন। তিনি মারা যাওয়ার পর এই পূজে দীর্ঘদিন বন্ধ ছিল। পরবর্তীতে এলাকার কেরালু বর্মন নামে এক বাসিন্দা স্বপ্নাদেশ পেয়ে আবার পূজোর সূচনা করেন। এখানে পাঁচা, পায়রা, চুল বলির প্রথা রয়েছে। বলির জন্য কাঠের কাতরা এই পূজার দিন বিকালে তৈরি হয়েছে। যদিও এখনও সেই মন্দির নির্মাণের কাজ চলছে। একজন ব্রাহ্মণ পুরোহিত বার্ষিক পূজো করছেন। প্রতি আশাষাষ ও পূর্মিমায চঞ্চলার পূজা অন্য একজন পুরোহিত করেন। পূজে উপলক্ষ্যে প্রায় ৩০০ জন ভক্ত হনা প্রত্যেকে পৈতে ধারণ করেন। চঞ্চলা কালীর মন্দিরের পাশেই রয়েছে শ্মশান কালী ও মশান কালীর মন্দির। মা চঞ্চলার পূজোর পরের দিন শ্মশান কালী ও মশান কালী তত্ত্বমতে ভক্তভরে পূজিত হন। মন্দিরের সামনে রয়েছে নাটমন্দির, যেখানে পূজার পরে দুদিন রাতভর মঙ্গলচন্দীর গান শোনানো হয়। তার সামনে রয়েছে একটি পুকুর। জনশ্রুতি

অসময়ের বর্ষণে আলু চাষের ব্যাপক ক্ষতি - চাষীদের পাশে রাজ্য

দূরন্ত বার্তা, ২২ ফেব্রুয়ারি : বৃহস্পতিবার হটাৎ অসময়ের বর্ষণে ব্যাপক ক্ষতি হয়েছে আলু চাষের। সঙ্গে ডিভিসি জল ছাড়াই দামোদর সংলগ্ন কোনো কোনো খালে এক হাটু জল জমে যায়। হটাৎ বর্ষণে জমিতে থাকা আলুর পচন ধরতে পারে বলে আশঙ্কা করছেন তাঁরা। রতন সামন্ত নামে এক আলুচাষি বলেন, ‘ বৃষ্টির জেরে আলু তোলার পড়ে সমস্যায় পড়েছি আমরা। বৃষ্টির সঙ্গে আবার গত কয়েদিন জুড়ে প্রবল কুয়াশা চলেছে। সেকারণে পোকার লাগতে শুরু করেছে।’ বাঙালির পাতে সারাবছরই আলুর ভূমিকা অপরূপীয়। তাই আলুর দামে হেরফেরের রেশ গিরে পড়ে সোজা হেঁসেলে। গত কয়েক মাসে আলুর দাম নিয়ন্ত্রণে রাজ্য সরকার রপ্তানিতে নিষেধাজ্ঞা জারি করেছে। সেইকারণে হিমঘরগুলিতেও আলু মজুত রয়েছে যথেষ্ট পরিমাণে। তার মধ্যে আবার বৃষ্টির ফলায় আলু নিয়ে বেজায় সঙ্কট চাষিরা। হিমঘরগুলিতে জায়গা পাওয়া মুশকিল। সেকারণে আলু তোলার পরেও জমিতেই রাখছিলেন তাঁরা। গত দু’দিনে বৃষ্টি অসুরের গাঙবে দুশ্চিন্তায় রয়েছেন আলুচাষিরা। তবে সরকারের পক্ষ থেকে আশ্বাস দেওয়া হয়েছে ক্ষতিপূরণের। মহকুমার আলুচাষিরা জানিয়েছেন নান কমাতে যে কৌশল নিয়েছে সরকার তাতে তাঁদের হাতে আর টাকা আসছে না। মাত্র তিন থেকে চার টাকা কেজি দরে ব্যবসারীদের আলু বিক্রি করে দিতে হচ্ছে। অনেক চাষী আবার অভিযোগ করেছেন, শস্যবিমার আবেদন করেও টাকা পাচ্ছেন না। মহকুমার কৃষি আধিকারিক জানিয়েছেন, ‘অসময়ের বৃষ্টির ফলে আলু-সহ রপিশস্যের কিছুটা ক্ষতি হয়েছে। তবে ভয় পাওয়ার কারণ নেই। সরকার পাশে আছে। শস্যবিমার মাধ্যমে প্রকৃত ক্ষতিগ্রস্ত চাষিদের সাহায্য করা হবে। বিষয়টি উপরমহলকে জানানো হয়েছে।’

পঞ্চায়েত অফিসে দলীয় পতাকা, বিতর্ক পানাগড়ে

দূরন্ত বার্তা, দুর্গাপুর, ২২ ফেব্রুয়ারি : সরকারি পঞ্চায়েত কার্যালয়ে দলীয় পতাকা। পঞ্চায়েত অফিস না কি দলীয় কার্যালয় – এই প্রশ্ন ঘিরে তীব্র বিতর্ক সৃষ্টি হয়েছে পানাগড় বাজারের কাঁকসা পঞ্চায়েত কার্যালয় ময়। শনিবার ওই কার্যালয়ে একগোছা তৃণমূল কংগ্রেসের পতাকা দেখা যায় বলে অভিযোগ। এই নিয়ে ক্ষোভ প্রকাশ করেছে বিজেপি। স্থানীয় সূত্রে জানা গেছে, পানাগড় বাজারের উপরেই রয়েছে কাঁকসা পঞ্চায়েত কার্যালয়। সেখানকার সিঁড়ির নিচে বিশেষ কোণিতে লাগানো তৃণমূলের একাধিক দলীয় পতাকা মজুত থাকতে দেখা যায়। অভিযোগ, ওই পতাকাগুলি মাঝে মধ্যেই ব্যবহার করা হয় এবং ফের সেখানেই রাখা হয়। শনিবার বিষয়টি নজরে আসতেই বিজেপি প্রতিবাদে সরব হয়। পঞ্চায়েতের বিজেপি সদস্য তথা বিরোধী দলনেতা আনন্দ কুমার বলেন, সরকারি কার্যালয়টিকে তৃণমূল নিজেদের দলীয় কার্যালয়ের মতো ব্যবহার করছে। সরকারি অফিসে দলীয় পতাকা মজুত রাখা হচ্ছে, যা একেবারেই অমৈতিন্য। এটি যেন তৃণমূলের মজুতঘরে পরিণত হয়েছে। আমরা এর তীব্র প্রতিবাদ জাতিয়েছি। পঞ্চায়েত অফিস সরকারি প্রতিষ্ঠান, কোনও দলীয় সম্পত্তি নয়। এই অবস্থা চলতে থাকলে বৃহত্তর আন্দোলনের পক্ষে নামবা। যদিও অভিযোগ অস্বীকার করেছেন কাঁকসা পঞ্চায়েতের উপপ্রধান উজ্জ্বল মল্লিক। তিনি বলেন, দলের কেউ সেখানে পতাকা রাখেননি। এটি বিরোধীদের অপপ্রচারণ। খবর পাওয়ার পরই পতাকাগুলি সরিয়ে দেওয়া হয়েছে।

পাওনা টাকা চাইতে গিয়ে বেধড়ক মারখরের শিকার ঠিকাদার, আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে

দূরন্ত বার্তা, মালদা, ২২ ফেব্রুয়ারি : পাওনা টাকা ফেরত চাইতেই বেধড়ক মারখরের শিকার হলেন এক ঠিকাদার। ঘটনাটি ঘটেছে মালদার মানিকচকের কামালপুর কারাবন্দী এলাকায়। গুরুতর আঘাত ওই ঠিকাদারের নাম মোহাম্মদ জুয়েল (৬৮)। তিনি মানিকচকের কামালপুর সেখপাড়া এলাকার বাসিন্দা। স্থানীয় সূত্রে জানা গেছে, প্রায় তিন বছর আগে মানিকচকের মথুরাপুর এলাকার বাসিন্দা গৌর সরকার লেবার সরবরাহের প্রতিশ্রুতি দিয়ে মোহাম্মদ জুয়েলের কাছ থেকে ৪৮ হাজার টাকা নেন। কিন্তু দীর্ঘদিন কেটে গেলেও লেবার সরবরাহ করেননি তিনি। শনিবার সকালে বাজার যাওয়ার পথে গৌর সরকারকে দেখতে পান মোহাম্মদ জুয়েল। পাওনা টাকা ফেরত চাইতেই কচাসয় জড়িয়ে পড়েন দু’জনে। অভিযোগ, সেই সময় গৌর সরকারও তার সঙ্গীরা হটাৎ জুয়েলের উপর চড়াও হয় এবং তাকে বেধড়ক মারখর করে। স্থানীয়দের হস্তক্ষেপে আহত জুয়েলকে উদ্ধার করে মানিকচক গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসকরা জানান, চোখ ও নাকে গুরুতর আঘাত লাগায় তাকে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। এই ঘটনার প্রতিবাদ জানিয়ে মানিকচক থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন আক্রান্ত ঠিকাদারের স্ত্রী রিজুওনা খাতুন। দেহাধীরে দ্রুত প্রেফতার ও কঠোর শাস্তির দাবি তুলেছেন তিনি। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে এবং অভিযুক্তদের খোঁজে তল্লাশি চালাচ্ছে।

মিনাখাঁয় প্রবল গতিতে দোকান গুঁড়িয়ে দিল বাস, নিহত কমপক্ষে ৩, আহত বহু

দূরন্ত বার্তা, মিনাখাঁ, ২২ ফেব্রুয়ারি : ভর সন্ধ্যায় দক্ষিণ ২৪ পরগনার মিনাখাঁয় ভয়ঙ্কর বাস দুর্ঘটনা। প্রাথমিকভাবে আশঙ্কা করা হচ্ছে অন্তত ৩ জনের মৃত্যু হয়েছে। আহত কমপক্ষে ২০ জন যাত্রী। শনিবার সন্ধ্যায় বাসটি মালদ্বের দিক থেকে মিনাখাঁ যাচ্ছিল। বাসটি বেশ দ্রুত গতিতেই যাচ্ছিল। জয়গ্রাম মোড়ের কাছে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা একটি দোকানে ধাক্কা মারো প্রবল ধাক্কায় দোকানটি ভেঙে চুরমার হয়ে যায়। সেইসময় দোকানে ছিলেন বেশ কয়েকজন। জানা যাচ্ছে তাদের মধ্যে এক মহিলা, বাসের চালক–সহ মোট ৬ জনের মৃত্যু হয়েছে। সূত্রের খবর মৃতের সংখ্যা আরও বাড়তে পারে। আহত অন্তত ২০ জন।

রয়েছে, এই পুকুর থেকে একসময় পুজোর কাজের জন্য থালা–বাসন ভেসে উঠত। বর্তমানে এই পুকুরের জল দিয়ে মায়ের পূজো করা হয়। পূজোর পাঁচ দিন আগে ঘট বসে মন্দিরে। এখানে পাঁচা, পায়রা, চুল বলির প্রথা রয়েছে। বলির জন্য কাঠের কাতরা এই পূজার দিন বিকালে তৈরি হয়েছে। যদিও এখনও সেই মন্দির নির্মাণের কাজ চলছে। একজন ব্রাহ্মণ পুরোহিত বার্ষিক পূজো করছেন। প্রতি আশাষাষ ও পূর্মিমায চঞ্চলার পূজা অন্য একজন পুরোহিত করেন। পূজে উপলক্ষ্যে প্রায় ৩০০ জন ভক্ত হনা প্রত্যেকে পৈতে ধারণ করেন। চঞ্চলা কালীর মন্দিরের পাশেই রয়েছে শ্মশান কালী ও মশান কালীর মন্দির। মা চঞ্চলার পূজোর পরের দিন শ্মশান কালী ও মশান কালী তত্ত্বমতে ভক্তভরে পূজিত হন। মন্দিরের সামনে রয়েছে নাটমন্দির, যেখানে পূজার পরে দুদিন রাতভর মঙ্গলচন্দীর গান শোনানো হয়। তার সামনে রয়েছে একটি পুকুর। জনশ্রুতি

সিদ্ধিভাবে বলা না গেলেও প্রায় তিনশোটা বছর আগে এই পূজোর শুভ সূচনা হয়। তবে মাঝে বেশ কিছুদিন এই পূজো বন্ধ ছিল। এলাকার কেরালু বর্মন নামে এক বাসিন্দা স্বপ্নাদেশ পেয়ে দ্বািত্যে বাবের জন্য এই পূজোর সূচনা করেন। দোল পূর্মিয়ার প্রতিপদেই তিনশো বছরের বৈশী সময় ধরে এই মা পূজিত হয়ে আসছেন। মায়ের পায়ের নীচে শিব নেই, রয়েছে অসুর। নতুন করে মন্দির তৈরি করা হচ্ছে। আগামীতে ইচ্ছে করলে এখানে প্রতিদিন পূজো করার পাশাপাশি এটিকে দর্শনীয় স্থান হিসেবে গড়ে তোলার। পূজকে কেন্দ্র করে বসে মেলা। ৩ দিন চলে এই পূজো ও মেলা।

2025_ZPHD_892555_1
2025_ZPHD_819274_1
2025_ZPHD_819245_1
2025_ZPHD_819231_1
2025_ZPHD_819266_1
Sd/-Pradhan
Shimulpur Gp

খাওয়া- দাওয়া

লাউয়ের কোফতা কারি



উপকরণঃ কচি লাউ ১টি, পেঁয়াজকুচি ২ টেবিল চামচ, কাঁচা মরিচকুচি স্বাদমতো, ধনেপাতাকুচি ২ টেবিল চামচ, হলুদগুঁড়া ১ চা-চামচ, জিরাগুঁড়া দেড় চা-চামচ, আদাবাটা ১ চা-চামচ, লবণ স্বাদমতো, বেসন পোনে ১ কাপ (লাউয়ের ওপর নির্ভর করবে), তেল ১ কাপ, তেজপাতা ২টা, পেঁয়াজবাটা ৩ টেবিল চামচ, টমেটো সস ১ টেবিল চামচ, আন্ত

কাঁচামরিচ ৪৫টা, চিনি আধা চা-চামচ, জল পরিমাণমতো, মরিচগুঁড়া ১ চা-চামচ, ধনেগুঁড়া আধা চা-চামচ, রসুনবাটা আধা চা-চামচ, গরম মসলার গুঁড়া আধা চা-চামচ।

প্রণালিঃ লাউয়ের খোসা ছাড়িয়ে নিয়ে সেটার পুরোটো গ্রেটারে গ্রেট করে নিন। ভালো করে জল চিপড়ে নিন। এরপর এর সঙ্গে পেঁয়াজকুচি,

লাউশুকনা বরইয়ের খাড়া



উপকরণঃ বড় লাউ অর্ধেকটা, হলুদগুঁড়া আধা চা-চামচের একটু কম, মরিচগুঁড়া ১ চা-চামচের ৬ ভাগের ১ ভাগ, ধনেগুঁড়া ১ চা-চামচের ৩ ভাগের ১ ভাগ, লবণ পরিমাণমতো, জল পরিমাণমতো, পাকা শুকনা বরই ১০১২টা, আন্ত কাঁচা মরিচ ৩৪টা, চিনি ১ চা-চামচ (স্বাদমতো), তেঁতুলের র্কাথ স্বাদমতো (প্রয়োজন হলে), তেল ২ টেবিল চামচ, শুকনা মরিচ ২টা, পেঁয়াজকুচি ২ টেবিল চামচ, রসুনকুচি আধা চা-চামচ, পাঁচফোড়ন ১ চা-চামচের ৩ ভাগের ১ ভাগ, ধনেপাতাকুচি ১ টেবিল চামচ।

প্রণালিঃ লাউ কিউব করে কেটে নিন। হলুদগুঁড়া, মরিচগুঁড়া, ধনেগুঁড়া ও লবণ দিয়ে পর্খাণ্ড জল দিয়ে সোদ্ধ করুন। লাউ সোদ্ধ হয়ে এলে তাতে পাকা শুকনা বরই আর আন্ত কাঁচা মরিচ দিয়ে দিতে হবে। সঙ্গে দিতে হবে স্বাদমতো চিনি। বরই টক না হলে স্বাদমতো তেঁতুলের র্কাথ দিয়ে দিন। ভালোভাবে ফেটিতে হবে। বরই নরম হয়ে এলে এবার এতে বাগার বা ফোড়ন দিতে হবে। আরেকটা প্যানে তেল নিয়ে তাতে শুকনা মরিচ লালচে করে ভেজে নিন। তাতে পেঁয়াজকুচি, রসুনকুচি দিয়ে হালকা ভেজে নিন। পাঁচফোড়ন দিয়ে অল্প ভেজে নিন। এর সুভ্রাণ বের হলেই লাউয়ের টকে মিশিয়ে দিতে হবে। তারপর ওপরে ধনেপাতাকুচি ছড়িয়ে দিন। এরপর নামিয়ে নিন লাউ বরইয়ের খাড়া। নিজের স্বাদ অনুযায়ী টক, ঝাল, লবণ আর গিষ্টি ঠিক আছে কি না, বোঝার জন্য নামানোর আগে অবশ্যই একবার চেষ্টে দেখে নিতে ভুলবেন না।

ইরানে যাচ্ছেন রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভ

এক দিনের সফরে ইরানে যাচ্ছেন রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভ। সফরকালে ইরানের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠক করবেন তিনি। এ সময় আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় গুরুত্ব পাবে। আজ শনিবার ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেরি এক বিবৃতিতে বলেন, ঝিপক্ষীয় সম্পর্ক এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়ে ইরান ও রাশিয়ার মধ্যে চলমান আলোচনালোচনার মধ্যেই রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী এই সফর করবেন। বিবৃতিতে আরও বলা হয়েছে, সফরকালে ইরানের বেশ কয়েকজন কর্মকর্তার সঙ্গে বৈঠক করার কথা রয়েছে লাভরভের। এদিকে রাশিয়ায় নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত কাজেম জালালি ইরানের বার্তা সংস্থা আইএসএনএকে বলেন, আগামী মঙ্গলবার এক দিনের সফরে তেহরানে যেতে পারেন লাভরভ। সর্বশেষ ২০২৩ সালের অক্টোবরে ইরান সফর করেন লাভরভ। আজারবাইজান ও আর্মেনিয়ার মধ্যে উত্তেজনা নিরসনে একটি বৈঠকে যোগ দিতে তিনি ওই সফরে যান। সিরিয়ার ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট বাশার আলআসদের মিত্র তেহরান ও মস্কো। গত ডিসেম্বরে বাশারকে উৎখাত করেন বিদ্রোহীরা। পশ্চিমা দেশগুলো ইতিমধ্যেই তেহরান ও অস্কের ওপর কঠোর নিষেধাজ্ঞা দিয়েছে। ২০২২ সালে ইউক্রেনে হামলা ও স্ক্রল্লর পর রাশিয়ার বিরুদ্ধে স্বর্ণধোজ্ঞা আরোপ করা হয়। পশ্চিমা দেশগুলোর অভিযোগ, রাশিয়াইউক্রেন যুদ্ধের জন্য মস্কোকে ড্রোন ও ক্ষেপণাস্ত্র সরবরাহ করছে তেহরান। এ কারণে তাদের ওপরও নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। যদিও ইরান এ ধরনের অভিযোগ অস্বীকার করেছে।

উই আর দ্যা কমন পিপুল এর মাতৃভাষা দিবস পালন



দুরন্ত বার্তা, কলকাতা, ২২ ফেব্রুয়ারিঃ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে উত্তর কলকাতার শ্যামবাজার মেট্রো স্টেশনের পাশে একটি অনুষ্ঠান হয়। অনুষ্ঠানের উদ্যোক্তা ছিলেন উই আর দ্যা কমন পিপুল । মেট্রো স্টেশনের পাশে বাঁধা অস্থায়ী মঞ্চের নামকরণ করা হয়েছিল সমাজসেবী ছন্দা দত্তগুপ্তের নামে। এই অনুষ্ঠানে বিশিষ্ট লেখক অপরূব দাস এবং পদ্মশ্রী পুরস্কার প্রাপ্ত রাজশ্রী নারায়ণ চক্রবর্তী এই দুইজন গুণী ব্যক্তিকে পুরস্কার করা হয়। বাংলা ভাষা রক্ষা এবং তার বিস্তারের জন্যই এদের আয়োজন কাজের স্বীকৃতিতে স্বর্ণধাক্কা দিয়ে সম্মানিত করা হয়। এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, অভিনেতা রুদ্রনীল ঘোষ, ছিলেন দীপ্তিমান বসু এবং শুভজিৎ দত্তগুপ্ত সহ প্রমুখ। বেশ কিছু মানুষের সমাগম ঘটে এই অনুষ্ঠানকে কেন্দ্র করে।

কাঁচা মরিচকুচি, ধনেপাতাকুচি, অল্প হলুদগুঁড়া, জিরাার গুঁড়া, আদাবাটা ও লবণ দিয়ে ভালো করে চটকে নিন। এর সঙ্গে প্রয়োজনমতো বেসন মিশিয়ে মণ্ড তৈরি করে নিন। ছোট ছোট বলের আকারে গড়ে নিন, খেয়াল রাখুন যেন ভেঙে না যায়। এরপর কড়াইয়ে তেল গরম করে মাঝারি আঁচে লাউয়ের কোফতাগুলো লালচে করে ভেজে নিন। এরপর সেই ভাজা তেলের মধ্যেই তেজপাতা ফোড়ন দিয়ে দিন। তাতে পেঁয়াজবাটা, বাকি হলুদগুঁড়া, মরিচগুঁড়া, ধনেগুঁড়া, রসুনবাটা, গরম মসলার গুঁড়া, টমেটো সস, আন্ত কাঁচা মরিচ, চিনি ও লবণ দিয়ে ভালো করে কথিয়ে নিন। অল্প জল দিয়ে দিন। ফুটে উঠলে তাতে লাউয়ের কোফতাগুলো দিয়ে রান্না করতে হবে। খোল মাথো মাথো করে কথিয়ে নিন। ভালো করে জল চিপড়ে নিন। এরপর এর সঙ্গে পেঁয়াজকুচি,



উপকরণঃ দানাসহ লাউয়ের বুকের অংশ ৪ কাপ, শশের তেল ২ টেবিল চামচ, পেঁয়াজ ১টা (বড়, মোটা করে কাটা), রসুন ৩ কোয়া (বড়), কাঁচা মরিচ ২টা, হলুদ এক চিমটি, লবণ স্বাদমতো, ধনেপাতা ২ টেবিল চামচ।

প্রণালিঃ বুড়ো লাউয়ের সাদা বুকসহ দানার অংশ ছোট করে কেটে নিন। প্যানে শর্ষের তেল নিয়ে নিন। পেঁয়াজ, রসুন আর কাঁচা মরিচ ভেজে নিন। তারপর সেই তেলেই লাউয়ের দানাসহ সাদা অংশ, এক চিমটি হলুদ ও লবণ দিয়ে ভালোভাবে ভেজে নিন। জল শুকিয়ে ভাজা ভাজ করে নিতে হবে। নামানোর আগে ধনেপাতা দিন। নামিয়ে শিলপাটায় বা মিস্রিত্রে ভালোভাবে বেটে নিলেই তৈরি হয়ে যাবে মজাদার ভর্তা। চাইলে এতে কিছু ভাজা চিংড়ি দিয়েও বেটে নিতে পারেন। তাতে স্বাদ আরও বাড়বে।

জুরি নদীর সাফাই কর্মসূচির সূচনা করলেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন

ধর্মনগর, ২২ ফেব্রুয়ারি : নাগরিকের মতামত ও শ্রম দানে ধর্মনগর পুর পরিষদের উদ্যোগে প্রাক বর্ষায় জুরি নদীর সাফাই কর্মসূচির শুভ সূচনা হয়। উত্তর জেলার ধর্মনগরে মোটর স্ট্যান্ড সংলগ্ন জুরি ব্রীজের কাছে একটি অনুষ্ঠানের মধ্য দিয়ে সেই সাফাই কর্মসূচির সূচনা করা হয়। অনুষ্ঠানের উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। তাছাড়া উপস্থিত ছিলেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারম্যান মিতালী রানী দাস সেন, ভাইস চেয়ারম্যান মঞ্জু নাথ, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সমর চক্রবর্তী সহ ধর্মনগর পুর পরিষদের সকল

কাউন্সিলর ও এলাকাবাসী। গন্ধা মাতার প্রতিকৃতির সামনে প্রদীপ প্রজ্জ্বলন ও পুষ্পার্ঘ্য অর্পণের মধ্য দিয়ে সাফাই কর্মসূচির সূচনা করেন উদ্বোধক তথা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। পরবর্তীতে উপস্থিত অভিথি ও পুর পরিষদের কাউন্সিলররা প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। সবশেষে অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন সহ অন্যান্যরা জুরি নদীতে থাকা আবর্জনা সাফাইয়ের কাজ শুরু করার পর পুর পরিষদের শ্রমিকরা নদী পরিস্কার শুরু করেন। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন বলেন কর্মক্ষে মাস পূর্বে রাজ্যে প্রবল বন্যার পরিপ্রেক্ষিতে বন্যা সংক্রান্ত বিষয়ে বিধানসভা

চলাকালীন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী জানানত চেয়েছিলেন, রাজ্যে অবস্থিত ১১ টা নদীর মধ্যে একমাত্র জুরি নদী ছাড়া বাকি সব নদীতে বন্যা দেখা দিয়েছিল। কিন্তু একমাত্র জুরি নদীতে কোন বন্যা দেখা দেয়নি। সেই প্রশ্নের জবাবে অধ্যক্ষ বলেছিলেন, বিগত বছরেও জুরি নদী এবং তার সংস্পর্শে থাকা অন্যান্য সকল ছড়াগুলি সংস্কার করার পরিপ্রেক্ষিতে সারা রাজ্যের সমস্ত নদী যখন প্রাবিত হয় তখন একমাত্র জুরি নদী প্রাবিত হয়নি। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন ধর্মনগরবাসীর কাছে আহ্বান রাখেন জুরি নদীকে পরিস্কার রাখার জন্য।

মায়াপুর শ্রীচৈতন্য মঠে ব্যাস পূজোয় হাজার হাজার ভক্তের সমাগম

দুরন্ত বার্তা,মায়াপুর, ২২ ফেব্রুয়ারিঃ গত ১৫-১৮ ফেব্রুয়ারি মায়াপুর চৈতন্য মঠে তিনদিনব্যাপী ব্যাস পূজা অনুষ্ঠিত হল। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন ত্রিদত্তীস্বামী শ্রী ভক্তিস্বরূপ সম্মাসী মহারাজ। উপস্থিত ছিলেন কলকাতা হাইকোর্টের বর্তমান ও প্রাক্তন বিচারপতিগণ। শ্রীল প্রভুপাদ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের ১৫২ তম আবির্ভাব উপলক্ষে বিভিন্ন মঠ-মন্দিরের আচার্য্যগন, সম্মাসীবৃন্দ বক্তব্য রাখেন।



করে। প্রাক্তন বিচারপতি পার্শ্বশা দত্ত জানান, প্রভুপাদের মূল চিন্তাধারা যে এখনও গুরু পরম্পরায় সুন্দরভাবে চলে আসছে তার ব্যাখ্যা করেন। ভক্তি স্বরূপ সম্মাসী মহারাজ জানান, প্রভুপাদ কি উদ্দেশ্যে মঠ মন্দির প্রতিষ্ঠা করেছিলেন। হরিনামই যে একমাত্র পথ সেটাও তিনি জানান। ব্যাস পূজোর দিন সকালে ভক্তিস্বরূপ সম্মাসী মহারাজ শ্রীল প্রভুপাদের পাদুকাযুগল মন্তকে বহন করে ভক্তি বিজয়ভবন থেকে ভজন

কুটির হয়ে শ্রীল প্রভুপাদের সমাধি মন্দিরে রাখেন। হাজার হাজার ভক্তগণ পুষ্পাঞ্জলী নিবেদন করেন।

শিশুদের ভক্তিমূলক নৃত্য এবং রাজা হরিশচন্দ্র ও গীতার সংসার নাটক মঞ্চস্থ হয়। দশ হাজার ভক্তের মধ্যে প্রসাদ বিতরণ করা হয় সেটাও তিনি জানান। ব্যাস ব্রহ্মচারী জানান।

তিনদিনব্যাপী অনুষ্ঠানে মঠের মহিলা ভক্তদের অবদান ছিল অনস্বীকার্য।

আগরতলা-সাত্রম সেকশনের বৈদ্যুতিকীকরণের সতর্কতামূলক পরিদর্শন করলেন পিসিইই

মালিগাঁও, ২২ ফেব্রুয়ারিঃ ২২ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে লামডিং ডিভিশনের আগরতলা-সাত্রম সেকশনের সতর্কতামূলক পরিদর্শন করেন উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের (এনএফআর) প্রিন্সিপাল চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার (পিসিইই)। অঞ্চলটিতে রেলওয়ে পরিকাঠামোর আধুনিকীকরণ প্রক্রিয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য পদক্ষেপ হিসেবে ২৫ কেভি ইলেকট্রিক ট্রাকশনের অধীনে বাণিজ্যিক পরিষেবা চালু করার অনুমোদন প্রক্রিয়ায় এই পরিদর্শন এক প্রধান মাইলস্টোন হিসেবে বিবেচিত হয়েছে। একটি সিঙ্গল-লাইন (আপডাউন) সেকশনে ১১২.৯১ আরকেএম এবং ১৩৫.৪০ টিকেএম বিস্তৃত এই বৈদ্যুতিকীকরণ প্রকল্পটি রেলওয়ে পরিচালনা ব্যবস্থার উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ। ইলেকট্রিক ট্রাকশনের অধীনে পূর্ণ পর্যায়ে বাণিজ্যিক ট্রেন পরিষেবা চালু করার পূর্বে পিসিইই-এর দ্বারা এই সতর্কতামূলক পরিদর্শন একটি বাধ্যতামূলক পূর্বশর্ত। এই সেকশনের বৈদ্যুতিকীকরণের মধ্যে উদয়পুরে ট্রাকশন সাবস্টেশনের পাশাপাশি বিশ্রামগঞ্জ, শান্তিরবাজার এবং জেলাইবিআই সান-সেকশনইং এবং প্যারালেলিং পোস্টের মতো মুখ্য বৈদ্যুতিক পরিকাঠামো অন্তর্ভুক্ত রয়েছে। অঞ্চলটিতে ট্রেন পরিচালনের জন্য সুস্থির ও দক্ষ পাওয়ার সুরাহা নিশ্চিত করতে এই স্থাপনাগুলি এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। পরিচালনমূলক দক্ষতা বৃদ্ধি, জীবাশ্ম ইন্ধনের নির্ভরযোগ্যতা হ্রাস এবং পরিপার্শ্বিক প্রভাব কম করতে ভারতীয় রেলওয়ের যে বৃহত্তর লক্ষ্য তার অধীনে আগরতলা-সাত্রম সেকশনের বৈদ্যুতিকীকরণ একটি প্রধান পদক্ষেপ। বৈদ্যুতিক ট্রাকশনে রূপান্তর করা হলে কার্বন নির্গমন উল্লেখযোগ্যভাবে হ্রাস পাবে, ডিজেল লোকোমোটিভের পরিবর্তে এক স্থিতিশীল ও



পরিবেশ অনুকূল বিকল্প পাওয়া যাবে। পাশাপাশি বৈদ্যুতিক ট্রেন গতি, নির্ভরযোগ্যতা এবং যাত্রার সময় উন্নত করবে, যার ফলে রেলওয়ের কার্যকলাপকে আরও শক্তি-সাম্রথ্য ও ব্যয়-সাম্রথ্য করে তুলবে। এই উন্নতির ফলে যাত্রী ও পণ্যবাহী পরিবহন বৃদ্ধি করবে, সুগম ও দ্রুত পরিষেবা নিশ্চিত করবে এবং অঞ্চলটির অর্থনৈতিক বিকাশ ও সংযোগের ক্ষেত্রে অবদান যোগাবে বলে আশা করা হয়েছে। এই প্রকল্পের সফল সমাপ্তির পর বাধ্যতীন পণ্যবাহী চলাচল এবং পণ্য ও কাঁচা সামগ্রীর দ্রুত পরিবহন সক্রিয় করে বাণিজ্য, পর্যটন ও শিল্প উন্নয়নে সাহায্য হবে। বর্ধিত ভ্রমণ স্বাচ্ছন্দ্য এবং পরিষেবার নির্ভরযোগ্যতা থেকে যাত্রীরা উপকৃত হওয়ার পাশাপাশি দক্ষ লজিস্টিক থেকে বাবসাও বৃদ্ধি হবে। ভারতীয় রেলওয়ের ১০০ শতাংশ ব্রডগজ বৈদ্যুতিকীকরণ অর্জনের লক্ষ্য হিসেবে এই পদক্ষেপ ভারত সরকারের স্থিতিশীল ও দক্ষ পরিবহন সমাধানের প্রতিশ্রুতির সাথে সামঞ্জস্যপূর্ণ। এগিয়ে যাওয়ার পাশাপাশি উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে বৈদ্যুতিকীকরণ প্রকল্প, স্টেশন আপগ্রেড এবং উন্নত যাত্রী সুযোগ-সুবিধার মাধ্যমে পরিকাঠামোর আধুনিকীকরণে প্রতিশ্রুতিবদ্ধ, যা সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের জন্য আরও উন্নত, পরিবেশ অনুকূল এবং দক্ষ রেলওয়ে নেটওয়ার্ক নিশ্চিত করে তুলবে।

রাজ্যজুড়ে ঝড়-বৃষ্টির পূর্বাভাস, পাহাড়ে তুষারপাতের সম্ভাবনা

কলকাতা, ২২ ফেব্রুয়ারিঃ গাঙ্গেয় পশ্চিমবঙ্গ থেকে তেলেঙ্গানা পর্যন্ত বিস্তৃত একটি অক্ষরেখার প্রভাবে রাজ্যজুড়ে আগামী কয়েকদিন ধরে ঝড়-বৃষ্টি চলবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। শনিবার সাংবাদিক বৈঠকে আলিপুর আবহাওয়া দফতরের অধিকর্তা সোমনাথ দত্ত জানান, বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশের ফলে শনিবার ও রবিবার রাজ্যের বিভিন্ন জেলায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টি, শিলাবৃষ্টি এবং দমকা ঝোড়ো হাওয়া বইতে পারে। শনিবার সন্ধ্যার পর থেকেই জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ-সহ ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে। রবিবারও মেঘলা আকাশের সঙ্গে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। কিছু জয়গায় ঝোড়ো হাওয়ার গতিবেগ ৬০ থেকে ৪০ কিলোমিটার প্রতি ঘণ্টা পর্যন্ত পৌঁছতে পারে। শনিবার থেকে রবিবার সকাল পর্যন্ত দক্ষিণবঙ্গের একাধিক জেলায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি ও শিলাবৃষ্টির পূর্বাভাস রয়েছে। হাওড়া, হুগলি, উত্তর ২৪ পরগনা, বর্ধুকা, পশ্চিম মেদিনীপুর, পূর্ব ও পশ্চিম বর্ধমান এবং নদীয়া জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার গতিবেগে দমকা হাওয়া বইতে পারে। অন্যদিকে, কলকাতা-সহ দক্ষিণবঙ্গের অন্যান্য জেলাগুলিতে ৬০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো বাতাস এবং বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। রবিবার রাাত থেকে সোমবার সকাল পর্যন্ত দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় বজ্রবিদ্যুৎ-সহ হাওয়া বইতে থাকবে। কলকাতা, হাওড়া, হুগলি, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব বর্ধমান, মুর্শিদাবাদ ও নদীয়াতে ৬০ থেকে ৪০ কিলোমিটার গতিবেগে ঝোড়ো বাতাস বইতে পারে। সোমবারেও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে মঙ্গলবার সকাল থেকে আকাশ পরিষ্কার হওয়ার সম্ভাবনা রয়েছে। এদিকে উত্তরবঙ্গের দার্জিলিংয়ের উঁচু পার্বত্য অঞ্চলে সোমবার পর্যন্ত হালকা তুষারপাতের সম্ভাবনা রয়েছে। পাশাপাশি, সিক্কিমের পার্বত্য এলাকাতেও তুষারপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে। এছাড়া, দার্জিলিং ও কালিম্পং জেলায় সোমবার পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। শনিবার ও রবিবার উত্তরবঙ্গের সমস্ত জেলায় বজ্রবিদ্যুৎ-সহ হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার, উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং মালদা জেলায় বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। আগামী ৪৮ ঘণ্টায় উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং মালদা জেলায় বজ্রপাতের আশঙ্কা তুলনামূলকভাবে বেশি বলে জানিয়েছে আবহাওয়া দফতর। আবহাওয়া দফতরের বার্ষিকায় অনুযায়ী, রাজ্যের বাসিন্দাদের আবহাওয়ার পরিবর্তনের বিষয়ে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

আরও তীব্র আন্দোলনের কর্মসূচির ডাক সেলিমের

হুগলি, ২২ ফেব্রুয়ারি : আরও তীব্র আন্দোলনের কর্মসূচী এবং সময়ের উপযোগী পাট সংগঠন গড়ে তোলার ডাক দিলেন সিপিআই (এম)-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। পশ্চিমবঙ্গের গরিব প্রান্তিক মানুষের বিপন্নতা উল্লেখ করে রাজ্য সম্মেলনের প্রথম দিনে তাঁর ভাষণে সেলিম বলেন, শিক্ষাক্ষেত্রে ড্রপ আউট, বেকারি, ফসলের দাম না পাওয়া, পরিযায়ী শ্রমিক হয়ে চলে যাওয়া এই সব ক্ষেত্রে আমরা বামপন্থীরা কেবল প্রতিক্রিয়া দেখানোর কাজে আবদ্ধ থাকি না। আমরা বাম বিকল্প নিয়ে ইতিবাচক হস্তক্ষেপের জন্য আন্দোলনের কর্মসূচী নেবো। তিনি বলেন, প্রান্তিক মানুষের সঙ্গে বিশেষত গ্রামীণ গরিবের সঙ্গে জীবন্ত সংযোগ স্থাপন করে লড়াই তীব্র করে তুলবে। মিথ্যা মামলা, হামলা, জেল ইত্যাদির মধ্যেও পশ্চিমবঙ্গে বামপন্থী কর্মীরা লড়াই করছেন, এই সম্মেলনে আলোচনার পর আমরা আরও তীব্র আন্দোলনের কর্মসূচী নেবো।

চন্ডীতলা থানায় হাজির ফ্যাক্ট ফাইন্ডিং টিম

দুরন্ত বার্তা, চন্ডীতলা হুগলি, ২২ ফেব্রুয়ারিঃ চন্ডীতলা থানায় হাজির ফ্যাক্ট ফাইন্ডিং টিম! এদিন সন্ধ্যায় এক ঘণ্টার বিশেষ বৈঠক হয় থানায়। টিমে আছেন অতিরিক্ত পুলিশ সুপার কৃষ্ণানু রায়, চন্ডীতলার এসডিপিও তমাল সরকার, সার্কেল ইন্সপেক্টর সন্দীপ গাঙ্গুলি-সহ এক মহিলা পুলিশ অফিসার। এমনটাই খবর সূত্রের। পুলিশ সূত্রে জানা গিয়েছে, জয়ন্ত পাল মেহেতু ইন্সপেক্টর ছিলেন তাই শৃঙ্খলার প্রশ্নে যা করার পুলিশ বিভাগই করবে। ঘটনার তদন্তে জয়ন্ত পালের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত হবে। পাশাপাশি দোষ প্রমাণিত হলে কড়া শাস্তির মুখে পড়তে হবে পালেকে। প্রসঙ্গত, গত বুধবার রাতে হাওড়ার ঘোষপাড়া পেট্রোল পাম্পের কাছে গুলিবৃদ্ধ হন চন্ডীতলা থানার ওসি। সেখানে একজন মহিলার উপস্থিতি ছিল। সেই মহিলা জয়ন্ত পালের পূর্ব পরিচিত বলে জানা গেছে। ঘটনাকে কেন্দ্র করে জলঘোলাও হয় বিস্তর। যদিও ওই ‘রহস্যময়ীর’ পরিবারের সদস্যদের দাবি, জয়ন্তের তাঁদের মেয়ের কোনও পরিচিতিই ছিল না। তদন্তে উঠে এসেছে আরও চাঞ্চল্যকর তথ্য। চন্ডীতলা থানার আইসি-র শরীর থেকে যে গুলি পাওয়া গিয়েছে, তা সার্ভিস রিভলবার থেকে বের হার্নি। উদ্ধার হয়েছে ৭৬মএম গুলির খোল। একই সঙ্গে গাড়ি থেকে মদ, সেক্স টয়, কন্ডোমও পাওয়া যায় বলে খবর। মাঝরাতে নিজের জেলা ছেড়ে অনা জেলায় কেন গিয়েছিলেন, কোন কাজে গিয়েছিলেন তা নিয়ে বেড়েছে র‌্যোশাশ। একজন পুলিশ অফিসার নিজের এলাকা ছেড়ে অন্য জেলায় গেলে উর্ভতন কর্তৃপক্ষের অনুমতির প্রয়োজন। এক্ষেত্রে জয়ন্ত সেটা করেছিলেন কিনা তা দেখার পাশাপাশি যে পিস্তল থেকে গুলি চলেছে সেটার সম্পর্কেও তথ্য সংগ্রহ করেছে ফ্যাক্ট ফাইন্ডিং টিম, এমনটাই খবর সূত্রের। সূত্রের আরও খবর, শোয়ারে পানশালা চালান বড়বাবু! সেই পানশালায় যান অন্য জেলার বড়বাবুরাও।

ঘটনাকে কেন্দ্র করে জলঘোলাও হয় বিস্তর। যদিও ওই ‘রহস্যময়ীর’ পরিবারের সদস্যদের দাবি, জয়ন্তের তাঁদের মেয়ের কোনও পরিচিতিই ছিল না। তদন্তে উঠে এসেছে আরও চাঞ্চল্যকর তথ্য। চন্ডীতলা থানার আইসি-র শরীর থেকে যে গুলি পাওয়া গিয়েছে, তা সার্ভিস রিভলবার থেকে বের হার্নি। উদ্ধার হয়েছে ৭৬মএম গুলির খোল। একই সঙ্গে গাড়ি থেকে মদ, সেক্স টয়, কন্ডোমও পাওয়া যায় বলে খবর। মাঝরাতে নিজের জেলা ছেড়ে অনা জেলায় কেন গিয়েছিলেন, কোন কাজে গিয়েছিলেন তা নিয়ে বেড়েছে র‌্যোশাশ। একজন পুলিশ অফিসার নিজের এলাকা ছেড়ে অন্য জেলায় গেলে উর্ভতন কর্তৃপক্ষের অনুমতির প্রয়োজন। এক্ষেত্রে জয়ন্ত সেটা করেছিলেন কিনা তা দেখার পাশাপাশি যে পিস্তল থেকে গুলি চলেছে সেটার সম্পর্কেও তথ্য সংগ্রহ করেছে ফ্যাক্ট ফাইন্ডিং টিম, এমনটাই খবর সূত্রের। সূত্রের আরও খবর, শোয়ারে পানশালা চালান বড়বাবু! সেই পানশালায় যান অন্য জেলার বড়বাবুরাও।

ঘটনাকে কেন্দ্র করে জলঘোলাও হয় বিস্তর। যদিও ওই ‘রহস্যময়ীর’ পরিবারের সদস্যদের দাবি, জয়ন্তের তাঁদের মেয়ের কোনও পরিচিতিই ছিল না। তদন্তে উঠে এসেছে আরও চাঞ্চল্যকর তথ্য। চন্ডীতলা থানার আইসি-র শরীর থেকে যে গুলি পাওয়া গিয়েছে, তা সার্ভিস রিভলবার থেকে বের হার্নি। উদ্ধার হয়েছে ৭৬মএম গুলির খোল। একই সঙ্গে গাড়ি থেকে মদ, সেক্স টয়, কন্ডোমও পাওয়া যায় বলে খবর। মাঝরাতে নিজের জেলা ছেড়ে অনা জেলায় কেন গিয়েছিলেন, কোন কাজে গিয়েছিলেন তা নিয়ে বেড়েছে র‌্যোশাশ। একজন পুলিশ অফিসার নিজের এলাকা ছেড়ে অন্য জেলায় গেলে উর্ভতন কর্তৃপক্ষের অনুমতির প্রয়োজন। এক্ষেত্রে জয়ন্ত সেটা করেছিলেন কিনা তা দেখার পাশাপাশি যে পিস্তল থেকে গুলি চলেছে সেটার সম্পর্কেও তথ্য সংগ্রহ করেছে ফ্যাক্ট ফাইন্ডিং টিম, এমনটাই খবর সূত্রের। সূত্রের আরও খবর, শোয়ারে পানশালা চালান বড়বাবু! সেই পানশালায় যান অন্য জেলার বড়বাবুরাও।

দেড় হাজার কর্মীকে নিয়ে নতুন পরিকল্পনা

যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় তদন্ত ব্যুরোর (এফবিআই) নতুন পরিচালক ক্যাশ প্যাটলে প্রবীণ কর্মকর্তাদের বলেছেন, তিনি সংহার এক হাজার কর্মীকে দেশের বিভিন্ন মাঠপর্যায়ের কার্যালয়ে সরিয়ে নিতে চান। এ ছাড়া আরও ৫০০ কর্মীকে আলাবামার হার্টসভিল এলাকায় এফবিআইয়ের একটি কার্যালয়ে সরিয়ে নেওয়ার পরিকল্পনা করছেন তিনি। প্রবীণ কর্মকর্তাদের সঙ্গে ক্যাশ প্যাটলেরের আলোচনার সঙ্গে সংশ্লিষ্ট এক ব্যক্তি এসব কথা বলেন। গতকাল শুক্রবার

এফবিআইয়ের প্রধান হিসেবে হোয়াইট হাউসে শপথ নিয়েছেন ক্যাশ প্যাটলে। এদিনই তিনি তাঁর পরিকল্পনার কথা জানান। এক বিবৃতিতে এফবিআই বলেছে, পরিচালক প্যাটলে মার্কিন জনগণের প্রতি তাঁর যে প্রতিশ্রুতি আছে, তা স্পষ্ট করছেন। বলেছেন, এফবিআইয়ের সদস্যদের এমন হতে হবে যেন তাঁরা সহিংস অপরাধ মোকাবিলাকে প্রাধান্য দিয়ে কাজ করেন। আর এই প্রতিশ্রুতি পূরণে একটি পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন তিনি। তবে ওই বিবৃতিতে সুনির্দিষ্ট করে কিছু উল্লেখ করা হয়নি। প্রবীণ কর্মকর্তাদের সঙ্গে আলোচনায় ক্যাশ প্যাটলে যে

পরিকল্পনাগুলোর কথা বলেছেন, তা আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়নি। এ ব্যাপারে যে সূত্র কথা বলেছেন, তিনি তাঁর নাম প্রকাশ করেননি। গত বৃহস্পতিবার এফবিআইয়ের প্রধান হিসেবে ক্যাশ প্যাটলেরের নিয়োগ অনুমোদন করে দিয়েছে। তাঁর পক্ষে ভোট দিয়েছে ৫১ জন আর বিপক্ষে ভোট দিয়েছে ৪৯ জন। নিজ দল রিপাবলিকান পার্টির দুজন আইনপ্রসেতা প্যাটলের বিরুদ্ধে ভোট দিয়েছেন। তাঁরা হলেন মেইন অঙ্গরাজ্যের সুসান কলিস এবং আলাব্কা অঙ্গরাজ্যের লিসা মুরকোশি। শপথ অনুষ্ঠানে ক্যাশ প্যাটলে বলেছেন, এফবিআইয়ের প্রধান হিসেবে দায়িত্ব পাওয়াটা তাঁর জীবনের ‘সবচেয়ে সম্মানজনক বিষয়’।

Name Change
I, Mintu Das (Majumder) alias Mithu Das W/o Nanioppal Das Residing at Vill-Gadigachha, P.O. Gadigachha, P.S. Nabadwip, Dist.-Nadia, have changed my name and shall henceforth be known as Mintu Das as declared before the L.d. Judicial Magistrate 1st Class at Nabadwip, Nadia vide affidavit no 737 Dated 18/02/2025. Mintu Das (Majumder), Mithu Das and Mintu Das are the same and identical person.

Name Change
NO-14530430X RANK - NAIK DINESH CHANDRA ROY R/O JAMBUNI WARD NO-5 PO & PS - BOLPUR DIST. BIRBHUM (WB) PIN-731204. Henceforth will be known as SMT Doli Roy instead of ARCHANA ROY in every place an institution vide affidavit-before 1st class Judicial Magistrate 2nd Court BOLPUR. BIRBHUM 07 NOV 2024.

Name Change
I, Jahir Millick (Old Name) son of Selim Mallick, residing at Vill:- Koria, P.O.- Bainan, P.S.- Bagnan, Dist.- Howrah, Pin-711303, West Bengal, INDIA, have changed my name and shall henceforth be known as Jahir Hossain Mallick (New Name) as declared before the 1st Class Judicial Magistrate at Uluberia, dated 20/02/2025. Jahir Hossain Mallick (New Name) and Jahir Millick (Old Name) both are same and identical person.

Name Change
I, Sunita Agarwal (Old Name) wife of Bhagwan Das Agarwal, residing at 176, Block-A, Bangur Avenue, P.S.- Laketown, North 24 Parganas, Pin-700055, West Bengal, INDIA, have changed my name and shall henceforth be known as Sunita Devi Agarwal (New Name) as declared before the Notary Public at Kolkata, dated 21/02/2025. Sunita Devi Agarwal (New Name) and Sunita Agarwal (Old Name) both are same and identical person.

Name Change
I,JAHANGEER MOLLA, SON OF SAHADAT MOLLA, RESIDING AT 297/118 G.C. ROAD,NAYA BASTI, TITAGARH, NORTH 24 PARGANAS - 700119, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS JAHANGIR MOLLA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 21/02/2025. THAT JAHANGEER MOLLA AND JAHANGIR MOLLA BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I, Diya Dutta D/O Bivas Dutta, declare that my father said name Bivas Chandra Dutta as per birth certificate and Qualification certificate (old name), residing at Vill-Sainpala, P.O. & P.S.- Basinhat, Dist.- North 24 Pgs, West Bengal, India, have changed my pper name and he shall henceforth be known as Bivas Dutta as per volor card and adhaar card also pan card (as new name) vide an affidavit sworn before the Notary public at Basinhat, North 24 Parganas on 11/02/2025. Bivas Dutta (new name) and Bivas Chandra Dutta (old name) both are the same and one identical person.

Name Change
I,SUBHASH DEY,SON OF HARENDRA NATH DEY, RESIDING AT MAHISHA, MASLANDAPUR,P.O - KUMRA KASHIPUR, NORTH 24 PAR- GANAS - 743274,WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SUBHASH CHANDRA DEY VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 21/02/2025.THAT SUBHASH DEY AND SUBHASH CHANDRA DEY BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,KRISHNA DEY,WIFE OF PALASH DEY,RESIDING AT MAHISHA, MASLANDAPUR, PO - KUMRA KASHIPUR, NORTH 24 PARGANAS - 743274, WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS KRISHNA SAHA DEY VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 21

গ্যাস কেওয়াইসি-র ফাঁদ! প্রতারকদের হাতে টাকা খোয়ালেন কেবল ব্যবসায়ী

জয়দীপ মৈত্র, দক্ষিণ দিনাজপুর, ২২ ফেব্রুয়ারি : গ্যাস সংস্থার নামে ফোন করে কেওয়াইসি আপডেটের অ ছিলায় এক কেবল ব্যবসায়ীর ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে উধাও ৮-১ হাজার ৯৭ টাকা। প্রতারকার শিকার হওয়া ওই ব্যবসায়ীর নাম সঞ্জয় কুমার বিশ্বাস, যিনি দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর থানার ঠেসপাড়ার বাসিন্দা। ইতিমধ্যেই তিনি দক্ষিণ দিনাজপুর সাইবার ক্রাইম থানায় অভিযোগ জানান। জানা গেছে, এদিন সকালে এক ব্যক্তি গ্যাস ডিস্ট্রিবিউটর এজেন্সির কর্মী পরিচয় দিয়ে ‘তাকে ফোন করে। বলা হয়, বহুদিন ধরে তার গ্যাসের সাবসিডিজ টাকা ঢুকছে না, তাই কেওয়াইসি আপডেট করতে হবে। প্রতারকরা কিছু নথি হোয়াটসঅ্যাপে পাঠানোর নির্দেশ দেয়। সঞ্জয়বাবু নির্দিষ্ট নথিগুলি পাঠানোর কিছুক্ষণের মধ্যেই তার দুটি ব্যাংক অ্যাকাউন্ট থেকে ৮-১ হাজার টাকা কুলে নেয় প্রতারকরা। চিকিৎসার জন্য জমানো টাকা খোয়া যাওয়ায় তিনি অসহায় হয়ে পড়েছেন। ইতিমধ্যেই পুলিশ তদন্ত শুরু করেছে।

নদী দূষণ রুখতে বিশেষ পরিকল্পনা – মাথাভাঙার সুটঙ্গা নদী পরিদর্শন

দুরন্ত বার্তা, মাথাভাঙা, ২২ ফেব্রুয়ারি : এবার রাজ্যের বাজেটে ‘নদী বন্ধন’ প্রকল্প গ্রহণ করা হয়েছে। সেখানে যেমন নদীর বাঁধ দেওয়া হবে তেমনই নদীকে দূষণমুক্ত করার দিকেও নজর দেওয়া হয়েছে। সুটঙ্গা নদী



মাথাভাঙা। শহরের ফুসফুস হিসেবে পরিচিত দীর্ঘ সময় ধরে। বর্তমানে এই নদীর ওপর দ্বিতীয় পাকা সেতু নির্মাণের পর সমস্যা তৈরি হয়। সেতুর নিচে একটি পুরনো কাঠের সেতুর অংশ ও নির্মাণ সামগ্রী পড়ে রয়েছে এখনও পর্যন্ত। বর্ষার সময় সেই নির্মাণ

সামগ্রীতে কচুরিপানা ও অন্যান্য বর্জ্য আটকে নদীতে দূষণ ছড়ায়। এছাড়া নদীর বিভিন্ন জায়গায় স্থানীয় মানুষেরা নোহারা আবর্জনা ফেলে থাকেন। সেখান থেকেও দূষণ ছড়াচ্ছে নদীর মধ্যে। সেই কারণেই সুটঙ্গা নদী পরিদর্শন করা হল মাথাভাঙা নদী রক্ষা কমিটির সদস্যদের পক্ষ থেকে। জানা যাচ্ছে, এবার নদী দূষণ রোধে বড়ো পরিকল্পনা যাতে চলেছে কোচবিহার প্রশাসন। স্থানীয় একজন পরিবেশ কর্মী জানান, প্রশাসনিক নজরদারির অভাবে নদীবক্ষে বেআইনি কৃষিকাজ চলছে প্রতিদিন্যতই। রাসায়নিক সার ব্যবহার করার ফলে হারিয়ে যাচ্ছে গুরুত্বপূর্ণ নদীয়ালা মাছ। এছাড়া সুটঙ্গা নদী ও মানসাই নদীর সংযোগস্থলে পুরসভা ডাম্পিং গ্রাউন্ড তৈরি করেছে। যেখান থেকে সরাসরি নদীর মধ্যে প্লাস্টিক ও রাসায়নিক বর্জ্য মিশছে। যাতে নদীর দূষণের মাত্রা বেড়ে উঠছে আরও অনেকটাই। ফলে মাথাভাঙা শহরের ফুসফুসকে বাঁচাতে এই বিশেষ প্রয়াস নেওয়া অত্যন্ত প্রয়োজনীয় ছিল। দ্রুত পর্যা়ে ব্যবস্থা গ্রহণ করে নদীর দূষণ বন্ধ করা হোক। এখন দেখার সেই নদীকে বাঁচানোর জন্য শেষ পর্যন্ত কতটা কার্যকরি ভূমিকা নেওয়া হয়!

কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরীকে ফোনে হুমকির ঘটনায় ধৃত ৫

দুরন্ত বার্তা, মালদা, ২২ ফেব্রুয়ারি : ইংরেজবাজারের পুরপ্রধান কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরীকে ফোনে হুমকির ঘটনায় এক যুবককে প্রেফতার এবং আরও ৪ জনকে আটক করল পুলিশ। ‘কোম্পানি’র প্রদীপ বলে যে ব্যক্তি ফোন করেন শাহদত শেখ। আদতে মালদার বাসিন্দা ওই যুবক কৃষ্ণেন্দুকে হুমকি ফোন করার জন্য কলকাতায় গিয়েছিলেন। ওই ঘটনায় মোট পাঁচ জনের যোগ রয়েছে বলে জানতে পেরেছে পুলিশ। বাকি চার জনকে আটক করে পরিষে। অভিযুক্তদের মধ্যে এক জন বিহারের বাসিন্দা। কৃষ্ণেন্দুবাবুর অভিযোগ ছিল, বুধবার সন্ধ্যা ৬টা নাগাদ তিনি একটি বার্তা পান। যিনি বার্তা পাঠিয়েছিলেন, তিনি নিজেকে ‘ কোম্পানি’র প্রদীপ বলে পরিচয় দিয়েছেন। তিনি ব্যক্তিই লেখেন, ‘ গোটি দেনা হোগা আপকে, নেহি তো তুম অর তুমহারি ফার্মালি মেসার কে। টোক এসে’ ” বাংলায় তর্জমা করলে দাঁড়ায় ‘ ২০ পেটি দিতে হবে। নয়তো আপনাকে এবং আপনার পরিবারকে গুলি করে দেব।’’ তাঁকে এবং তাঁর পরিবারের সদস্যদের খুনের হুমকি দেওয়ার পরে পুলিশের দ্বারস্থ হল কৃষ্ণেন্দুবাবু। ওই ঘটনায় অভিযোগ পাওয়ার পর তিন জনকে আটক করে কালিয়াকৈর থানার পুলিশ।

সেতুর অভাবে চরম ভোগান্তি, জীবনের ঝুঁকি নিয়ে নদী পারাপার

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২২ ফেব্রুয়ারি : জলপাইগুড়ি জেলার নাগরাকাটা রুকের সাট টবু গ্রামের বাসিন্দারা বছরের প্রায় ছয় মাস নদী পারাপারের সমস্যার সম্মুখীন হন। নদীর এপারেরি রয়েছে স্বাস্থ্যকেন্দ্র, স্কুলসহ অন্যান্য জরুরি পরিষেবা, তবে বর্ষাকালে নদীর জল বৃদ্ধি পাওয়ায় পারাপার হয়ে ওঠে দুঃস্বাধ্য। গ্রামের মানুষ, বিশেষ করে গর্ভবতী মহিলা, স্কুলপুতুষ্য ও বৃদ্ধরা চরম দুর্ভোগের শিকার হচ্ছেন। বর্ষার সময় বিকল্প রাস্তা ব্যবহার করতে বাধ্য হন তারা, যা দীর্ঘ পথ অতিক্রম করতে বাধ্য করে। স্থানীয়দের দাবি, বহুবার প্রশাসনের কাছে সেতু নির্মাণের আবেদন জানানো হলেও এখনো পর্যন্ত কোনো সমাধান হয়নি। গ্রামবাসীরা বারবার প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করলেও বিষয়টি উপেক্ষিত থেকে গেছে বলে অভিযোগ উঠেছে। গ্রামবাসীদের একটিই আবেদন, দ্রুত একটি স্থায়ী সেতু নির্মাণ করা হোক, যাতে বর্ষাকালে আর জীবনের ঝুঁকি নিয়ে নদী পার হতে না হয়। প্রশাসন করে এই সমস্যার সমাধান করবে, সে লিখেই এখন তাকিয়ে রয়েছেন সাট টবু গ্রামের মানুষ।

মাতৃভাষা

অভিজিত হাজারা, হাওড়া, ২২ ফেব্রুয়ারি : ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি, মাতৃভাষা রক্ষার্থে আন্দোলনে যে সমস্ত বীর আত্মবলিদান দিয়েছিলেন তাদের স্মৃতি রক্ষার্থে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে মেতে উঠলো আমতাবাসী। এদিনের আমতায় প্রথম অনুষ্ঠানটি হলো আমতা থানার প্রবেশ পথের পাশে। ভাষার টানে, জীবন বাংলা গানে। বাংলা ভাষার মর্যাদা রাখার যারা শহিদ হয়েছেন তাদের স্মৃতিতে শ্রদ্ধা জানাতে আমতা থানার পাশে পশ্চিমবঙ্গে প্রথম ভাষা শহিদদের স্মরণে স্মৃতি স্তম্ভ স্থাপন হয়েছিল আমতায়। আমতা ১ নং রুকের রসপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত কলিকাতা জেলের স্বেচ্ছাসেবী সংগঠন ‘অগ্রগতি’ - র উদ্যোগে ও ব্যবস্থাপনায় এই স্মৃতি স্তম্ভ নির্মিত হয় ১৯৯০ সালের ২১ ফেব্রুয়ারি। এর তিনবছর পর ১৯৯৩ সালে কলকাতার কার্জন পার্কে স্থাপিত হয় ভাষা স্মৃতিফলক। ২০১১ সালে কলকাতার দেশপ্রিয় পার্কে স্থাপিত হয় আর ও এক স্মৃতি ফলক। ২০১১ সালে ২০ ফেব্রুয়ারি আমতা -র কানপুর গ্রামে পুরাশ সারঙ্গ - র আয়োজনে এক্ষুণে স্মারক স্মৃতি স্তম্ভ নির্মিত হয়। ভাষার টানে, জীবন বাংলা গানে। বাংলা ভাষা মর্যাদা রক্ষায় যারা শহিদ হয়েছেন তাদের স্মৃতিতে শ্রদ্ধা তর্পণে আমতা থানার প্রবেশ পথের পাশে ‘অগ্রগতি’ উদ্যোগে ও ব্যবস্থাপনায় পশ্চিমবঙ্গে প্রথম ভাষা শহিদদের স্মরণে নির্মিত স্মৃতি স্তম্ভে ৪৮ তম বর্ষে পালিত হল অমর ২১ ফেব্রুয়ারী - অনুষ্ঠান। অনুষ্ঠান ডালিতে ছিল শহিদ স্মৃতি স্তম্ভে মাল্যদান, কবি - সাহিত্যিক, সাংবাদিক, বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক - শিক্ষিকা, শিক্ষার্থী, বিভিন্ন গণ সংগঠনের সভ্য -সভ্যা, বিশিষ্ট ব্যক্তিবর্গদের উপস্থিতিতে মৌন পদযাত্রা, অমর এক্ষুণে ফেব্রুয়ারি স্মারক গ্রন্থ প্রকাশ, আলোচনা চক্র, সাংস্কৃতিক অনুষ্ঠান, এক্ষুশের প্রদর্শনী। মৌন পদযাত্রা আমতা শহর পরিক্রমা করে। শহিদ স্মৃতি স্তম্ভে মাল্যদান করেন আমতা থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ অজয় সিং, আমতা মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক নির্মল কুমার বাগানী, আমতা মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তরের অমূল চক্রবর্তী সহ উপস্থিত অতিথিবৃন্দ। এই অনুষ্ঠান প্রসঙ্গে ‘অগ্রগতি’ সংগঠনের প্রতিষ্ঠাতা ও কর্ণধার সমাজসেবী তপন মন্ডল বলেন, বাংলা মাধ্যমে পূজার মানসিকতা আজ তালমিটে ঢেকেছে। এরজন্য দায়ী ছাত্র -ছাত্রীরা একদমই নয়। অভিভাবক - অভিভাবিকারা এর জন্য

মাটি খুঁড়তে জলের বদলে বেরিয়ে এলো গ্যাস, জ্বলে উঠল আগুন! আতঙ্কিত এলাকাবাসী



দুরন্ত বার্তা, কালনা, ২২ ফেব্রুয়ারি : জলের বদলে আগুন! মাটির খুঁড়ে জল বের করতে গিয়ে বিপত্তি! জলের পরিবর্তে শোঁ - শোঁ শব্দে বেরিয়ে এল গ্যাস ও আগুন! নানানঘাট থানার দক্ষিণবাটি এলাকায় এমনই এক চাঞ্চল্যকর ঘটনায় আতঙ্ক এলাকার বাসিন্দাদের। খবর পেয়েই ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ ও দমকলবাহিনী। যদিও জলপ্রকল্পের কাজটিকে বন্ধ রেখে ও এলাকাটিকে ঘিরে রেখে স্থানীয় পঞ্চায়েত ও প্রশাসনের পক্ষ

থেকে ওএনজিসিকে খবর দেওয়া হয়েছে। পুলিশ ও পঞ্চায়েত সূত্রে জানা গেছে, গত শুক্রবার থেকে পূর্বস্থলী ১ ব্লকের সমুদ্রগড়ের দক্ষিণবাটিতে পরিশ্রুত পানীয় জল প্রকল্পের জন্য সাবার্সিবল বসানোর কাজ শুরু হয়। মাটির গভীরে প্রায় ৬০০ ফুট গর্ত করার কাজ সম্পন্ন হতেই তলায় নামানো হয় পাইপ। তারপরেও জল না মেলায় মিস্ট্রদের সন্দেহ হয়। এরপর পাইপ তুলে নিতেই মাটির থেকে বেশি শোঁ - শোঁ শব্দে গ্যাস বের হয়। মাটির উপরে

দপ করে আগুন জ্বলে ওঠে। সেই শিক্ষা কয়েক ফুট উপরে উঠতেই তৈরি হয় আতঙ্ক। পুলিশ-প্রশাসনের কর্তারা-সহ দমকলবাহিনী ছুটে আসে। নেতানো হয় আগুন। কাজ বন্ধ রাখা হয়। স্থানীয়ারা জানান, ২৯০ ফুট বোরিং করে পাইপ মাটির তলায় ঢোকালেও জল মেলেনি। সন্দেহ হতে পাইপ তোলা হয়। এরপরেই শোঁ- শোঁ শব্দ হতেই দপ করে মাটির উপরে আগুন জ্বলে ওঠে। পাঁচ-সাত ফুট আগুনের ফুলকি ওঠে। সমুদ্রগড় পঞ্চায়েতের প্রধান রনজিত দেবনাথ বলেন, দক্ষিণবাটি মৌজায় নতুন সাবার্সিবল তৈরির কাজ চলছিল। পাইপ বসানোর সময় নিচের থেকে গ্যাস বের হচ্ছিল। দেশলাই দিয়ে দেখতেই আগুন জ্বলে ওঠে। জলপ্রকল্পটিকে সিল করে রাখা হয়েছে। ঘটনার কথা ব্রুক প্রশাসনকে জানানো হয়। ওএনজিসিকে খবর দেওয়া হয়েছে। এওই এলাকা থেকে প্রাকৃতিক গ্যাস মেলার সম্ভাবনাও রয়েছে বলে মনে করছেন এলাকার বাসিন্দারা।

দিনের পর দিন রেশন না পেয়ে ক্ষিপ্ত গ্রাহকরা, ডিলারকে ঘিরে বিক্ষোভ

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২২ ফেব্রুয়ারি : দীর্ঘদিন ধরেই সময়মতো মিলছে না রেশন সামগ্রী। দিনের পর দিন রেশন না পেয়ে ক্ষিপ্ত হয়ে ওঠেন গ্রাহকরা। এলাকার রেশন ডিলারকে ঘিরে বিক্ষোভ দেখান তারা। শনিবার এই ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে জলপাইগুড়ি শহরের রায়চতপাড়া এলাকায়। ঘটনাস্থলে সংবাদ সংগ্রহ করতে গেলে সংবাদমাধ্যমকেও বাধা দেওয়া হয় বলে অভিযোগ। স্থানীয় রেশন গ্রাহকদের অভিযোগ, বেশিরভাগ দিন রেশন দোকান বন্ধ থাকে। শনিবার সকালে রেশন দোকান খোলা রাখার কথা বলা হলেও বলা সাড়ে দশটা পর্যন্ত দোকানই খোলা হয়নি। আড়াই ঘণ্টার বেশি সময় দাঁড়িয়ে থেকে চরম হয়রানি হতে হয় গ্রাহকদের। দাঁড়িয়ে থাকতে হয় বয়স্ক মানুষদেরও। অভিযোগ, এক মাসেরও বেশি সময় ধরে কুপন দেওয়া হলেও রেশনের সামগ্রী মিলেনা না। গ্রাহকরা অভিযোগ করে বলেন, দুয়ারে রেশন নিতে গেলে সমস্ত সামগ্রী মেলে না। পরবর্তীতে রেশন দোকান আসতে বলা হয়। কিন্তু রেশন দোকানে এসেও দোকান বন্ধ থাকায় ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে থেকে ফিরে যেতে হয় তাদের। যদিও রেশন ডিলারের দাবি, দুয়ারে রেশন খোলিষেবা দিতে গিয়ে ব্যস্ত থাকি। তাই সবদিন দোকান খোলা সম্ভব হয় না। যদিও ডিস্ট্রিট ফুড কন্ট্রোলার দাওয়া ওয়ান্দ্বেল লামা টেলিফোনে বলেন, দন্তন্ত টিম পাঠানো হচ্ছে। পুরো ঘটনা দন্তন্ত করে দেখা হবে। অন্যদিকে, বারো মাস খাটিয়ে দশ মাসের বেতন, অবসরকালীন পাঁচ লক্ষ টাকা, ভাতা পেনশন, পিএফ বোনাস দিতে হবে অবিলম্বে মিড ডে মিল কর্মীদের বেতন বৃদ্ধি সহ একাধিক দাবি নিয়ে



আজ সারা বাংলা মিড ডে মিল কর্মী ইউনিয়ন জলপাইগুড়ি জেলা কমিটি উদ্যোগে রাজ্য সরকারের বাজেট প্রতিলিপি কদমতালি মেয়ে পুড়িয়ে বিক্ষোভে সামিল হয়। এই প্রসঙ্গে মিড ডে মিল কর্মী সংগঠণের অন্যতম নেত্রী মনোমারা হালদার বলেন, আমরা সংখ্যা আড়াই লক্ষ, এই আড়াই লক্ষ মিড ডে মিল কর্মীর সঙ্গে বঞ্চনা করেছে কেন্দ্র এবং রাজ্য সরকার। আমাদের বিভিন্ন দাবি নিয়ে লাগাতার আন্দোলন চলছে, রাজ্যে জুড়ে। আমরা আসা করেছিলাম কেন্দ্রীয় বাজেটে আমাদের বিধিত করা হলেও রাজ্যে সরকারের বাজেটে কিছু সুযোগ না হয়ে। তবে আশ্চর্যজনক ভাবে পশ্চিমবঙ্গ সরকারের ২৫-২৬ সালের আর্থিক বাজেটেও আমাদের ব্যাপারে কোনো সার্থক পদক্ষেপ গ্রহণ না করে আমাদের বিধিত করলো রাজ্যে সরকারও, সেই কারণেই আজকে রাজ্যে বাজেটের প্রতিলিপি পুড়িয়ে আমরা প্রতিবাদে সামিল হয়েছি।

গিয়ান বার সিনড্রোমে মৃত্যু মুর্শিদাবাদের যুবকের

দুরন্ত বার্তা , মুর্শিদাবাদ, ২২ ফেব্রুয়ারি : আবারও গিয়ান বার সিনড্রোমে মৃত্যু রাজ্যে। মৃত্যু হয়েছে এক যুবকের। এই বিরল স্নায়ুরোগে শিকার মুর্শিদাবাদের এক যুবক। হাসপাতাল সুরে জানা গেছে, জি বি সিন্ড্রোম-এ আক্রান্ত হওয়ার পর হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয় ওই যুবকের। জানা গেছে, আরজিকার মেডিক্যাল কলেজে ভর্তি ছিলেন তিনি। মুর্শিদাবাদ জেলার সূতির বাসিন্দা যাইরুল শেখ নামে ওই যুবক। ২২ বছর বয়স। গত ২১ ফেব্রুয়ারি তার মৃত্যু হয়েছে। ৭ দিন ধরে হাসপাতালে চিকিৎসাধীন ছিল সে। গত ১৫ ফেব্রুয়ারিতে ভর্তি করা হয়। তিনি গিয়ান বার সিনড্রোমে আক্রান্ত ছিলেন। তারপর হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয় তার। মূলতঃ জি বি সিনড্রোমেই ভর্তি হয়েছিলেন

আপডেট স্বাস্থ্যভবনকে দিতে হবে। আগে থেকে এই রোগে কীভাবে নির্ণয় করা যায় তা স্নায়ুরোগ বিশেষজ্ঞদের কাজে জানতে চাওয়া হয়েছিল। শিশুদের জন্য ২টি ও বড়দের জন্য ২ বেল ঘনৈ নির্দিষ্ট থাকে। এই রোগের চিকিৎসায় যে ইন্টারভেনাস ইমিউনো গ্লোবিউলিন ইঞ্জেকশন দেওয়া হয় এবং প্রায়মা ফেরোলা ব্যবহার করা হয়। অথবা যেন ওই দুই পদক্ষেপ করা না হয় তা বলে হয়েছিল। যে রোগীর ক্ষেত্রে প্রয়োজন রয়েছে তাকেই যেন ওই গুণ্ধ দেওয়া হয়। আইসিইউকে কাউকে রাখা হলে কীভাবে চিকিৎসা হবে তার একটা প্রটোকল তৈরি করে দেওয়া হয়েছে। এটোকে প্রয়োজনীয় নির্দেশিকা হাসপাতালগুলিতে পাঠিয়ে দেওয়া হয়েছে। যদিও বহুদিন পর ফের মৃত্যুতে আতঙ্কে সকেলেই।

রক্ষার্থে বীর শহিদদের স্মৃতি তর্পন



দায়ী। পুরানো দিনে আমাদের মা - বাবা, আমাদের অতি যত্নে ছোটবেলা থেকেই নানা ঐতিহ্য মেনে মানুষ করেছেন। মাঠে - ঘাটে, বাড - বৃষ্টি মাথায় নিয়ে পুকুর - নদীতে সঁতার কাটা, কাদা পায়ে হাঁটা, জল - কাদায় খেলাধুলা করা কোনোটাইই বাধা দেয়নি। আবার শৈশব থেকেই আমরা গল্পের ছলে রামায়ণ - মহাভারত, ঠাকুরমার ঝুলি, সমাজ সংস্কারের গল্প শুনে এসেছি। শৈশবেই শিশুর মস্তিষ্কে নৈতিকতা, মানবিক - সামাজিক মূল্যবোধের কথা, প্রকৃত মানুষ হওয়ার কথা প্রবেশ করিয়ে দেওয়া হতো। যেমন মিথ্যা কথা না বলা, চুরি না করা, কাউকে কখনো আঘাত না দেওয়া, অন্যায় না করা, অন্যায় কাজের সাথে নিজেকে যুক্ত না করা ও নিজে অন্যায় কাজে লিপ্ত না হওয়া, কোনো আশালীন আচরণ না করা, কাউকে কখনো অসম্মান না করা, কাশিকে ছোট -বড় কথা না বলা ইত্যাদি। বয়স্কদের প্রতি সম্মান প্রদর্শনের শিক্ষা আগে ছোট থেকেই দেওয়া হতো। এসে সঙ্গ তাগ করার কথা বলা হচ্ছে। একশোর্টি অসৎ ছেলের চেয়ে দলজন সৎ ছেলের সঙ্গে মেলামেশা করা অনেক ভালো। এই পরামর্শ দেওয়া হতো শৈশব থেকেই। পিতামাতা, শিক্ষক - শিক্ষিকা গুরুজন। তাদের প্রতি সব সময়ই শ্রদ্ধা ভক্তির করার কথা বলা হতো। আগে সব বাংলা মাধ্যম বিদ্যালয় ছিল। এত মিশনারী স্কুল ছিল না। আগে সংস্কৃত ছিল প্রধান ভাষা। বিভিন্ন স্থানে

সংস্কৃতের টোল বসতো। গাছের তলায় দিবা পড়াশোনা হতো। ব্রিটিশ আসার পরেই ইংরেজি শিক্ষার এত রমরমা হয়। চারিদিকে ছড়িয়ে পড়েছে ইংনারী স্কুল। মিশনারী স্কুলের ইংনারী শিক্ষার দরকার। ইংরেজি অবশ্যই শিখতে হবে বা জানতে হবে। কিন্তু নিজের মাতৃভাষাকে বিসর্জন দিয়ে কেন? সবাই মাতৃ ভাষায় শিক্ষা গ্রহণ করুক। কিন্তু শুধু ইংরেজি বা হিন্দি ভাষা কেন? আজকাল বাবা - মায়ের আদর করে তাদের সন্তান - সন্ততিদের স্কুলে নিয়ে যান। আবার স্কুল থেকে নিয়ে আসেন। সবখানে স্কুল বাস, স্কুলের অন্যান্য বানবাহনের হুড়াহুড়ি। তখন এতো অল্প বয়সের সূচারের রোগী ছিল? তখন অল্প বয়সের এতো হাস্তের রোগী ছিল? একুশে ফেব্রুয়ারি মাতৃভাষা দিবসে সকল সন্তান - সন্ততিদের স্কুলে নিয়ে যান। আবার স্কুল থেকে নিয়ে আসেন। সবখানে স্কুল বাস, স্কুলের অন্যান্য মাতৃভাষা বাংলা তথা বিশ্বের গর্বের ভাষা। এই বাংলা ভাষাতেই বিশ্বকবি নোবেল পুরস্কার পেয়েছেন। এই বাংলা ভাষা শেখা এই বাংলা থেকেই আমরা অনেক মনিষী কে পেয়েছি। কাজেই মাতৃভাষা কে অবহেলা করা মনে সর্বনাশ করা নিজেদের। যে বাবা -মা কষ্ট করে ছেলে মেয়েদের ইংরেজি স্কুলে পাঠাচ্ছেন সেই ছেলে-মেয়ে প্রতিষ্ঠিত হয়ে বিদেশে চলে যাচ্ছে বা ভিন রাজ্যে চলে যাচ্ছে। ফলে বৃদ্ধ বাবা -মা একা একা অনেক কষ্টে দিন কাটাচ্ছেন এমন ছবি অনেক পর পড়ছে। এই কি ইংরেজি শিক্ষার নমুনা? বাংলা মাধ্যমে পড়া হতো - মেয়েরা কিন্তু জীবনে প্রতিষ্ঠিত হয়ে বাবা - মা কে ভুলে যায় না । ‘অগ্রগতি’ সংগঠনের কম্পিউটার সমাজসেবী মুস্তাক আলি মন্ডল এবং সংগঠনের অন্যতম গুরুত্বপূর্ণ কর্মী সমাজসেবী অনুন মন্ডল বলেন, ‘ বর্তমান প্রজন্ম মাতৃভাষার প্রতি উদাসীন। তারা ইংরেজি মাধ্যমে পড়াশোনা করতে বেশি আগ্রহী। বাংলা ভাষা তাদের কাছে ‘দুয়েনারী’ । অবশ্য এক্ষেত্রে এখনকার অভিভাবক - অভিভাবিকারা অনেকাংশেই দায়ী। তারা তাদের সন্তান -সন্ততিদের প্রাথমিক স্তর থেকেই অর্থকরী অর্থাৎ শিক্ষা অর্থ উপার্জন করার এমন শিক্ষা মাধ্যমকে বেছে নিচ্ছেন, প্রকৃত শিক্ষার মাধ্যমে প্রকৃত মানুষ, সুনাগরিক হওয়াকে নয়। ফলে বর্তমান প্রজন্মের ছাত্র -ছাত্রীরা শৈশব কাল থেকেই মাতৃভাষার প্রতিটান অনুভব করে না। আজকের দিনে আমাদের শপথ হোক বাংলা ভাষা উচ্চািরিত হোক বিশ্বের প্রতিটি প্রান্তে।

পূর্বস্থলীর কুল পাড়ি দিচ্ছে কুস্ত মেলায়



কুস্ত মেলায় এই কুলের চাহিদা বাড়ায় অনেকটাই লাভবান হচ্ছে তারা।

নোটিশ
এতদ্বারা অবগতির জন্য জানানো যায় যে, আমরা মক্কেল মানস মাল, রবি মাল জামনবী, জগদমল্লা, বাবুচাঁা, গুড ইংরাজী ১০।০৬।২০২২ ও ০৮।০২।২০২৩ তারিখে বাকুড়া A.D.S.R অফিসের ২০৩৪২৭। ২০২২, ২০০৪৩৮। ২০২৩ নং রেজিস্ট্রিকৃত আমোক্তার নামা দলিল মূলে, নিম্নুক্তির আমোক্তারদ্বয় বাকুড়া জেলার জামবনীর নিমনিয়া ১) শ্রী নিলয় ঘোষাল, পিতা গুরুপ্রসাদ ঘোষাল ২) শ্রী তুহিন ঘোষাল পিতা হিমাংশু ঘোষাল মারফত দিল্লিভিত্তি প্রিন্সিপালগণের মাফক ইহতে যথাক্রমে ১) ছায়া গোশ্বামী ২) সুধাংশু ঘোষাল ৩) হিমাংশু ঘোষাল ৪) চন্দনা ব্রজাকান্তী ৫) অরুণা বান্যাজী ৬) অরুনা বান্যাজী ৭) নমিতা চ্যাট্টাৰ্জী ৮) মিতু ঘোষাল ৯) প্যালে ঘোষাল। আমোক্তার নামা দলিল দ্বারা থানা ও জেলা বাকুড়া এল নং ১৯৩, পাতকান্না মৌজার মধ্যে বর্তমান হাল এল আর মাপের স্বার্থক্রমে ৪৮, ৪৬৪ স্বত্বান্নানভুক্ত স্বার্থক ও হাল ৭১৯ নং দাগে বাইশ শ্রেণীভুক্ত সর্বমোট ০.১৬ একর সম্পত্তি সংশ্লিষ্ট অফিসে কোথাল দলিল মূলে ক্রয় করিনে এবং ক্রয়ের পর আইন ও তার কুল মনিয়া সংশ্লিষ্ট অফিসে রেকর্ড করাইবেন। উক্ত জমিনে কাহারোও কোনো প্রকার আপত্তি থাকিলে উপযুক্ত তথ্য প্রমান লইয়া আগামী ৬০ দিনের মধ্যে বাকুড়া B.L. & L.R.O. -1 অফিসে অভিযোগ জানাইবেন। অভিযেক সৌধুরী আডভোকেট জজ কোর্ট, বাকুড়া Enrol No-F/423/652/2017
আমোক্তারনামা
প্রভাষ হালদার, পিতা- মৃত সুদীল হালদার, সাং- পঞ্চবাটি, পোঃ- অল্লারপাড়া, থানা- সন্ধ্যাপাঞ্জ, জেলা- মুর্শিদাবাদ, অক্টপূর A.D.S.R অফিসে রেজিষ্ট্রিকৃত গড ইং ২০২৩ সালে Book-I 4590, নং আমোক্তার দলিল মূলে ১) সূর্যশন হালদার, ২) সন্ন্যাস হালদার, ৩) নিরঞ্জন হালদার, ৪) ব্রজবাল্য হালদার, ৫) বীনা হালদার, ৬) গীতা হালদার, ৭) অঞ্জনা হালদার ওরফে অঞ্জনা সেনা, আমাকে আমোক্তারের নিমুক্ত করেন। উক্ত আমোক্তার অনুযায়ী রঘুনাথগঞ্জ থানার ১ নং কান্দপুর মৌজাভিত্তি-এল. আর. ১৮৫, ১৬৮ নং দাগের এল. আর. ০৮১৯, ০৮২০, ০৮৩৩, ০৮২১, ০৮১৭, ০৮১৮, ০৮২২, ০৮১৬ নং স্বত্বান্নানের মোট ৯.৫০ শতক সম্পত্তি ইহুত্বেছে। উক্ত সম্পত্তি রেকর্ড হলে বা কোন Dispute থাকিলে বিজ্ঞান প্রকাশ হওয়ার পরবর্তীতে ০০ দিনের মধ্যে B.L. & L.R.O. অফিসে যোগাযোগ করিনে।
গামকো লিমিটেড
(পূর্বে বিসকো ট্রেড এ্যাসোসিয়েটস লিমিটেড নামে পরিচিত) রেজিস্টার্ড অফিস ২৫এ, একশি মুখার্জি রোড, তৃতীয় তলা, ভবনীপুর, কলকাতা ৭০০০২৫ সিআইইন-এল৫০৮৩৩৮১৫১৩৮৫পিকআপ০৫০৫২২ যোগাযোগ করুন ৮০৫০৫৮৫০৬৬ E-Alal-tradevisco@gmail.com; ওয়েবসাইট- www.viscofradeassociates.in

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানির সদস্যদের একটি অতিরিক্ত সাধারণ সভা (ইসিএইন) ১৫ মার্চ, ২০২৫, শনিবার দুপুর ১২.৩০ টায় অনুষ্ঠিত হবেন। বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে উল্লিখিত বাল্য পালিগানার জন্য ডিভিড কন্কারেন্স (ফিসি)অন্য অডিও ভিজুয়াল উপায় (ওডিএফ) এর মাধ্যমে কোম্পানি আইন, ২০১৩ (আইন) এর প্রযোজ্য বিধান অনুসারে, এর অধীনে পিটি নিম্নলিখিত এক কপোর্টে বিবরণ মূলাধার (এমসিপি) ১৯ সেক্টরের, ২০২৪ তারিখের সাধারণ জোয়ার নং ০২২০২৪ তারিখের সাথে পঠিত অন্যান্য পূর্ববর্তী এমসিপি সাধারণ সাক্ষর নং ০২২০২৩ তারিখের ২৫ সেক্টরের, ২০২৩, ১০২০২২ তারিখের ৪৮ ডিসেম্বর, ২০২২, ০২২০২২ তারিখের ১৫ সেক্টর, ২০২২, নং ২০২০২৩ তারিখের ৫ মেন, ২০২০, নং ১১৩২০২১ তারিখের ১৬ এপ্রিল, ২০২১ তারিখের ২০১১ এবং নং ১৪২০২১ (সম্মিলিতভাবে এমসিপি সাক্ষর নং পরিচিত) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) এর সাক্ষর নং SEB HOCFDCFD-POD-১PCIR-২০১৪৩৩ তারিখের ৫৩৭ অক্টবর, ২০২৪ তারিখের মাধ্যমে, এই বিধিতে সেরি কর্তৃক করা পূর্ববর্তী সাক্ষরগুলির সাথে সম্মিলিতভাবে সেই সাক্ষর নামে পরিচিত) সদস্যদের একটি সাধারণ বাৎসরিক উপস্থিতি ছাড়াই-এমসিপি সাক্ষর এবং সেই সাক্ষরকারের পরিসংক্ষেপে, কোম্পানিটি কোম্পানি আইন ১৯৫৬ এর নোটিশ, অন্যান্য বিধিরে সাথে, তুলনামূলক (ব্যবস্থাপনা ও প্রশাসন) বিবির দ্বারা ১০২(১) এবং ধারা ১১০ এবং বিধি ২২ অনুসারে সাধারণতঃ পরিচালিত, সাক্ষর, ২১শে ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে ইলেকট্রনিক মােদে সাধারণ কোম্পানির সেই সদস্যদের কার্যাবলি সম্পন্ন করছে যাদের ই-মেইল চিঠিনা কোম্পানি রেজিষ্ট্রার এবং শেয়ার রেজিস্ট্রারের সাথে নির্বাচিত। একেট (আরওএ) অথবা ডিজিটালটর অ্যাপ্রোভেশন।) উপরে উল্লিখিত এমসিপিএন এবং সেই সাক্ষর অনুসারে ইলিজিএম-এর নোটিশে প্রকৃত কপি পাঠানোর প্রয়োজনীয়তা বাতিল করা হয়েছে। ইলিজিএম-এর নোটিশটি কোম্পানির ওয়েবসাইট www.viscofradeassociates.in/ এবং স্টক এক্সচেঞ্জে ওয়েবসাইট www.bseindia.com এবং CDSL এর ওয়েবসাইট www.cdslindia.com এ পাওয়া যাবে। কোম্পানি আইন, ২০১৩ এবং ধারা ১০৮ এবং কোম্পানি (ব্যবস্থাপনা ও প্রশাসন) বিধি, ২০১৪ এর নিম্নম ২০, যা মাসের মধ্যে সশোভিত হয়েছে এবং সেই(প্রাতিষ্ঠানিক ব্যবস্থাকতা এবং ডিজিটাল প্রয়োজনীয়তা, ২০১৫) এর ৪৪ নং প্রবিধান অনুসারে, কোম্পানিটি তাদের সদস্যদের EOGM-এর সন্দেহের ক্ষেত্রে মোটে পাঁচের এবং বাল্যের মধ্যে মধ্যে CDSL-এর মাধ্যমে ই-ভোটিং সুবিধা প্রদান করতে পেরে কান্দনিক। EOGM-এরমোট ই-ভোটিং ই-ভোটিংয়ের পরিধিতর প্রক্রিয়া সভার নোটিশে ব্যাখ্যা যাবে। যে কোনও ব্যক্তি, যার নাম কাট-অফ ডে, শনিবার, ৮ই মার্চ, ২০২৫ তারিখে ডিজিটালটর দ্বারা রক্ষিত সদস্যদের সুবিধাগুলি মালিকদের নিবেদনে প্রদর্শন হয়, তিনি EOGM-এ রিমেট ই-ভোটিং বা ই-ভোটিং এর মাধ্যমে ভোট দিয়েছেন অধিকারী হবেন।এই নোটিশ প্রচারের তারিখ থেকে তারিখ পর্যন্ত নোটিশ এবং ব্যাখ্যামূলক বিবৃতি ইলেকট্রনিক মােডে পরিচালনের জন্য উপলব্ধ থাকবে। EOGM সদস্যদের অনুমোদন করা হচ্ছে যে তারা উক্ত নথিগুলি পরিচালনের জন্য ইলিজিএম-এর নোটিশে উল্লিখিত কোম্পানির আইন ২০১৩-এর মতো।

রিমেট ই-ভোটিং শুদ্ধার তারিখ এবং সময়	সুধার, ১৫ মার্চ, ২০২৫, সকাল ৯.৩০ টা (IST) থেকে
রিমেট ই-ভোটিং শেষের তারিখ এবং সময়	শুক্রবার, ১৫ মার্চ, ২০২৫,বিকাল ৫.০০ টা পর্যন্ত (IST)

রিমেট ই-ভোটিং মডিউলটি পরবর্তীতে ডাটাদানের জন্য সিডিএফসল কর্তৃক নিষ্কৃত করা হবে। প্রাসিককাইই অনুসারে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে ডাটাদানের ফলাফল ঘোষণা করা হবে এবং কোম্পানির ওয়েবসাইটেও পোস্ট করা হবে। সদস্যরা মনে রাখবেন যে (ক) ডিজিটেলরাইজিঙ মোডে শেয়ারধারী সদস্যদের দ্বারা, ডিজিটাল মোডে এবং ইসিজিএমের নোটিশে প্রদত্ত ইমেইল চিঠিনা নির্বাচিত না করা সদস্যদের জন্য ইলিজিএমে রিমেট ই-ভোটিং এবং ই-ভোটিং পদ্ধতি। খ. ডিপিওএডিআইএম সুবিধার মাধ্যমে ইলিজিএম উপস্থিত সদস্যদের জন্য ই-ইজিএমের সমস্ত ডাটাদানের সুবিধা উপলব্ধ করা হবে, যারা রিমেট ই-ভোটিং এর মাধ্যমে কোম্পানির তারের ভোট নোনি এবং অন্যান্য তা করতে বাধ্যপ্রাপ্ত নন। গ. EOGM-এর আগে যারা রিমেট ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দিয়েছেন তারা EOGM-এ যোগ দিতে পারবেন কিন্তু পুনরায় ভোট দেওয়ার অধিকারী হবেন না। যেকোনো ব্যক্তি, যিনি নোটিশ প্রেরণের পর কোম্পানির শেয়ার অর্জন করেন এবং কাট-অফ তারিখ অর্থাৎ শনিবার, ৮ই মার্চ, ২০২৫ তারিখে শেয়ার ধারণ করেন, তিনি helpdesk.evotingindia.com চিঠিনার অনুমোদন পাঠিয়ে ইউজার অক্টিভ এবং পাসওয়ার্ড পেতে পারেন। তবে, মিল সিস্টা ইতিমধ্যেই রিমেট ই-ভোটিং এবং EOGM-এ নির্বাচিত থাকেন, তাহলে ভোট দেওয়ার জন্য বিদ্যমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করা যেতে পারে। ইলিজিএম চলারালীন রিমেট ই-ভোটিং প্রক্রিয়া এবং ভোটদান স্টপ্ট ও স্বচ্ছভাবে যাচাই-বাছাই করার জন্য প্রাকটিক্যাল কোম্পানি সেক্রেটারি (সদস্যপদ নং স্ব২৫০১ এবং সিপি নং ১৩২১), মিঃ বা লাল পাঠিয়ে স্ক্রিনিটগ্রাফ হিসেবে নিমুক্ত করা হয়েছে। এর রিমেট কোম্পানির ওয়েবসাইট www.viscofradeassociates.in এবং সিডিএফসলের ওয়েবসাইট www.evotingindia.com এ পোস্ট করা হবে। কোম্পানির পক্ষ থেকে ফলাফল স্টক এক্সচেঞ্জে পাঠানো হবে।এই ইলিজিএ

